# বার্ষিক প্রতিবেদন

## ২০২২–২০২৩

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
Ministry of Youth & Sports

# বার্ষিক প্রতিবেদন

## ২০২২–২০২৩



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
Ministry of Youth & Sports

## উপদেষ্টা

**মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি**
মাননীয় প্রতিমন্ত্রী

## সার্বিক তত্ত্বাবধান

**ড. মহিউদ্দীন আহমেদ**
সচিব

## সম্পাদনা

**মোঃ মোস্তফা কামাল মজুমদার**
অতিরিক্ত সচিব (প্রশাসন)

**মোহাম্মদ সানাউল হক**
যুগ্মসচিব (ক্রীড়া-১ অধিশাখা)

**কাজী মোখলেছুর রহমান**
যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)

**মোহাম্মদ রেজাউল করিম**
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)

**মোহাঃ লিয়াকত আলী**
যুগ্মসচিব (যুব-২ অধিশাখা)

**মোঃ ফজলে এলাহী**
উপসচিব (ক্রীড়া -২ অধিশাখা)

**মোহাম্মদ রুবায়েত খান**
উপসচিব (বাজেট ও এপিএ শাখা)

**মোঃ রবিউল ইসলাম**
উপসচিব (যুব-১ শাখা)

**উম্মে ইসরাত**
উপসচিব (পরিকল্পনা-২)

**দীপ্তিময়ী জামান**
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা)

**কাজী আরিফ বিল্লাহ**
জনসংযোগ কর্মকর্তা

**মোঃ রাশেদ ভূঁইয়া**
প্রোগ্রামার

# বার্ষিক প্রতিবেদন

২০২২–২০২৩


**সহযোগিতায়** : **মোঃ মোস্তফা কামাল মজুমদার**
অতিরিক্ত সচিব (প্রশাসন)
**মোহাম্মদ রেজাউল করিম**
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
**মোঃ লোকমান হোসাইন**
প্রশাসনিক কর্মকর্তা
**মোঃ মামুনুর রশীদ**
প্রশাসনিক কর্মকর্তা

**আলোকচিত্র** : **মোঃ লুৎফর রহমান**

**প্রচ্ছদ ও অলংকরণ** : **আবুল বাশার চৌধুরী**
গ্রাফিক্স ডিজাইনার

**নিরীক্ষণ** : **অর্ফিয়াস ইকবাল**
মেঠোপথ কমিউনিকেশন

**কম্পোজ** : **মোঃ আজিজুল হক**
সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর

**প্রকাশকাল** : **০১ অক্টোবর, ২০২৩**

**প্রকাশনায়** : **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.moysports.gov.bd

**মুদ্রণ মাধ্যম** : **মেঠোপথ কমিউনিকেশন - ওমাসিস প্রিন্টার্স**
শাওন টাওয়ার, ২/সি (৭ম তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০
+৮৮ ০১৭১৭-৭৮৭৮৬৭



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



**মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি**
প্রতিমন্ত্রী
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি স্বাগত জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ চাই"। এই সোনার মানুষই হল দেশের যুবসমাজ। জাতীয় উন্নয়নে যুব শক্তির গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়টি বিবেচনায় নিয়ে স্বাধীনতার অব্যবহিত পরেই জাতির পিতা যুবদের কল্যাণে নানা পদক্ষেপ গ্রহণ করেছিলেন। এ ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ দিকনির্দেশনায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় দেশের যুব ও ক্রীড়ার উন্নয়নে সময়োপযোগী ও কার্যকর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

দেশের যুবসমাজকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে দেশব্যাপি বিভিন্ন প্রকল্প ও যুববান্ধব কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। যুব কল্যাণ তহবিল থেকে ২০২২-২৩ অর্থবছরে দেশব্যাপী ৯০০টি যুব সংগঠনকে ৩ কোটি ৬৭ লাখ টাকা প্রদান করা হয়েছে। এছাড়া বিশ্বব্যাংকের অর্থায়নে NEET জনসংখ্যাকে কমিয়ে আনার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ঊঅজঘ প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৫ বছর মেয়াদি এ প্রকল্পে প্রায় ৩ হাজার ৪ শত কোটি টাকা ব্যয়ে ৯ লক্ষ NEET জনগোষ্ঠীকে প্রশিক্ষণ ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে। গত ২৬শে জুন ২০২৩ তারিখের একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী এ প্রকল্পের সদয় অনুমোদন দিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি অশেষ কৃতজ্ঞতা জানাচ্ছি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেল। দেশের মানুষের প্রতি তার অকৃত্রিম ভালোবাসা, মমত্ববোধ আর ইস্পাতকঠিন দেশপ্রেম এ দেশের তরুণ সমাজের জন্য অফুরন্ত প্রেরণার উৎস। মাননীয় প্রধানমন্ত্রীর এই অনুপ্রেরণা তরুণদের মাঝে ছড়িয়ে দিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রতিবছর "শেখ হাসিনা ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" প্রদান করছে।

জাতির পিতার সুযোগ্য কণ্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সফল নেতৃত্বে বাংলাদেশ ক্রীড়া ক্ষেত্রে অপ্রতিরোধ্যে গতিতে এগিয়ে যাচ্ছে। ২০২২ সালের ১৯ সেপ্টেম্বর সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে স্বাগতিক নেপালকে হারিয়ে প্রথম বারের মত বাংলাদেশ নারী ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বাংলাদেশ ক্রিকেট দল দক্ষিণ আফ্রিকার বিপক্ষে দক্ষিণ আফ্রিকার মাটিতে ঐতিহাসিক সিরিজ জয়লাভ করে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী ফাউন্ডেশনের উদ্যোগে প্রথমবারের মতো বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রবর্তন করা হয়েছে। এ মন্ত্রণালয় প্রতিবছর বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ সফলভাবে আয়োজন করে চলেছে। এছাড়া বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্ট চ্যাম্পিয়নশীপ এবং বঙ্গবন্ধু আন্তঃ কলেজ ফুটবল টুর্নামেন্ট আয়োজিত হচ্ছে। গত অর্থবছরে ১৬শত ৫০ কোটি টাকা ব্যয়ে ১৮৬টি শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়া আরো ১৭৩টি স্টেডিয়াম নির্মাণের ডিপিপি প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। আধুনিক ক্রীড়া ও সংস্কৃতি আন্দোলনের পথিকৃৎ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর অবদানকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে ক্রীড়ার বিভিন্ন ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রতিবছর 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার' প্রদান করা হচ্ছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচীর সফল বাস্তবায়ন সন্নিবেশিত করে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে যা সরকারি পরিকল্পনা বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে গুরত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সকল প্রকার কর্মকাণ্ডের তথ্য এ প্রকাশনায় সন্নিবেশিত থাকায় দেশের যুবসমাজের সেবা প্রাপ্তি সহজ হবে যা দেশের সার্বিক উন্নয়ন তরান্বিত করবে।

পরিশেষে, এ প্রতিবেদন সংকলন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি



**ড. মহিউদ্দীন আহমেদ**
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রতিবেদন থেকে ২০২২-২৩ অর্থবছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি, উন্নয়নমূলক নানা কর্মযজ্ঞ এবং মন্ত্রণালয়ের বিভিন্ন অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করা সম্ভব হবে।

বর্তমান সরকারের রূপকল্প ২০৪১ এবং নির্বাচনী ইশতেহারে 'তারুণ্যের শক্তি, বাংলাদেশের সমৃদ্ধি' এ প্রতিপাদ্যকে ধারণ করে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন ও ২০৪১ সালের মধ্যে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের লক্ষ্যে যুবদের মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতাবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকমুক্ত সমাজ গঠনে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে।

যুব সমাজকে দক্ষ মানব সম্পদে রূপান্তরের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে তথ্য প্রযুক্তিসহ বিভিন্ন কারিগরি, বৃত্তিমূলক এবং কৃষিভিত্তিক বহুমুখী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ অধিদপ্তর কর্তৃক প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত ৬৯ লক্ষের অধিক যুবকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে প্রায় ২৪ লক্ষ যুব আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। এ পর্যন্ত প্রায় ১১ লক্ষ যুবকে ২ হাজার ৫০০ কোটি টাকার যুব ঋণ সুবিধা দেওয়া হয়েছে। ঋণ সহায়তা বাড়াতে যুব উন্নয়ন অধিদপ্তর ইতোমধ্যে একাধিক ব্যাংকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। যুব কল্যাণ তহবিল হতে এ পর্যন্ত ১০ হাজার ৬৬৮টি যুব সংগঠনকে ২৭ কোটি ১৭ লক্ষ ০৫ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট দেশের সম্ভাবনাময় যুবদের ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকাণ্ডে বৃহৎ পরিসরে যুবদের নিয়োজিত করার জন্য গবেষণা, উচ্চ শিক্ষা, ডিপ্লোমা কোর্স ও প্রশিক্ষণ প্রদান করছে। সরকার যুবদের উন্নয়নের জন্যে জাতীয় যুবনীতি-২০১৭ প্রণয়ন করেছে এবং সময়াবদ্ধ পরিকল্পনার মাধ্যমে অগ্রযাত্রা অব্যাহত রেখেছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় দেশের ক্রীড়াঙ্গনকে এগিয়ে নিতে তৃণমূল পর্যায়ে শিশু কিশোর ও তরুণদের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে ক্রীড়া সচেতনতা তৈরি এবং উন্নত প্রশিক্ষণের দ্বারা দক্ষ খেলোয়াড় সৃষ্টির মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে ক্রীড়ার উৎকর্ষ সাধনে অত্যন্ত সফলতার সাথে কাজ করে যাচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদ দেশের ৫৩ টি ক্রীড়া ফেডারেশন ও এসোসিয়েশনের তত্ত্বাবধান এবং ক্রীড়ার মান উন্নয়নে কাজ করছে। ক্রীড়া পরিদপ্তর তৃণমূল পর্যায়ে দেশের শিশু-কিশোর ও তরুণ-তরুণীদের খেলাধুলায় উদ্বুদ্ধ করে ক্রীড়ার সার্বিক মানোন্নয়নে কার্যক্রম পরিচালনা করছে। সাভারে প্রতিষ্ঠিত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) দেশের ক্রীড়া শিক্ষা এবং খেলোয়াড় তৈরিতে অনন্য অবদান রেখে চলছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন অসচ্ছল ক্রীড়াবিদদের সহায়তা করে আসছে।

আমি আশা করি, এ প্রতিবেদনের মাধ্যমে একদিকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করা সম্ভব হবে, অন্যদিকে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত নানা কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে।

এ প্রতিবেদন প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

ড. মহিউদ্দীন আহমেদ

# ভূমিকা

ইতিহাসের মহানায়ক সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে রক্তক্ষয়ী সংগ্রাম এবং মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। স্বাধীনতা সংগ্রামসহ জাতীয় ইতিহাসের সকল মহৎ অর্জনের সক্রিয় সৈনিক হচ্ছে আমাদের যুবসমাজ। স্বাধীনতার পরে বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশটির পুনর্গঠনে আত্মনিয়োগ করেন। স্বাধীনতার অব্যবহিত পরেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ গড়ার সূচনালগ্নে যুবদের কর্মসংস্থানের উপর গুরুত্ব আরোপ করেন। যুবদের আত্মনির্ভরশীল, দায়িত্ববান, সুসংগঠিত, প্রতিশ্রুতিশীল, উৎপাদনমুখী ও দক্ষ জনশক্তিতে রূপান্তর করে তাদেরকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে জাতির পিতা বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছিলেন।

জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১৯৯৬-২০০১ মেয়াদের শাসনামলে যুবসমাজকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করতে দেশব্যাপী নানা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। পরবর্তীতে ২০০৯ সালে সরকার গঠনের পর থেকে বর্তমান সময় পর্যন্ত যুবসমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করার লক্ষ্যে তথ্য প্রযুক্তিসহ বিভিন্ন কারিগরি, বৃত্তিমূলক এবং কৃষিভিত্তিক বহুমুখী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। একইসাথে ৪র্থ শিল্প বিপ্লব উপযোগী প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত হয়েছে।

বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশ আজ এক আশা জাগানিয়া নাম। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ক্রীড়াক্ষেত্রে একের পর এক সাফল্যের ইতিহাস রচিত হচ্ছে। আর এ সাফল্যের স্বপ্নযাত্রা শুরু হয়েছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে। দেশ স্বাধীনের পরপরই তিনি যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে ক্রীড়াঙ্গনের উন্নয়নে এক মহাপরিকল্পনা গ্রহণ করেছিলেন। বঙ্গবন্ধুর হাতেই প্রতিষ্ঠা পায় ফুটবল, ক্রিকেট, হকি, এ্যাথলেটিক্সসহ ২২টি ক্রীড়া ফেডারেশন। বঙ্গবন্ধুই প্রতিষ্ঠা করেন জাতীয় ক্রীড়া পরিষদ ও 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন'।

বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল বাংলাদেশ একদিন ফুটবল ক্রিকেটসহ সকল খেলায় বিশ্বচ্যাম্পিয়ন হয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের জন্যে গৌরব বয়ে নিয়ে আসবে। বঙ্গবন্ধুর সেই স্বপ্ন পূরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সফল নেতৃত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নিরলস কাজ করে চলেছে। বিগত কয়েক বছরে বাংলাদেশের ক্রীড়াবিদগণ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খেলাধুলায় ও বিভিন্ন প্রতিযোগিতায় ধারাবাহিকভাবে সাফল্যের নিদর্শন রেখে চলেছে। মুজিব শতবর্ষে আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে জুনিয়র টাইগারদের বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার গৌরব মুজিববর্ষের সেরা উপহার। তাছাড়া, নেপালে অনুষ্ঠিত ২০১৯ সালের এস এ গেম্‌সে বাংলাদেশ ১৯টি স্বর্ণপদকসহ ১৩৭টি পদক জয়ের মাধ্যমে ইতিহাস সৃষ্টি করেছে। আমাদের মেয়েরা ফুটবলে সাফ চ্যাম্পিয়ন হওয়ার অবিস্মরণীয় গৌরব অর্জন করেছে।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) বিশ্বমানের ক্রীড়াবিদ গড়ার সূতিকাগার হিসেবে পরিচিতি পেয়েছে। জাতির পিতার জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ২১৫ টি ইভেন্ট সফলভাবে আয়োজন করেছে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণ করার লক্ষ্যে ২০১৮ সাল হতে জাতির পিতার নামে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট অনূর্ধ্ব ১৭ এবং ২০১৯ সাল হতে বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট সফলভাবে আয়োজন করা হচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে দেশের প্রতিটি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কার্যক্রম দ্রুততার সাথে এগিয়ে চলেছে। দেশের ৩৩ টি জেলায় ইনডোর স্টেডিয়াম নির্মাণ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। জাতীয় সংসদের পাশে প্রতিবন্ধীদের জন্যে খেলার মাঠ ও বিভিন্ন ক্রীড়া স্থাপনা নির্মাণ করা হচ্ছে। এছাড়া জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার প্রবর্তন করা হয়েছে। ইতোমধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়াভাতাও চালু করা হয়েছে। যুবসমাজ ও ক্রীড়াসেবীদের জন্যে এসব জনবান্ধব কর্মযজ্ঞ বর্তমান গণতান্ত্রিক সরকারের বিশাল অবদান নিঃসন্দেহে। রূপকল্প ২০২১ বাস্তবায়নের মাধ্যমে ইতোমধ্যে বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০ এর লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত রাষ্ট্রের কাতারে শামিল হবে মর্মে আমরা বিশ্বাস করি। বর্তমান জনবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে উন্নয়ন অভিযাত্রায় বাংলাদেশ আজ অপ্রতিরোধ্য।

# সম্পাদনা পর্ষদ



**মোঃ মোস্তফা কামাল মজুমদার**
অতিরিক্ত সচিব (প্রশাসন)



**মোহাম্মদ সানাউল হক**
যুগ্মসচিব (ক্রীড়া-১ অধিশাখা)



**কাজী মোখলেছুর রহমান**
যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)



**মোহাম্মদ রেজাউল করিম**
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)



**মোহাঃ লিয়াকত আলী**
যুগ্মসচিব (যুব-২ অধিশাখা)



**মোঃ ফজলে এলাহী**
উপসচিব (ক্রীড়া -২ অধিশাখা)



**মোহাম্মদ রুবায়েত খান**
উপসচিব (বাজেট ও এপিএ শাখা)



**মোঃ রবিউল ইসলাম**
উপসচিব (যুব-১ শাখা)



**উম্মে ইসরাত**
উপসচিব (পরিকল্পনা-২)



**দীপ্তিময়ী জামান**
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা)



**কাজী আরিফ বিল্লাহ**
জনসংযোগ কর্মকর্তা



**মোঃ রাশেদ ভূঁইয়া**
প্রোগ্রামার

# সূচিপত্র


| | |
|---|---|
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১১ |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ৫৬ |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ৮৭ |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ১০০ |
| ক্রীড়া পরিদপ্তর | ১৫৩ |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ১৬১ |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ১৮৩ |

# প্রথম অধ্যায়

## মন্ত্রণালয় পরিচিতি




**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
ভবন নং-৭, লেভেল নং-৫, বাংলাদেশ সচিবালয়, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোন: +৮৮ ০২-৯৫১৩৩৬, ফ্যাক্স: +৮৮ ০২-৯৫১৪৪০৮
ই-মেইল: js.admin@moysports.gov.bd, pstosec@moysports.gov.bd

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

১৯৭৮ সালের ডিসেম্বর মাসে বিশেষ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে যুব উন্নয়ন মন্ত্রণালয়ের সৃষ্টি হয়। ১৯৮২ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয়কে বিলুপ্ত করে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে যুব উন্নয়ন বিভাগ সৃষ্টি করা হয়। পরবর্তীতে ১৯৮৪ সালে ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের ক্রীড়া অংশ এবং শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের যুব উন্নয়ন বিভাগকে একীভূত করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নামে একটি স্বতন্ত্র মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়।



## ভিশন

জাতীয় উন্নয়নে দক্ষ যুবশক্তি এবং সুস্বাস্থ্য ও বিনোদনের জন্যে ক্রীড়া।



## মিশন

প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও উৎপাদনশীল যুবসমাজ গঠন এবং ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উৎকর্ষ সাধন।

## Rules of Business, 1996 এর Schedule-1 (Allocation of Business among the different Ministries and Divisions) অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বাবলী:

- যুবদের কল্যাণ, প্রশিক্ষণ ও উন্নয়নবিষয়ক কার্যাদি;
- স্বেচ্ছামূলক উন্নয়ন কাজে যুবদের অংশগ্রহণ উৎসাহিত করা;
- যুবদের কল্যাণের জন্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন;
- নির্দিষ্ট প্রকল্পের জন্যে অর্থমঞ্জুরি;
- যুব পুরস্কার প্রদান;
- যুবদেরকে দায়িত্বশীল, আত্মবিশ্বাসী করে গড়ে তোলা এবং অন্যান্য মানবিক গুণাবলি অর্জনে উৎসাহ প্রদানের জন্যে কর্মসূচি গ্রহণ;
- যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ;
- বেকার যুবদের জন্যে কর্মসংস্থানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
- বিভিন্ন প্রকার খেলাধুলা ও ক্রীড়া উন্নয়নের জন্যে কার্যক্রম গ্রহণ;
- জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান;
- ক্রীড়ার জন্যে আন্তর্জাতিক সংস্থাসমূহ হতে অনুদানের ব্যবস্থাকরণ;
- বিভিন্ন ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান;
- ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক সংস্থা ও আন্তর্জাতিক অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের ব্যবস্থাকরণ;
- ক্রীড়াক্ষেত্রে অবদানের জন্যে পুরস্কার প্রদান;
- জাতীয় ও আন্তর্জাতিক খেলাধুলায় অংশগ্রহণের ব্যবস্থাকরণ;
- ক্রীড়াবিষয়ক প্রকাশনার উন্নয়ন;
- ক্রীড়াবিষয়ক জাতীয় সংস্থাসমূহের উন্নয়ন;
- অন্যান্য দেশের সাথে ক্রীড়াদল বিনিময় ;
- ক্রীড়াবিদদের কল্যাণ অনুদান প্রদান;
- মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার আর্থিক বিষয়সহ প্রশাসন ও নিয়ন্ত্রণ;
- বিভিন্ন দেশ এবং বিশ্ব সংস্থার সাথে মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন চুক্তি সম্পাদন ও যোগাযোগ রক্ষা;
- মন্ত্রণালয়ে ন্যস্ত বিষয়সমূহ সম্পর্কিত সকল আইন;
- মন্ত্রণালয় সম্পর্কিত সকল পরিসংখ্যান ও অনুসন্ধান;
- উপযুক্ত আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে অর্থ আদায়, মন্ত্রণালয় সম্পর্কিত নন ট্যাক্স রেভিনিউ বা কর ব্যতীত রাজস্ব আদায় করা।

# ২০০৯ থেকে প্রণীত আইন, বিধি ও নীতিমালা

০১. বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১
০২. যুব উন্নয়ন অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২
০৩. যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০১৫
০৪. ক্ষুদ্র ঋণ কার্য নির্দেশিকা, ২০১৫
০৫. যুব কল্যাণ তহবিল আইন, ২০১৬
০৬. ক্রীড়া সামগ্রী বিতরণ নীতিমালা, ২০১৬
০৭. জাতীয় যুবনীতি, ২০১৭
০৮. যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭
০৯. শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮
১০. জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮
১১. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০২০
১২. যুব উদ্যোক্তা ঋণ বিতরণ নির্দেশিকা, ২০২০
১৩. জাতীয় যুব কাউন্সিল বিধিমালা, ২০২১
১৪. শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার নীতিমালা, ২০২১
১৫. যুব প্রশিক্ষণ নীতিমালা, ২০২২
১৬. যুব উদ্যোক্তা নীতিমালা, ২০২২
১৭. ক্রীড়া পরিদপ্তর এবং শারিরীক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২
১৮. শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড নীতিমালা, ২০২২
১৯. জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত), ২০২৩

**২০০৯ হতে ২০২৩ পর্যন্ত পদ সৃজন ও জনবল নিয়োগের কার্যক্রম:**

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | বিভিন্ন ক্যাটাগরির সৃজনকৃত মোট পদ | বিভিন্ন ক্যাটাগরির নিয়োগকৃত মোট পদ |
|---|---|---|---|
| ১ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১৯টি | ৫৭টি |
| ২ | জাতীয় ক্রীড়া পরিষদ | ৩০টি | ১১টি |
| ৩ | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) | ১৬৬টি | ১৯৫টি |
| ৪ | ক্রীড়া পরিদপ্তর | ১২টি | ২১৫টি |
| ৫ | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ৪৫টি | ৩৭টি |
| ৬ | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ০১ টি | ০১ টি |

**যুব উন্নয়ন অধিদপ্তর**

| দপ্তর/সংস্থার নাম | বিভিন্ন উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরকৃত মোট পদ | নিয়মিতকরণকৃত বিভিন্ন ক্যাটাগরির মোট পদ | স্থায়ীকরণকৃত বিভিন্ন ক্যাটাগরির মোট পদ | বিভিন্ন ক্যাটাগরির সৃজনকৃত মোট পদ | আপগ্রেডকৃত মোট পদ |
|---|---|---|---|---|---|
| যুব উন্নয়ন অধিদপ্তর | ১১৮০ টি | ২৯৭৬ টি | ৩৮২৬ টি | ১৩৮৮টি | ৫০৫ টি (মহাপরিচালক-০১টি গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীত এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-৫০৪টি, গ্রেড-১০ থেকে গ্রেড-৯ এ উন্নীত করা হয়েছে) |

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সার্বিক দায়িত্বে রয়েছেন মাননীয় প্রতিমন্ত্রী। সচিব প্রশাসনিক প্রধান হিসেবে মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের কার্যাদি সংশ্লিষ্ট প্রযোজ্য আইন/বিধি/নির্দেশ অনুযায়ী কাজ নিম্পন্ন/নিশ্চিত করার দায়িত্বপ্রাপ্ত। তাছাড়া, প্রিন্সিপাল একাউন্টিং অফিসার হিসেবে সচিবের উপর মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ব্যয়ের যথার্থতা নিশ্চিতকরণের দায়িত্ব ন্যস্ত রয়েছে।

এই মন্ত্রণালয়ের কাজের সুবিধার্থে অভ্যন্তরীণভাবে মোট ০৬টি অনুবিভাগের (প্রশাসন, যুব, ক্রীড়া-১, ক্রীড়া-২, উন্নয়ন অনুবিভাগ এবং সমন্বয় ও আইন অনুবিভাগ) মাধ্যমে দাপ্তরিক কার্যাদি সম্পাদন করা হচ্ছে। বর্তমানে ০৩ জন অতিরিক্ত সচিব ও ০৫ জন যুগ্মসচিব মন্ত্রণালয়ের বিভিন্ন অধিশাখা/শাখাসমূহের কাজের সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয় করছেন। উক্ত ০৬ টি অনুবিভাগের অধীনে রয়েছে ১৬টি শাখা। প্রতিটি অধিশাখার দায়িত্বে একজন যুগ্মসচিব/উপসচিব এবং শাখার দায়িত্বে- উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব রয়েছেন। অনুমোদিত জনবল অনুযায়ী এ মন্ত্রণালয়ে ১ম থেকে ৯ম গ্রেডের ২৭ জন, ১০ম গ্রেডের ২১ জন, ১১ থেকে ১৬ তম গ্রেডের ২৩ জন এবং ১৭ থেকে ২০ তম গ্রেডে ২৩ জন কর্মচারী রয়েছে।

## প্রথম থেকে নবম গ্রেডভুক্ত কর্মকর্তাগণের বিবরণ

| ক্রমিক নং | পদবি | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরতদের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | সচিব | ১ | ১ |
| ২ | অতিরিক্ত সচিব | ১ | ২ |
| ৩ | যুগ্মসচিব | ২ | ৬ |
| ৪ | উপসচিব | ৪ | ১৩ |
| ৫ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | ১৪ | ৮ |
| ৬ | সিস্টেম এনালিস্ট | ১ | ০ |
| ৭ | প্রোগ্রামার | ১ | ১ |
| ৮ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ | ১ |
| ৯ | সহকারী প্রোগ্রামার | ১ | ১ |
| ১০ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রোকৌশলী | ১ | ০ |
| | মোট = | ২৭ জন | ৩৩ জন |


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের হালনাগাদ (updated) সাংগঠনিক কাঠামো (প্রস্তাবিত)
সচিব
প্রশাসন অনুবিভাগ
যুব অনুবিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ
সমন্বয় ও আইন অনুবিভাগ
ক্রীড়া অনুবিভাগ
যানবাহন/অফিস সরঞ্জামাদি ঃ
জনবল সারসংক্ষেপ ঃ

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০০৮-২০০৯ হতে ২০২১-২০২২ অর্থবছরের বাজেট

(অঙ্কসমূহ হাজার টাকায়)

| অর্থবছর | | পরিচালন | উন্নয়ন | মোট |
|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | বাজেট | ১৪৫৮৯১৮ | ৩২৫৩০০ | ১৭৮৪২১৮ |
| ২০০৯-২০১০ | বাজেট | ১৫০৮৪৬০ | ১২২৭৫৭৪ | ২৭৩৬০৩৪ |
| ২০১০-২০১১ | বাজেট | ৩৭৩৯৬৬৪ | ৩০১৩০৮১ | ৬৭৫২৭৪৫ |
| ২০১১-২০১২ | বাজেট | ৪৯১৪৯৮৪ | ১২০৫৭০০ | ৬১২০৬৮৪ |
| ২০১২-২০১৩ | বাজেট | ৫৫১৮৮১৭ | ২৪০৩৭০০ | ৭৯২২৫১৭ |
| ২০১৩-২০১৪ | বাজেট | ৫১৬৩৪৩৭ | ৩১৩৯৮০০ | ৮৩০৩২৩৭ |
| ২০১৪-২০১৫ | বাজেট | ৫০১৫৮৩২ | ২৬৫৪৩০০ | ৭৬৭০১৩২ |
| ২০১৫-২০১৬ | বাজেট | ৫৫৫২৫৬৪ | ২৫২৬২০০ | ৮০৭৮৭৬৪ |
| ২০১৬-২০১৭ | বাজেট | ৬৮৯৮৫৯৯ | ২৬৯০১০০ | ৯৫৮৮৬৯৯ |
| ২০১৭-২০১৮ | বাজেট | ৯৬৪৬২২৬ | ২২৫৮৬০০ | ১১৯০৪৮২৬ |
| ২০১৮-২০১৯ | বাজেট | ১১৯৯৩০১৭ | ৩১৯৯২০০ | ১৫১৯২২১৭ |
| ২০১৯-২০২০ | বাজেট | ১৩০১২৭৮৪ | ১৫৫২৯০০ | ১৪৫৬৫৬৮৪ |
| ২০২০-২০২১ | বাজেট | ১২৪৫৬৪০০ | ২৩৩২৯০০ | ১৪৭৮৯৩০০ |
| ২০২১-২০২২ | বাজেট | ৮০৪৯৯৬২ | ৪৫৯১৭০০ | ১২৬৪১৬৬২ |
| ২০২২-২০২৩ | বাজেট | ৮৪৭৯০৪৯ | ৭৮৬৫০০০ | ১৬৩৪৪০৪৯ |

## পরিচালন বরাদ্দ




## উন্নয়ন বরাদ্দ



# ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অর্জন

কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | অর্জন | স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| [১.১] যুবদের জন্যে প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.১.১] প্রশিক্ষিত যুব | সংখ্যা (জন) | ২ | ১৪৫৯৪০ | ১৪৬০৬৩ | ২ |
| [১.২] প্রকল্পের আওতাধীন প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষণ | [১.২.১] প্রশিক্ষিত যুব | সংখ্যা (জন) | ২ | ২২৮০০ | ২৪১৬৪ | ২ |
| [১.৩] দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ সহায়তা প্রদান | [১.৩.১] প্রকল্প স্থাপনের লক্ষ্যে যুবঋণ গ্রহীতার সংখ্যা | সংখ্যা (জন) | ২ | ২৪০৪০ | ২৪০৫৫ | ২ |
| [১.৪] উদ্যোক্তা তৈরীতে ঋণ সহায়তা প্রদান | [১.৪.১] উদ্যোক্তার সংখ্যা | সংখ্যা (জন) | ১ | ১০০০ | ১০০৭ | ১ |
| [১.৫] প্রান্তিক জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণে ঋণ সহায়তা প্রদান | [১.৫.১] উপকারভোগীর সংখ্যা | সংখ্যা (জন) | ২ | ৮৪৮০ | ১২৬০১ | ২ |
| [১.৬] প্রশিক্ষণের মাধ্যমে ঋণ বিহীন কর্মসংস্থান সৃষ্টি | [১.৬.১] ঋণ সহায়তা বিহীন সৃষ্ট কর্মসংস্থান | সংখ্যা (জন) | ১ | ১১০০০ | ১৫৮৫০ | ১ |
| [১.৭] ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.৭.১] উপকারভোগীর সংখ্যা | সংখ্যা (জন) | ১ | ৪৮৬৭ | ৪৮৬৭ | ১ |
| [১.৮] প্রশিক্ষণের মাধ্যমে ঋণ সহায়তাসহ এবং ঋণ সহায়তা বিহীন কর্মসংস্থান সৃষ্টি | [১.৮.১] সৃষ্ট কর্মসংস্থান | সংখ্যা (জন) | ১ | ৪৪৯২০ | ৫৩৫১৩ | ১ |
| [১.৯] জাতীয় যুব দিবস উদযাপন ও জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৯.১] যুব/ যুব সংগঠকদের যুব পুরস্কার প্রদানকৃত | তারিখ | ২ | ০১-১১-২০২২ | ০১-১১-২০২২ | ২ |
| | [১.৯.২] জাতীয় যুব দিবস উদযাপিত | তারিখ | ১ | ০১-১১-২০২২ | ০১-১১-২০২২ | ১ |
| [১.১০] জনসচেতনতামূলক অনুষ্ঠান | [১.১০.১] দক্ষ, উৎপাদনশীল ও সচেতন যুব সমাজ গঠনের লক্ষ্যে অনুষ্ঠিত সচেতেনতা মূলক অনুষ্ঠান | সংখ্যা (টি) | ২ | ২৯০ | ২৯২ | ২ |
| [১.১১] প্রচার-প্রচারণা ও প্রকাশনা | [১.১১.১] ১২টি প্রকাশনা বিভিন্ন ইউনিটে বিতরণকৃত | সংখ্যা (টি) | ২ | ৬৭০ | ৬৭০ | ২ |
| [১.১২] যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম | [১.১২.১] প্রাপ্ত যুব সংগঠন নিবন্ধন আবেদন ৬০ কর্ম দিবসের মধ্যে নিষ্পত্তি কৃত | শতকরা | ১ | ৮০ | ৯০ | ১ |
| [১.১৩] যুব কর্মশালা আয়োজন | [১.১৩.১] আয়োজিত কর্মশালা | সংখ্যা (টি) | ২ | ১ | ১ | ২ |
| [১.১৪] যুব সমাবেশ আয়োজন | [১.১৪.১] আয়োজিত সমাবেশ | সংখ্যা (টি) | ২ | ১ | ১ | ২ |
| [১.১৫] গবেষণার মাধ্যমে যুবদের জন্যে করণীয় নির্ধারণ | [১.১৫.১] সম্পাদিত গবেষণা | তারিখ | ১ | ৩১-০৫-২০২৩ | ৩১-০৫-২০২৩ | ১ |
| [২.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ | [২.১.১] প্রশিক্ষিত খেলোয়াড় | সংখ্যা (জন) | ২ | ১৩২৭০ | ২৪৫৫৪ | ২ |
| [২.২] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.২.১] সনাক্তকৃত প্রতিভাবান খেলোয়াড় | সংখ্যা (জন) | ২ | ৩৭৫৫ | ৪৬০৯ | ২ |
| [২.৩] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৩.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | সংখ্যা (জন) | ৩ | ১৩০০ | ১৬১৮ | ৩ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | অর্জন | স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| [২.৪] ব্যাচেলর অব স্পোর্টস (বি স্পোর্টস) ডিগ্রী কোর্স (৩ বছর মেয়াদী) পরিচালনা | [২.৪.১] বি-স্পোর্টস ডিগ্রী কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর পাসের হার | শতকরা | ১ | ৮০% | ১০০ | ১ |
| [২.৫] ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) কোর্স পরিচালনা | [২.৫.১] বিপিএড প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর পাসের হার | শতকরা | ১ | ৮০% | ৯৬ | ১ |
| [২.৬] ক্রীড়া বিজ্ঞানে ডিপ্লোমা কোর্স পরিচালনা | [২.৬.১] ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর পাসের হার | শতকরা | ১ | ৮০% | ৬৬.৬৭ | ১ |
| [২.৭] মাস্টার্স অব ফিজিক্যাল এডুকেশন (এমপিএড) কোর্স পরিচালনা | [২.৭.১] এমপিএড প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর পাসের হার | শতকরা | ১ | ৮০% | ৯৫ | ১ |
| [২.৮] কোচেস সার্টিফিকেট কোর্স পরিচালনা | [২.৮.১] কোর্সে অংশগ্রহণকারীর প্রশিক্ষণার্থীর পাসের হার | শতকরা | ১ | ৯০% | ১০০ | ১ |
| [২.৯] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন | [২.৯.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা (টি) | ২ | ১৬ | ২৫ | ২ |
| [২.১০] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ (অ্যাথলেটিক্স -১, শুটিং-১, ভার উত্তোলন -১, ফুটবল-১০, ক্রিকেট-৬, হকি-২, আর্চারি-২, প্যারা অলিম্পিক -৩, কাবাডি-১, ফেন্সিং-১, কারাতে-১, হ্যান্ডবল-১, সুইমিং-১, রেসলিং-১, তায়াকোয়ানডো-১ ) | [২.১০.১] অংশগ্রহণকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সংখ্যা (টি) | ২ | ৩৩ | ১০৯ | ২ |
| [২.১১] অটিস্টিক ও স্নায়ু বিকাশজানিত সমস্যাগ্রস্থ শিশু এবং প্রতিবন্ধী শিশুদের জন্যে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | [২.১১.১] প্রতিযোগিতায় অংশগ্রহণকৃত শিশু | সংখ্যা (জন) | ১ | ৭০০ | ২৯৫৭ | ১ |
| [২.১২] ক্রীড়া সামগ্রী বিতরণ | [২.১২.১] ক্রীড়া সামগ্রীপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব | সংখ্যা (টি) | ১ | ৫৮৩০ | ৭১৪৮ | ১ |
| [২.১৩] জেলা পর্যায়ে স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে দরপত্র প্রক্রিয়াকরণ | [২.১৩.১] জেলা পর্যায়ে স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে জারিকৃত নোয়া | সংখ্যা (টি) | ১ | ৪ | ৪ | ১ |
| [২.১৪] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে জমি অধিগ্রহণ প্রক্রিয়াকরণ | [২.১৪.১] অধিগ্রহণকৃত জমির দখল বুঝে নেওয়া | সংখ্যা (টি) | ১ | ২২২ | ২৯ | ০.৯ |
| [২.১৫] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/বিবিধ ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.১৫.১] নির্মিত স্থাপনা হস্তান্তরিত | সংখ্যা (টি) | ১ | ১৫০ | ০ | ০ |
| [২.১৬] জাতীয়/বিভাগীয় পর্যায়ে স্টেডিয়াম সংস্কার | [২.১৬.১] সংস্কারকৃত স্টেডিয়াম হস্তান্তরিত | সংখ্যা (টি) | ১ | ৪ | ৪ | ১ |
| [২.১৭] জাতীয়/বিভাগীয় পর্যায়ে বিবিধ ক্রীড়া স্থাপনা সংস্কার | [২.১৭.১] সংস্কারকৃত স্থাপনা হস্তান্তরিত | সংখ্যা (টি) | ১ | ২ | ৩ | ১ |
| [২.১৮] জেলা পর্যায়ে স্টেডিয়াম সংস্কার | [২.১৮.১] সংস্কারকৃত স্টেডিয়াম হস্তান্তরিত | সংখ্যা (টি) | ১ | ৪ | ৪ | ১ |
| [২.১৯] জেলা পর্যায়ে বিবিধ ক্রীড়া স্থাপনা সংস্কার | [২.১৯.১] সংস্কারকৃত বিবিধ ক্রীড়া স্থাপনা হস্তান্তরিত | সংখ্যা (টি) | ১ | ৪ | ৪ | ১ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | অর্জন | স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| [৩.১] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | [৩.১.১] আয়োজিত লার্নিং সেশন | সংখ্যা (টি) | ২ | ৪ | ৪ | ২ |
| [৩.২] মন্ত্রণালয়ের শূন্যপদে জনবল নিয়োগ | [৩.২.১] জনবল নিয়োগকৃত | তারিখ | ২ | ০১-০৬-২০২৩ | ১১-০৫-২০২৩ | ২ |
| [৩.৩] মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ (বর্তমানে ২টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে) | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৫০ | ২ |
| [৩.৪] ডি-৮ সম্মেলন আয়োজন | [৩.৪.১] সম্মেলন আয়োজিত | তারিখ | ২ | ০১-০৬-২০২৩ | ০১-০৬-২০২৩ | ২ |
| [৩.৫] শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড প্রদান | [৩.৫.১] এওয়ার্ড প্রদানকৃত | তারিখ | ২ | ০১-০৬-২০২৩ | ০১-০৬-২০২৩ | ২ |
| [৩.৬] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [৩.৬.১] অনুদানপ্রাপ্ত যুব সংগঠন | সংখ্যা (টি) | ৩ | ৯০০ | ৯০০ | ৩ |
| [৩.৭] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [৩.৭.১] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানকৃত | তারিখ | ২ | ০১-০৬-২০২৩ | ০১-০৬-২০২৩ | ২ |
| [৩.৮] মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ পদান | [৩.৮.১] প্রত্যেক কর্মচারির জন্যে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ৩ | ৩০ | ৩০ | ৩ |
| [৩.৯] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান প্রদান | [৩.৯.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | সংখ্যা (টি) | ২ | ৫০০ | ৯৫৩ | ২ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | স্বমূল্যায়নে প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|
| [এম.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ |
| [এম.১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ |
| [এম.১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৪ | ৪ |
| [এম.১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ |
| [এম.১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [এম.১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ |
| | | মোট | ১০০ | ৯৮.৯ |

## যুবকল্যাণ তহবিল

আত্মকর্মসংস্থান ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সফল কর্মকান্ডের স্বীকৃতিস্বরূপ দেশের উপযুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদান এবং সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্যে যুবদেরকে পুরস্কৃত করার উদ্দেশ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় যুবকল্যাণ তহবিল গঠন করা হয়। জাতীয় সংসদে গত ১৯ জুলাই, ২০১৬ খ্রি. তারিখে যুবকল্যাণ তহবিল অধ্যাদেশ, ১৯৮৫ রহিত করে যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৩ নং আইন) পাশ হয় এবং বাংলাদেশ গেজেটে ২৬ জুলাই, ২০১৬ খ্রি. তারিখের অতিরিক্ত সংখ্যায় যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ প্রকাশিত হয়।

## লক্ষ্য ও উদ্দেশ্য

সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্যে যুবদের পুরস্কৃত করাসহ উপযুক্ত যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানপূর্বক যুব সংগঠনের মাধ্যমে যুব সমাজকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি করা।

## বর্তমান মূলধন ও ব্যবহার

যুবকল্যাণ তহবিলের বর্তমান সিডমানি ৩৫.০০ (পঁয়ত্রিশ) কোটি টাকা। সিডমানির এ অর্থ রাষ্ট্রায়াত্ত ব্যাংকে স্থায়ী মেয়াদী আমানত হিসাবে জমা রাখা আছে। বছরওয়ারি প্রাপ্ত মুনাফা এবং নিয়মিত রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থের সমন্বয়ে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড কর্তৃক অনুমোদিত নীতিমালা/শর্তাদি অনুযায়ী যুব সংগঠনসমূহকে অনুদান এবং সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্যে যুবদের পুরস্কার প্রদান করা হয়।

## তহবিল পরিচালনা পদ্ধতি

যুবকল্যাণ তহবিল পরিচালনার জন্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে ১২ (বারো) সদস্যবিশিষ্ট ব্যবস্থাপনা বোর্ড রয়েছে। এ ছাড়া অনুদান/পুরস্কার প্রদানের নিমিত্ত যাচাই-বাছাইয়ের মাধ্যমে সুপারিশ প্রদানের জন্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৯(নয়) সদস্যবিশিষ্ট সিলেকশন কমিটি রয়েছে। উল্লেখ্য, যুবকল্যাণ তহবিলের সকল ব্যাংক হিসাবসমূহ উপসচিব (যুব-১) ও সিনিয়র সহকারী সচিব (যুব-১) এর যুগ্মস্বাক্ষরে পরিচালিত হয়।

## এ যাবতকালের কার্যক্রম

- অদ্যাবধি ১৫ হাজার ০৫ শত ৬৮টি যুব সংগঠনকে মোট ৩১ কোটি ৪৪ লক্ষ ২৬ হাজার প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করা হয়েছে। এর মধ্যে বর্তমান সরকারের আমলে ৯ হাজার ৭ শত ০৪টি যুব সংগঠনকে ২৬ কোটি ১০ লক্ষ ৬৫ হাজার টাকার অনুদান প্রদান করা হয়।
- যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে রাজস্ব বাজেটের আওতায় ২০২১-২০২২ হতে সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্যে ০৫টি ক্যাটাগরিতে মোট ১২ (বার) জন যুবকে ১, ০০, ০০০/- (এক লক্ষ ) টাকা করে সর্বমোট ১২, ০০, ০০০/- (বার লক্ষ) টাকা "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২" প্রদান করা হয়।

## যেসব ক্ষেত্রে অনুদান প্রদান করা হয়

যুব সংগঠন কর্তৃক গৃহীত আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প যেমন- ডেইরি ও পোল্ট্রি খামার স্থাপন, মাশরুম চাষ, মৎস্য চাষ, সেলাই ও হস্ত শিল্প, কুটির শিল্প, নকশি কাঁথা, ফুল চাষ, মৌ চাষ, বায়োগ্যাস প্ল্যান্ট, সবজি চাষ, মাল্টা চাষ, বই বাধাই, মোবাইল সার্ভিসিং, গ্রাফিক ডিজাইন, অনলাই সেবা, কম্পিউটার প্রশিক্ষণ, মাস্ক তৈরি, কম্পোষ্ট সার তৈরি ইত্যাদি ক্ষুদ্রাকৃতির প্রকল্পের অনুকূলে অনুদান প্রদান করা হয়।

## ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম

যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত ১৬৮০টি আবেদন যাচাই-বাছাইঅন্তে জেলা কমিটি কর্তৃক ১৪৩৬টি আবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

- বোর্ড সভার অনুমোদনক্রমে নির্বাচিত ৯০০টি যুব সংগঠনকে মোট ৩, ৬৬, ৪০, ০০০/- (তিন কোটি ছেষট্টি লক্ষ চল্লিশ হাজার) টাকার অনুদান প্রদানের নিমিত্ত ১৮ জুলাই, ২০২৩ খ্রি. তারিখ বঙ্গবন্ধু সামরিক জাদুঘর, বিজয় স্মরণি, ঢাকায় ৬৪ জেলার ৬৪টি সর্বোত্তম যুব সংগঠনসমূহের মাঝে কেন্দ্রীয়ভাবে অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

- অবশিষ্ট নির্বাচিত যুব সংগঠনসমূহকে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক-এর তত্ত্বাবধানে জেলাভিত্তিক মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য এর মাধ্যমে অনুদানের চেক প্রদান করা হয়।

- সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্যে ০৫টি ক্যাটাগরির প্রতিটিতে ০৩ জন করে মোট ১৫ (পনের) জন যুবকে ১, ০০, ০০০/- (এক লক্ষ ) টাকা করে সর্বমোট ১৫, ০০, ০০০/- (পনের লক্ষ) টাকা "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৩" প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়।

## SDGs বাস্তবায়ন অগ্রগতি

বিশ্বে সমতা ও বৈষম্য বিহীন উন্নয়ন নিশ্চিত করতে জাতিসংঘের সাধারণ পরিষদে ২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে 'টেকসই উন্নয় অভীষ্ট ২০৩০' গ্রহণ করে। বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ পৃথিবীর বিভিন্ন দেশের সরকার প্রধানরা এতে অংশ গ্রহন করেন। এসডিজির রয়েছে ১৭টি অভিষ্ট ও ১৬৯টি লক্ষমাত্রা  এবং মূল স্লোগান হলো "Leaving no one behind"।

এসডিজি নির্দেশক ৮.৬.১ এবং ৮.খ.১ এর লিড মন্ত্রণালয় হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কাজ করছে। নির্দেশক ৮.৬.১ অনুযায়ী দেশের ১৫-২৪ বছর বয়স সীমার যুব জনগোষ্ঠীর মধ্যে NEET (Not in Education, Employment or Training) জনসংখ্যাকে (ভিত্তি বছর ২০১৬ সালে মোট জনসংখ্যার ২৮.৮৮%) ২০২০ সালের মধ্যে ২১.৮৮%, ২০১৫ সালে ১২% এবং ২০৩০ সালের মধ্যে ৩% এ নামিয়ে আনার লক্ষ্যে মন্ত্রণালয় বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করছে।

উল্লিখিত এসডিজি নির্দেশনাসমূহ নিয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় এবং কোনিড মন্ত্রণালয়/Associate মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে SDG বাস্তবায়নে কাজ করে যাচ্ছে।

# ২০২২-২৩ অর্থবছরের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের তথ্যাদি

## (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রকল্প

| | | | |
|---|---|---|---|
| ০১। | প্রকল্পের নাম | যানবাহন চালনা প্রশিক্ষণ | |
| | বাস্তবায়নকাল | জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৩ (প্রথম সংশোধনের জন্যে প্রস্তাবিত মেয়াদ ডিসেম্বর ২০২৪) | |
| | প্রকল্পের উদ্দেশ্য | প্রকল্প মেয়াদে ৪০টি জেলায় ৪০ হাজার যুবকে গাড়ি চালনায় প্রশিক্ষণ প্রদান। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ১০৫৯৪.০০ লক্ষ টাকা (সংশোধনের জন্যে প্রস্তাবিত ১২১৫৩.৫১ লক্ষ টাকা) |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১৪৩৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১৪২৯.৮৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত ব্যয় | ১৪০৩.৫৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আথির্ক অগ্রগতি | ৯৭.৮% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ৫৭৭৭.৯৬ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৫৪.৫৪% |
| | অগ্রগতি | ৪০টি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের জুন ২০২৩ পর্যন্ত ৭,৭৯৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পের শুরু হতে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ অগ্রগতি ১২,৪১৩ জন। | |
| ০২। | প্রকল্পের নাম | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তিনির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) (১ম সংশোধিত) | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৪ | |
| | প্রকল্প এলাকা | ৬৪ জেলার ৪৯২টি উপজেলা | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ২৩৬০০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত এডিপি বরাদ্দ | ১৯৫১.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১৩৮৯.৪৫ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত ব্যয় | ১০৩০.৮৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৫২.৮% (সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী) |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ১০৬৩.৯২ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪.৫%) |
| | অগ্রগতি | · মাঠ পর্যায়ে ৩২০ জন রাজমিস্ত্রিকে বায়োগ্যাস বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>· উপজেলা পর্যায়ে ৩৬০০ জন উপকারভোগীকে ‘সমন্বিত পারিবারিক খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি ও প্রকল্পের ঋণ কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>· প্রকল্পের ওপর ১টি ভিডিও বা শর্ট ফিল্ম (বাংলা/ইংরেজি) তৈরি করা হয়েছে।<br>· বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। জুন ২০২৩ পর্যন্ত ৫৬৮টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। | |
| ০৩। | প্রকল্পের নাম | টেকনোলজি এনপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব) (২য় পর্যায়) | |
| | বাস্তবায়নকাল | জানুয়ারি/২০২২ হতে ডিসেম্বর/২০২৪ | |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের উদ্দেশ্য | · গ্রামাঞ্চলে দরিদ্র সুবিধা বঞ্চিত যুবদের বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি;<br>· আইসিটি বিষয়ে যুবদের সক্ষমতা বৃদ্ধিকরণ;<br>· প্রতিবন্ধী ও চর এলাকার পিছিয়ে পড়া যুবদের প্রশিক্ষণ প্রদান;<br>· প্রকল্প মেয়াদে ১২ হাজার ৮৮০ জন যুবকে প্রশিক্ষণ প্রদান। | |
| | প্রকল্প এলাকা | সমগ্র বাংলাদেশ | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৬১৮.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৮৫০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন/২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৬২১.৯৪ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন/২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৬২০.৭৮ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন/২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৭৩% |
| | | প্রকল্পের শুরু হতে জুন/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ১৪৩০.৭৩ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৩১%) |
| | অগ্রগতি | · প্রকল্পের ১৪টি গাড়ি দিয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>· শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ২৭৯৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |
| ০৪। | প্রকল্পের নাম | শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২২ হতে জুন/২০২৪ | |
| | প্রকল্পের উদ্দেশ্য | · প্রকল্প মেয়াদে ০৬ হাজার ০৪ শত শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীর জন্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা। | |
| | প্রকল্প এলাকা | ১৬টি জেলা। (ঢাকা, গোপালগঞ্জ, গাজীপুর, শরীয়তপুর, মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা, লক্ষ্মীপুর, চাঁদপুর, রাজশাহী, নড়াইল, ঠাকুরগাঁও, ভোলা, শেরপুর, সিলেট, সুনামগঞ্জ) | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৭৫০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৪৯৬.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ২১৭.১৫ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ২১৫.৫১ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি | ৪৩.৪% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ২১৫.৫১ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪.৫%) |
| | প্রকল্পের প্রশিক্ষণ ট্রেডসমূহ: | (ক) কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, (খ) ফ্রিল্যান্সিং, (গ) বেসিক ইংলিশ, (গ) ডিজিটাল মার্কেটিং, (ঘ) সফ্টস্কিল ট্রেনিং, (ঙ) স্মার্টফোনের মাধ্যমে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ। | |
| | প্রকল্পের চলমান অগ্রগতি | ১৬টি জেলায় জুন ২০২৩ পর্যন্ত ৬৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |
| ০৫। | প্রকল্পের নাম | 'Life Skills Education in Youth Training Centers and Strengthening of National Youth Platform' শীর্ষক প্রকল্প | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২২ হতে জুন/২০২৬ পর্যন্ত | |
| | প্রাক্কলিত ব্যয় | ৪২১.০০ লক্ষ টাকা (জিওবি- ৪৭.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য- ৩৭৪.০০ লক্ষ টাকা) | |
| | প্রকল্পের অর্থায়ন | UNFPA | |
| | চলতি অর্থবছরের সংশোধিত এডিপি'তে বরাদ্দ | প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি'তে কোন অর্থ বরাদ্দ নেই। | |

## (খ) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর প্রকল্প

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় চট্টগ্রাম ও রাজশাহীতে ক্রীড়া স্কুল প্রতিষ্ঠা (৩য় সংশোধিত) | |
| | বাস্তবায়নকাল | জানুয়ারি ২০১৫ হতে জুন ২০২৩ | |
| | প্রকল্পের উদ্দেশ্য | · চট্টগ্রাম ও রাজশাহী জেলায় জমি অধিগ্রহণসহ ০২টি ক্রীড়া স্কুল প্রতিষ্ঠা।<br>· প্রতিভাবান খেলোয়াড়দের জাতীয় ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা। | |
| | প্রকল্প এলাকা | চট্টগ্রাম ও রাজশাহী জেলা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ১৬২৪৬.০৯ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৩৯০৮.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৩৯০৮.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৩৮৮৮.২৭ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৯৯.৫% (সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী) |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | আর্থিক- ১৫৭৭০.৫৮ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৯৭.১%) |
| | অগ্রগতি | প্রকল্পটি জুন ২০২৩ এ সমাপ্ত হয়েছে। এ প্রকল্পের আওতায় ফুটবল ও ক্রিকেট প্যাভিলিয়ন, যানবাহন (মাইক্রোবাস-২টি) ক্রয়, যন্ত্রপাতি ক্রয়, ভূমি অধিগ্রহণ (রাজশাহী-১৭ একর, রামু-৩০ একর), ভূমি উন্নয়ন, ৪ তলাবিশিষ্ট প্রশাসনিক ভবন, ৪ তলাবিশিষ্ট প্রশিক্ষণার্থী হোস্টেল ভবন, ২ তলাবিশিষ্ট ডরমিটরি ভবন, মাল্টি স্পোর্টস ইনডোর ভবন, ২ তলাবিশিষ্ট একাডেমিক ভবন, পিচসহ ফুটবল ও ক্রিকেট মাঠ, ৫ তলাবিশিষ্ট অফিসার্স কোয়ার্টার নির্মাণ করা হয়েছে। | |
| ০২। | প্রকল্পের নাম | বিকেএসপি'র শ্যুটিং জোনের আধুনিকীকরণ | |
| | বাস্তবায়নকাল | জুলাই ২০২০ হতে জুন ২০২৩ | |
| | প্রকল্পের উদ্দেশ্য | বাংলাদেশের শ্যুটারদের আন্তর্জাতিক পর্যায়ে উন্নিত ও কাঙ্খিত পদক অর্জনের লক্ষ্যে বিকেএসপি'র শ্যুটিং জোনকে আধুনিক ও আন্তর্জাতিক মানের শ্যুটিং জোনে রূপান্তর করা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৯৭০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৩১৯৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৩১৯৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত ব্যয় | ৩১৩৫.৭৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অগ্রগতি | ৯৮.১% (সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী) |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | আর্থিক- ৪৮১২.৫১ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৯৬.৮%) |
| | অগ্রগতি | এ প্রকল্পের আওতায় উক্ত অঙ্গের আওতায় বিদেশী দক্ষ প্রশিক্ষকের দ্বারা শ্যুটিং বিভাগের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও এ প্রকল্পের মাধ্যমে অভ্যন্তরীণ রাস্তা, শ্যুটিং কমপ্লেক্স আধুনিকীকরণ, ছাত্রী হোস্টেল বর্ধিতকরণ (২য়-৬ষ্ঠ) তলা পর্যন্ত এবং ছাত্র হোস্টেল বর্ধিতকরণ (৫ম-৯ম) তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। | |

# (গ) জাতীয় ক্রীড়া পরিষদের প্রকল্প

| | | | |
|---|---|---|---|
| ০১ | প্রকল্পের নাম | উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ (২য় পর্যায়) | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৫ পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ খেলোয়াড়দের অনুশীলন করার জন্যে ক্রীড়া অবকাঠামো নির্মাণ।<br>• উপজেলা পর্যায়ে ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনের জন্যে মাঠের উন্নয়নসহ সুবিধাদি সৃষ্টি করা।<br>• তৃনমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষনের মাধ্যমে দক্ষ খেলোয়াড় তৈরীর লক্ষ্যে ক্রীড়া অবকাঠামো নির্মাণ।<br>• তৃণমূল পর্যায়ে বিভিন্ন খেলাধুলার প্রশিক্ষণের জন্যে সুবিধা সৃষ্টি করা। | |
| | প্রকল্প এলাকা | ৬৪ জেলার ১৮৬টি উপজেলা | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ১৬৪৯৩২.৫২ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৫১৮১৩.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৩৯৫২৮.৪০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৩৯৫২৮.৪০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৭৭.২% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ৫৭৭৩৮.৪০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৩৫%) |
| | অগ্রগতি | প্রকল্পের আওতায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্যে প্রস্তাবিত ১৮৬টি উপজেলার মধ্যে ৮৩টি উপজেলার খাস জমিতে ও ১০৩টি উপজেলার অধিগ্রহণ উপযোগী ব্যক্তিমালিকানাধীন জমিতে মিনি স্টেডিয়াম নির্মাণের সংস্থান রয়েছে। তন্মধ্যে ৭২টি খাস জমি ও ৮টি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন জমিতে অর্থাৎ মোট ৮০টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণের দরপত্র আহবান করা হয়েছে এবং জুন ২০২৩ পর্যন্ত ৭৮টি উপজেলায় NOA প্রদান করা হয়েছে। | |
| ০২। | প্রকল্পের নাম | প্রতিবন্ধী ক্রীড়াবিদদের জন্যে প্যাভিলিয়ন ভবন নির্মাণসহ খেলার মাঠ উন্নয়ন | |
| | বাস্তবায়নকাল | অক্টোবর/২০২১ হতে জুন/২০২৩ (প্রস্তাবিত জুন ২০২৪) পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • প্রতিবন্ধীদের জন্যে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনাসহ প্রতিবন্ধী খেলোয়াড়দের অনুশীলন ও দক্ষ খেলোয়াড় সৃষ্টি করার জন্যে ক্রীড়া অবকাঠামো সুবিধাদি নির্মাণ।<br>• প্রতিবন্ধী খেলোয়াড়দের ক্রিকেট ও ফুটবলসহ অন্যান্য খেলার মান উন্নয়ন।<br>• ফুটবল, ক্রিকেটসহ অন্যান্য খেলার সুবিধাদি সৃষ্টি করা।<br>• প্রতিদিন কম বেশী ২০-৩০ জন খেলোয়াড়দের বিভিন্ন ইভেন্টের প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা।<br>• প্রতিবছর বিভিন্ন ইভেন্টের কম বেশী ৩-৫টি জাতীয় ও আর্ন্তজাতিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের সুযোগ সৃষ্টি করা। | |
| | প্রকল্প এলাকা | জাতীয় সংসদ ভবনের পশ্চিম পার্শ্বে। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ১৩৯৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১১৯৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১০১৩.২৫ লক্ষ টাকা |
| | | | ১০১৩.২৫ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৪.৮% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত  ক্রমপুঞ্জিত অগ্রগতি | ১০২৩.২৫ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৭৩.৪%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৫% | |
| ৩। | প্রকল্পের নাম | ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন | |
| | বাস্তবায়নকাল | জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত | |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের উদ্দেশ্য | • বঙ্গবন্ধু স্টেডিয়ামে জাতীয় ও আন্তর্জাতিক ফুটবলসহ অন্যান্য ইভেন্টের খেলা আয়োজনের লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়ামকে আধুনিকায়ন।<br>• ২৫,০০০ জন ব্যক্তি স্টেডিয়ামের গ্যালারীতে বসে খেলা উপভোগের ব্যবস্থা করা।<br>• জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা।<br>• ফুটবল, এ্যাথলেটিক ও আ্যর্চারীসহ অন্যান্য খেলার উন্নয়নের জন্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>• জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ফুটবল, এ্যাথলেটিক ও আ্যর্চারীসহ অন্যান্য ইভেন্টের খেলায় উৎসাহ প্রদান করা।<br>• ফুটবলসহ অন্যান্য খেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা। এছাড়া জাতীয় পর্যায়ের স্বাধীনতা দিবস ও বিজয় দিবসের অনুষ্ঠানের আয়োজন করা। | |
| | প্রকল্প এলাকা | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৯৮৩৬.২৭ লক্ষ টাকা (প্রস্তাবিত সংশোধিত ব্যয় ১৫৯১৫.০০ লক্ষ টাকা ) |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৩৩৮০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ২৮৭২.৬৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ২৮৭২.৬৩ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৫% (বরাদ্দের) |
| | | | ৫৩৯৬.৬৩ লক্ষ টাকা। (প্রাক্কলিত ব্যয়ের ৫৪.৯%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৫% | |
| ০৪। | প্রকল্পের নাম | পাবনা শহীদ এ্যাডভোকেট আমিন উদ্দিন স্টেডিয়াম এবং বিদ্যমান সুইমিংপুলের উন্নয়ন, ইনডোর ক্রিকেট নেট প্রাকটিস সেড নির্মাণ এবং শরীয়তপুর জেলা স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত) | |
| | বাস্তবায়নকাল | জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • পাবনা ও শরীয়তপুর জেলায় খেলাধুলার মান উন্নয়নের লক্ষ্যে পাবনা শহীদ এ্যাডভোকেট আমিন উদ্দিন স্টেডিয়াম উন্নয়ন, সুইমিংপুল উন্নয়ন, ইনডোর ক্রিকেট নেট প্র্যাকটিস সেড নির্মাণ এবং শরীয়তপুর জেলা স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন;<br>• ১৫ হাজার দর্শক স্টেডিয়ামের গ্যালারীতে বসে খেলা উপভোগের সুযোগ সৃষ্টি;<br>• ক্রিকেট ও ফুটবলসহ অন্যান্য খেলার উন্নয়নের জন্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা;<br>• ২৫ হাজার দর্শক সুইমিংপুলের গ্যালারীতে ধারণ করার সুযোগ সৃষ্টি;<br>• জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা;<br>• জাতীয় ও জেলা পর্যায় ক্রিকেট ও ফুটবলসহ বিভিন্ন ইনডোর ইভেন্টে প্রতিদিন ৫০০ জন খেলোয়াড় অনুশীলনের সুযোগ সৃষ্টি। | |
| | প্রকল্প এলাকা | পাবনা জেলা, শরীয়তপুর জেলা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৩৭৬৭.৪২ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১৫২৪.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১২৯৩.৪৭ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ১২৯৩.৪৭ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | বরাদ্দের ৮৪.৯% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ২৮৪৩.৪৭ লক্ষ টাকা (৭৫.৫%) |

| | | | |
|---|---|---|---|
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। এ প্রকল্পের আওতায় পাবনা স্টেডিয়াম (৭৮%), পাবনা ইনডোর নেট প্রাকটিস (৯৯%), পাবনা সুইমিংপুল (৯৯%) ও শরীয়তপুর স্টেডিয়ামের কাজ চলমান (৮৬%)। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৫%। | |
| ০৫। | প্রকল্পের নাম | শেখ কামাল স্টেডিয়াম, কুষ্টিয়া এর অধিকতর উন্নয়ন | |
| | বাস্তবায়নকাল | জুলাই ২০২০ হতে জুন ২০২৩ পর্যন্ত (প্রস্তাবিত জুন ২০২৪) | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের জন্যে উপযোগী করার লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়াম উন্নয়ন;<br>• স্টেডিয়ামের গ্যালারীতে ১২ হাজার দর্শক বসে খেলা উপভোগের সুযোগ সৃষ্টি;<br>• আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন;<br>• আন্তর্জাতিক, জাতীয় ও জেলা পর্যায় ক্রিকেট ও ফুটবলসহ বিভিন্ন ইভেন্টে মাসে প্রায় ৩০০ জন খেলোয়াড় অনুশীলনের সুযোগ সৃষ্টি;<br>• খেলোয়াড়দের বিভিন্ন ইভেন্টের জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় আবাসিক ভেন্যু হিসেবে ব্যবহার নিশ্চিতকরণ;<br>• ফুটবল, ক্রিকেটসহ অন্যান্য আউটডোর ইভেন্টের খেলার মান উন্নয়নে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় তৈরীর জন্যে অবকাঠামোর সুবিধাদি ব্যবস্থা করা। | |
| | প্রকল্প এলাকা | কুষ্টিয়া | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪০০১.১৭ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১১০০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১০১৭.৫০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ১০১৭.৫০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | বরাদ্দের ৮৪.৮% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ১৯৯১.৫০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪৯.৮%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬৫%। | |
| ০৬। | প্রকল্পের নাম | বরিশাল আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামকে আন্তর্জাতিকমানে উন্নীতকরণ এবং বিদ্যমান জেলা সুইমিংপুলের উন্নয়ন | |
| | বাস্তবায়নকাল | নভেম্বর/২০১৯ হতে জুন/২০২৩ পর্যন্ত (প্রস্তাবিত জুন ২০২৪) | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • বরিশাল জেলাস্থ আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামে জাতীয় ও আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ আয়োজনের লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়ামটিকে আধুনিকায়ন করা এবং সুইমিংপুল সংস্কার ও উন্নয়ন;<br>• ১১ হাজার ৪০০ দর্শকের স্টেডিয়ামের গ্যালারীতে বসে খেলা উপভোগের সুযোগ সৃষ্টি;<br>• জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা;<br>• ক্রিকেট ও সুইমিং খেলার উন্নয়নের জন্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা;<br>• জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ক্রিকেট ও সুইমিং খেলায় উৎসাহ প্রদান করা। | |
| | প্রকল্প এলাকা | বরিশাল | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৯৯৮.৮৪ লক্ষ টাকা। ( প্রস্তাবিত সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৭০৩০.৩৮ লক্ষ টাকা) |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১৯০৯.০০ লক্ষ টাকা। |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১৬২০.০৯ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ১৬২০.০৯ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৪.৯% |

| | | | |
|---|---|---|---|
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ২৬৩০.০৯ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৫২.৬%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬৫%। | |
| ০৭। | প্রকল্পের নাম | ভোলা জেলাস্থ গজনবী স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন, ইনডোর স্টেডিয়াম এবং সুইমিংপুল নির্মাণ | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২০ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত। | |
| | প্রকল্পের উদ্দেশ্য | ভোলা জেলায় ফুটবল, ক্রিকেট, সাতাঁরসহ সকল আউটডোর ও ইনডোর খেলার মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান স্টেডিয়ামের উন্নয়ন, ইনডোর স্টেডিয়াম এবং সুইমিংপুল নির্মাণ।<br>(ক) ফুটবল, ক্রিকেট, সাতাঁরসহ অন্যান্য যে কোন খেলা সরাসরি সম্প্রচারকালীন সময়ে ক্রীড়া সাংবাদিক পেশাগত দায়িত্ব পালনের সকল সুবিধাদি সৃষ্টি করা।<br>(খ) স্টেডিয়ামে বিদ্যমান দর্শক ধারণ ক্ষমতার অতিরিক্ত ৬০০০ দর্শক স্টেডিয়ামের গ্যালারীতে বসে খেলা উপভোগ করার সুবিধা পাবে।<br>(গ) ইনডোর স্টেডিয়ামে ৯০০ জন ব্যক্তি ইনডোর গ্যালারীতে বসে গেম্‌স উপভোগ করতে পারবে।<br>(ঘ) ইনডোর স্টেডিয়ামে বিভিন্ন ইভেন্টে প্রতিদিন ১০০ জন খেলোয়াড় অনুশীলন করতে পারবে। | |
| | প্রকল্প এলাকা | ভোলা | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৬৭৫.৪৪ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১২০০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১৭৮৪.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ১৭৮৪.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৫% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ১৮৯৪.০০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪০.৫%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪৮% | |
| ০৮। | প্রকল্পের নাম | মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিক মানের ক্রিকেট স্টেডিয়াম কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে ‘ফিজিবিলিটি স্টাডি’ প্রকল্প | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৩ পর্যন্ত। | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিকমানের আধুনিক প্রযুক্তি নির্ভর ক্রীড়া স্থাপনা নির্মাণের নিমিত্ত নকশা, মূল ব্যয় প্রাক্কলন তৈরী করাই হলো ‘সম্ভাব্যতা সমীক্ষা’ সম্পন্ন করা।<br>• মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিকমানের ক্রিকেট স্টেডিয়াম নির্মাণ।<br>• মানিকগঞ্জ জেলায় আন্তর্জাতিক স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে সম্ভাব্য ব্যয় প্রাক্কলন ও আধুনিক নকশা তৈরি। | |
| | প্রকল্প এলাকা | মানিকগঞ্জ | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৩৩৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ৩২৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৩২৪.৯৯ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৩১১.৯০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৯৬% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ৩২১.৯০ লক্ষ টাকা (৯৬.১%) |
| | অগ্রগতি | সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের মূল ডিপিপি প্রণয়নের কাজ চলমান। | |

| | | | |
|---|---|---|---|
| ০৯। | প্রকল্পের নাম | মাদারীপুর জেলাস্থ শিবচর উপজেলা ও ভোলা জেলাস্থ চরফ্যাশন উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন এবং গাজীপুর জেলা সদরে সুইমিংপুল নির্মাণ | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৪ পর্যন্ত। | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • মাদারীপুর জেলার শিবচর উপজেলা এবং ভোলা জেলার চরফ্যাশন উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন করা।<br>• গাজীপুর জেলা সদরে সুইমিংপুল নির্মাণ করা।<br>• শিবচর উপজেলা স্টেডিয়ামে ১৫০০ জন এবং চরফ্যাশন উপজেলা স্টেডিয়ামে ৯০০০ জন দর্শক ধারণসম্পন্ন গ্যালারী প্রস্তুত করা।<br>• গাজীপুর সুইমিংপুলের গ্যালারীতে ৫০০ জন দর্শক ধারণক্ষমতা প্রস্তুত করা।<br>• শিবচর উপজেলা এবং চরফ্যাশন উপজেলায় স্থানীয় পর্যায় ক্রিকেট ও ফুটবলসহ বিভিন্ন ইভেন্টে প্রতিদিন ৫০ জন খেলোয়াড় প্র্যাক্টিস করতে পারবে তার সুযোগ সৃষ্টি করা এবং গাজীপুর জেলা সুইমিংপুলে প্রতিদিন কম বেশী ৪০-৫০ জন খেলোয়াড়দের সাতাঁর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা। | |
| | প্রকল্প এলাকা | মাদারীপুর, ভোলা ও গাজীপুর জেলা | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৩৫১৫.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১৯৬৯.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ১৬৭১.৩৪ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ১৬৭১.৩৪ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৪.৯% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ১৬৯১.৩৪ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৪৮.১%) |
| | অগ্রগতি | ভোলা জেলার চরফ্যাশন উপজেলা স্টেডিয়াম নির্মাণ কাজ চলমান (৫৫%), মাদারীপুর জেলার শিবচর উপজেলায় নির্মাণ কাজ চলমান (২০%) এবং গাজীপুর জেলা সুইমিংপুল নির্মাণের লক্ষ্যে ভূমি উন্নয়ন কাজ চলমান। | |
| ১০। | প্রকল্পের নাম | ‘গাজীপুর জেলাস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম এবং পটুয়াখালী জেলাস্থ কাজী আবুল কাসেম স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন’ প্রকল্প | |
| | বাস্তবায়নকাল | ডিসেম্বর/ ২০২১ হতে জুন/২০২৪ পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | • গাজীপুর ও পটুয়াখালী জেলায় খেলাধুলার মানোন্নয়নের লক্ষ্যে-<br>• ক্রিকেট ও ফুটবলসহ অন্যান্য ইভেন্টের খেলা পরিচালনাসহ প্রশিক্ষণের ব্যবস্থা করা;<br>• শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামের গ্যালারিতে বিদ্যামান ধারণ ক্ষমতার অতিরিক্ত ১২১০ জন দর্শক ধারণের ব্যবস্থা করা;<br>• কাজী আবুল কাসেম স্টেডিয়ামের গ্যালারিতে ১১ হাজার দর্শক ধারণের ব্যবস্থা করা;<br>• জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা। | |
| | প্রকল্প এলাকা | গাজীপুর সদর উপজেলা ও পটুয়াখালী সদর উপজেলা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৯১০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১০০০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৮৪৯.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৮৪৯.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | বরাদ্দের ৮৪.৯% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ৮৪৯.০০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ১৭.৩%) |
| | অগ্রগতি | প্রকল্পের কার্যক্রম চলমান। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১৫% | |

| | | | |
|---|---|---|---|
| ১১। | প্রকল্পের নাম | ‘চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিং পুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ’ প্রকল্প | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৪ পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | চাঁদপুর জেলায় ইনডোর, টেনিস, বাস্কেটবল, সুইমিংপুল এবং আউটডোর খেলার মান উন্নয়ন এবং শরীয়তপুর জেলায় ইনডোর, বাস্কেটবল এবং টেনিস খেলার মান উন্নয়নসহ স্থানীয় ও জাতীয় পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে চাঁদপুর জেলা স্টেডিয়াম ও সুইমিং পুলের অধিকতর উন্নয়নসহ ইনডোর স্টেডিয়াম নির্মাণ এবং শরীয়তপুর জেলা সদরে ইনডোর স্টেডিয়াম ও টেনিস কোর্ট নির্মাণ করা হবে। | |
| | প্রকল্প এলাকা | চাঁদপুর ও শরীয়তপুর জেলা। | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ৪৯৬৮.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | ১০০০.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ছাড় | ৮৪৯.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত অর্থ ব্যয় | ৮৪৯.০০ লক্ষ টাকা |
| | | ২০২২-২৩ অর্থবছরে জুন ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি | ৮৪.৯% |
| | | প্রকল্পের শুরু হতে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | ৮৪৯.০০ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ১৭.১%) |
| ১২। | প্রকল্পের নাম | “কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম’ নির্মাণের জন্যে ‘জমি অধিগ্রহণ” প্রকল্প | |
| | বাস্তবায়নকাল | জুলাই/২০২১ হতে জুন/২০২৪ পর্যন্ত | |
| | প্রকল্পের উদ্দেশ্য | কিশোরগঞ্জ জেলাস্থ মিঠামইন উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ স্টেডিয়াম নির্মাণের জন্যে ৬.৮৭ একর জমি অধিগ্রহণ করা | |
| | প্রকল্প এলাকা | মিঠামইন উপজেলা | |
| | বরাদ্দ ও ব্যয় | প্রাক্কলিত ব্যয় | ২৭৬১.০৫ লক্ষ টাকা। |
| | | ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | কোন বরাদ্দ নেই |
| | অগ্রগতি | ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান | |

# উল্লেখযোগ্য উন্নয়ন চিত্র






বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর ফাইনাল খেলা উপভোগ করছেন অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়নশিপ-২০২২ এর ফাইনাল খেলা উপভোগ করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা গোলকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর সমাপনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর হাতে শুভেচ্ছা স্মারক  তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা গোলকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর সমাপনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী খেলোয়াড়দের সাথে শুভেচ্ছা বিনিময় করছেন



বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা গোলকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় প্রধানমন্ত্রী




বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা গোলকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের সাথে ফটোসেশনে অংশ নেন মাননীয় প্রধানমন্ত্রী




বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ-২০২২ এর সমাপনী খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ-২০২২ এর সমাপনী ও পদক বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি




বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর সমাপনী খেলাতে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি




বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর সমাপনী খেলাতে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি




বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে "বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল আলোকিত তারুণ্যের প্রতিচ্ছবি শীর্ষক" স্মারক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন মাননীয় প্রধানমন্ত্রী



যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পের উদ্বোধন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মাননীয় যুব ও ক্রড়া প্রতিমন্ত্রী




সৌদি আরবের রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাস আয়োজিত শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ এর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন যুবক ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




যুব উন্নয়ন অধিদপ্তর এবং পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের যৌথ উদ্যোগে প্রকল্পাধীন এলাকার ক্ষতিগ্রস্তদের আয় বর্ধনমূলক প্রশিক্ষণ কর্মসূচির কোর্স সমাপনী ও যুব সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




জাতীয় যুব দিবস ও জাতীয় যুব পুরস্কার -২০২২ প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তব্য প্রদান করেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষ্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাদের সাথে নিয়ে শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পার্পক অর্পন করে শ্রদ্ধা জানান



বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব এর ৯২তম জন্মবার্ষিকীতে যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের পক্ষ থেকে বনানী কবরস্থানে পুষ্পার্পক অর্পন করা হয়



করোনা মহামারীর মধ্যে 'ঢাকা ও আইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০' এর সকল অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করায় ICYF থেকে প্রদত্ত পুরস্কারটি মাননীয় প্রধানমন্ত্রীর হাতে তুলে দিচ্ছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশীপের ৩য় আসরের শুভ উদ্বোধন ঘোষণা করেন মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর পক্ষ থেকে বঙ্গবন্ধুর সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন করা হয়




বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর মশাল প্রজ্জ্বলন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর মশাল প্রজ্জ্বলন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



পদ্মা সেতু এলাকায় বাস্তবায়িত প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে চেক বিতরণ করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনকে প্রদত্ত ২০ কোটি টাকার আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রবর্তনের লক্ষে অংশীজনের সাথে মতবিনিময় সভায় মিলিত হন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে অসচ্ছল ও অসমর্থ ক্রীড়া সেবীদের মধ্যে চিকিৎসা সহায়তা প্রদান করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহাসান রাসেল এমপি



বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে অসচ্ছল ও অসমর্থ ক্রীড়া সেবীদের মধ্যে চিকিৎসা সহায়তা প্রদান করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহাসান রাসেল এমপি



যুব কল্যাণ তহবিল থেকে ২০২১-২২ অর্থবছরের নির্বাচিত যুবসংগঠন সমূহের মদ্যে আর্থিক অনুদানের চেক বিতরণ করেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



পর্বতারোহী ওয়াসফিয়া নাজরীনকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক সংবর্ধনা প্রদান করা হয়



জাতীয় যুব দিবস-২০২২ বিজয়ীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত শোভাযাত্রা



যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর সাথে বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের মান্যবর রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাত




মেহেরপুর সদর উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি




ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



সাফ নারী ফুটবলে বাংলাদেশ অপরাজিতা চ্যাম্পিয়ান হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফুল তুলে দিয়ে শুভেচ্ছা জানান যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমের প্রত্যেক খেলোয়াড়ের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমের প্রত্যেক খেলোয়াড়ের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমের প্রত্যেক খেলোয়াড়ের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমের প্রত্যেক খেলোয়াড়ের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ বিজয়ী বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দলের সংবর্ধনা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে খেলোয়াড় কর্মকর্তাদের সাথে ফটোসেশনে অংশ নেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি




নেপালে নারীদের সাফ চ্যাম্পিয়নশিপে শিরোপা জয় করে ফিরে আসার পর বাংলাদেশ দলকে বিপুলভাবে সংবর্ধিত করা হয়। বিআরটিসির দোতলা ছাদখোলা বাসে তাঁদের আনন্দযাত্রার আয়োজন করা হয়। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহ্‌সান রাসেলের উদ্যোগে ব্যতিক্রমধর্মী এই আয়োজন সবার মনোযোগ কেড়ে নেয়। এর আগে বাংলাদেশে এমন উদ্যোগ পরিলক্ষিত হয়নি। বিমানবন্দর থেকে বাফুফে ভবন পর্যন্ত চার ঘণ্টার এই আনন্দযাত্রায় রাস্তার দু'পাশের সব বয়সি মানুষ নারী ফুটবলারদের শুভেচ্ছা ও অভিনন্দিত করেন। এমন সংবর্ধনা পেয়ে বাংলাদেশ দলের খেলোয়াড় ও কর্মকর্তারা দারুণভাবে উচ্ছ্বসিত হয়।



প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ চ্যাম্পিয়ন দলের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন



প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ চ্যাম্পিয়ন দলের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন



সাফ চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমকে সংবর্ধনা ও আর্থিক সম্মাননা প্রদান অনুষ্ঠানে
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বীর মুক্তিযোদ্ধা শহীদ আহসানউল্লাহ মাস্টারের জীবনী নিয়ে রচিত "আহসান উল্লাহ মাস্টার জীবনালেখ্য"
শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অপরাজিত চ্যাম্পিয়ান বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল টিমের প্রত্যেক খেলোয়াড়ের হাতে ৫ লাখ টাকার চেক তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




শেখ হাসিনা আন্তঃ ব্যাংক ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



শেখ হাসিনা আন্তঃ ব্যাংক ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



শেখ হাসিনা আন্তঃ ব্যাংক ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা




মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



বঙ্গবন্ধু আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট-২০২২ শুভ উদ্বোধন করেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি




বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকীতে শহীদ শেখ কামাল এর সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা  শেখ কামাল যুব গেমসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা  শেখ কামাল যুব গেমসের বর্ণাঢ্য ডিসপ্লে উপভোগ করছেন




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেখ কামাল বাংলাদেশ যুব গেমসের চূড়ান্ত পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন




মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩ এর চূড়ান্ত পর্বের শুভ উদ্বোধন করেন




চীনা দুতাবাস কর্তৃক বাংলাদেশ উশু ফেডারেশনকে ক্রীড়া সামগ্রী প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




চীনা দুতাবাস কর্তৃক বাংলাদেশ উশু ফেডারেশন কে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়




চীনা দুতাবাস কর্তৃক বাংলাদেশ উশু ফেডারেশন কে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়



নবযোগদানকৃত সচিব ড. মহিউদ্দীন আহমেদ কে যুব উন্নয়ন অধিদপ্তর পরিদর্শনকালে ফুলেলশুভেচ্ছা জানাচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আজহারুল ইসলাম খান

# দ্বিতীয় অধ্যায়




কর্মই জীবন

## যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ +৮৮-০২-৯৫৫৯৩৮৯, ফ্যাক্সঃ +৮৮-০২-৯৫৮৭৩০০
ই-মেইলঃ dg@dyd.gov.bd
ওয়েবসাইট: www.dyd.gov.bd

## যুব উন্নয়ন অধিদপ্তরের পটভূমি

১৯৭৮ সালের ডিসেম্বর মাসে বিশেষ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে যুব উন্নয়ন মন্ত্রণালয়ের সৃষ্টি হয়। যুব উন্নয়ন মন্ত্রণালয়ের অধীনে ১৯৮১ সালে যুব উন্নয়ন অধিদপ্তর কার্যক্রম শুরু করে। ১৯৮২ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয়কে বিলুপ্ত করে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন বিভাগ সৃষ্টি করা হয়। ১৯৮৪ সালে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নামে স্বতন্ত্র মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তর যুব ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ একটি অধিদপ্তর।

- বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন আধুনিক জীবনমনস্ক যুবসমাজ।
- জীবনের সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়ন নিশ্চিত করা।



জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ যুব সংগঠক ক্যাটাগরিতে প্রথম স্থান অর্জনকারীকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে জাতীয় যুব পুরস্কার প্রদান করছেন জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## যুব ও ক্রীড়া মন্ত্রাণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর নিম্নবর্ণিত কার্যাদি বাস্তবায়ন করে

- যুবদের দেশে-বিদেশে কর্মসংস্থান উপযোগী করে গড়ে তোলার জন্যে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণে ঋণ সহায়তা কার্যক্রম বাস্তবায়ন।
- আত্মকর্মী যুবদের উদ্যোক্তা সৃষ্টিতে আর্থিক এবং কারিগরি সহায়তা প্রদান।
- দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকান্ডে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণের লক্ষ্যে যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম পরিচালনা করা।
- যুবদেরকে দায়িত্বশীল, আত্মবিশ্বাসী ও মানবিক গুণাবলী অর্জনে উৎসাহ প্রদানে কর্মসূচি গ্রহণ।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে অধিদপ্তরের কার্যক্রমে উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজকরণ।
- সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের কাজের স্বীকৃতি প্রদান এবং অন্যান্য যুবদের অনুপ্রাণিত করার লক্ষ্যে জাতীয় যুব পুরস্কার প্রদান।
- প্রান্তিক ও NEET যুব-জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ।

## উদ্দেশ্যাবলি

- যুবদের ন্যায়নিষ্ঠ, আধুনিক জীবনবোধসম্পন্ন, আত্মমর্যাদাশীল ও ইতিবাচক মানুষ হিসেবে গড়ে তোলা;
- যুবদের অন্তর্নিহিত সম্ভাবনা বিকাশের অনুকূল পরিবেশ সৃষ্টি করা;
- যুবদের মানবসম্পদে পরিণত করা;
- যুবদের মানসম্পন্ন শিক্ষা, স্বাস্থ্য ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা;
- যুবদের যোগ্যতা অনুযায়ী পেশা ও কর্মের ব্যবস্থা করা;
- যুবদের অর্থনৈতিক ও সৃজনশীল কর্মোদ্যোগে এবং ক্ষমতায়নে উৎসাহিত করা;
- ক্ষমতায়নের মাধ্যমে যুবদের জাতীয় জীবনের সর্বস্তরে সক্রিয় ভূমিকা পালনে সক্ষম করে তোলা;
- স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্ত করা;
- পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবিলাসহ জাতি গঠনমূলক কার্যক্রমে স্বেচ্ছাসেবী হতে যুবদের উৎসাহিত করা;
- সমাজের অনগ্রসর এবং শারীরিক-মানসিক বা অন্য যে কোনো প্রতিবন্ধকতার শিকার মানুষের প্রতি যুবসমাজকে সংবেদনশীল ও দায়িত্বশীল করে তোলা;
- বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের অধিকার নিশ্চিত করা;
- জীবনাচরণে মতাদর্শগত উগ্রতা ও আক্রমণাত্মক মনোভাব পরিহারে যুবদের উদ্বুদ্ধ করা;
- যুবদের মধ্যে উদার, অসাম্প্রদায়িক, মানবিক ও বৈশ্বিক চেতনা জাগ্রত করা;

### যুব উন্নয়ন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো



## অভ্যন্তরীন প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন

| ক্র.নং | বিষয় | ভেন্যু/সংস্থা | সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ৬০ ঘন্টার প্রশিক্ষণ | প্রধান কার্যালয় | ৯০ জন |
| ২ | দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র সাভার | ৪১৩ জন |
| ৩ | কর্মশালা | দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা | ৮ টি |
| ৪ | কর্মশালা | প্রশিক্ষণ শাখা। | ৬ টি |



জাতীয় যুবদিবস ২০২২ উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে কেক কেটে যুব সংগঠক ও উদ্যোক্তাদের প্রদর্শনী স্টল উদ্বোধন করছেন মাননীয় প্রতিমন্ত্রী যুব ও ক্রীড়া মন্ত্রনালয়, জনাব মেজবাহ উদ্দিন, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রনালয় এবং জনাব আজহারুল ইসলাম খান (গ্রেড-১), মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর



জাতীয় যুবদিবস ২০২২ উপলক্ষ্যে বর্ণাঢ্য যুব র‍্যালি

## যুব উন্নয়ন অধিদপ্তরে বাস্তবায়িত উত্তম চর্চাসমূহ

১. যুব উন্নয়ন অধিদপ্তরে অনুষ্ঠিত সকল সভার নোটিশ, কার্যপত্র এবং কার্যবিবরণী গ্রুপ মেইলে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করা হয়।
২. ই-নথি ব্যবস্থাপনা প্রবর্তন।
৩. অনলাইনভিত্তিক প্রশিক্ষণের ও ঋণের আবেদন গ্রহণ।
৪. মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণ আদায়।
৫. ঋণের অনলাইন রিপোর্টিং। ফলে, কাগজের ব্যবহার হ্রাস পেয়েছে, নথি সঞ্চালনে গতি বৃদ্ধি পেয়েছে, সময় অপচয় হ্রাস পেয়েছে এবং ব্যয় হ্রাস পেয়েছে।




জাতীয় যুব পুরস্কার ২০২২ প্রাপ্তদের সাথে ফটোসেশন



যুব মেলা ২০২২ এর শুভ উদ্বোধন করছেন প্রধান অতিথি জনাব এম, এ, মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়। উপস্থিত আছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি

# পরিচালন বাজেটের আওতায় গৃহীত কার্যক্রম

## যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মসূচি

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম একটি অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচি। কর্মপ্রত্যাশী যুবসমাজকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে। জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ আবাসিক ও অনাবাসিক ভিত্তিতে প্রদান করা হয়।

### জেলা পর্যায়ে যুব প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত আবাসিক প্রশিক্ষণ কোর্সসমূহ

| ক্র.নং | প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | প্রশিক্ষণ ভাতা (দৈনিক) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | গবাদিপশু, হাঁস-মুরগিপালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০৩ মাস | ১০০/- | ১০০/- | ১৫০/- |
| ০২ | মৎস্য সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০৩ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৩ | দুগ্ধজাত দ্রব্যাদি উৎপাদন, বিপণন ও বাজারজাত করণ প্রশিক্ষণকোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৪ | চিংড়ি ও কাঁকড়া চাষ, বিপণন ও বাজারজাতকরণ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৫ | ছাগল, ভেড়া, মহিষ পালন এবং গবাদিপশুর প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৬ | কৃষি ও হর্টি কালচার প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৭ | মুরগি পালন ব্যবস্থাপনা, মাংস প্রক্রিয়াজাতকরণ ও বিপণন প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৮ | দুগ্ধবতী গাভী পালন ও গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ০৯ | মাশরুম ও মৌচাষ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ১০ | ফুলচাষ, পোষ্ট হারভেষ্ট ম্যানেজমেন্ট এবং বাজারজাতকরণ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ১১ | অর্নামেন্টাল প্লান্ট উৎপাদন, বনসাই ও ইকেবানা প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ১২ | নার্সারী ও ফল চাষ ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ১০০/- | - | ১৫০/- |
| ১৩ | বাণিজ্যিক একুয়াপনিক্স প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ২ সপ্তাহ | ১০০/- | - | ১৫০/- |
| ১৪ | কৃষি যন্ত্রপাতি মেরামত প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ২ সপ্তাহ | ১০০/- | - | ১৫০/- |
| ১৫ | ব্যানানা ফাইবার এক্সট্রাক্ট প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ২ সপ্তাহ | ১০০/- | - | ১৫০/- |
| ১৬ | মোবাইল সার্ভিসিং অ্যান্ড রিপেয়ারিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | ১০০/- | - | ১৫০/- |

| ক্র.নং | প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | প্রশিক্ষণ ভাতা (দৈনিক) |
|---|---|---|---|---|---|---|
| ১৭ | সোয়েটার নিটিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | - | - | পিপিপি এর মাধ্যমে যৌথ উদ্যোগে এ কোর্সটি পরিচালিত হচ্ছে |
| ১৮ | লিংকিং মেশিন অপারেটিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | - | - | ঐ |
| ১৯ | সংক্ষিপ্ত হাউজ কিপিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | - | - | ঐ |

## জেলা পর্যায়ে পরিচালিত অনাবাসিক প্রশিক্ষণ কোর্সসমূহ

| ক্র.নং | প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | যাতায়াত ভাতা (দৈনিক) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ওভেনসি উইং মেশিন অপারেটিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০২ মাস | - | - | ১০০/- |
| ০২ | ট্যুরিস্ট গাইড প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০২ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ০৩ | পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ৩/৬ মাস | ১০০/- | - | ১০০/- |
| ০৪ | ব্লক, বাটিক ও স্ক্রিন প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০৪ মাস | ৫০/- | - | ১০০/- |
| ০৫ | মডার্ণ অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ কোর্স | এইচ.এস.সি | ০৬ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ০৬ | মৎস্য চাষ প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ৫০/- | - | ১০০/- |
| ০৭ | ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০৩ মাস | ৩০০/- | - | ১০০/- |
| ০৮ | সেলসম্যানশিপ প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০৩ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ০৯ | ফ্রন্ট ডেস্ক ম্যানেজমেন্ট প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০২ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ১০ | চামড়াজাত পণ্য তৈরি প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০১ মাস | ৫০/- | - | ১০০/- |
| ১১ | ব্লক প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০২ মাস | ৫০/- | - | ১০০/- |
| ১২ | ফ্রিল্যান্স প্রশিক্ষণ কোর্স | এইচ.এস.সি | ০১ মাস | ১, ০০০/- | - | ১০০/- |
| ১৩ | বাটিক প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০২ মাস | ৫০/- | - | ১০০/- |
| ১৪ | স্ক্রিন প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ০২ মাস | ৫০/- | - | ১০০/- |
| ১৫ | ক্যাটারিং প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০৬ মাস | ৩, ০০০/- | - | ১০০/- |
| ১৬ | হাউজ কিপিং অ্যান্ড লন্ড্রি অপারেশন প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০৬ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ১৭ | বিউটিফিকেশন অ্যান্ড হেয়ার কাটিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | ১০০/- | - | ১০০/- |
| ১৮ | ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ২১ দিন | ১০০/- | - | ১০০/- |
| ১৯ | আরবি ভাষা শিক্ষা প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১ মাস | ১০০/- | - | ১০০/- |
| ২০ | ক্লিয়ারিং ফরওয়ার্ডিং প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১৪ দিন | ১০০/- | - | ১০০/- |
| ২১ | ইনটেরিয়র ডেকোরেশন প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ২১ দিন | ১০০/- | - | ১০০/- |
| ২২ | পাটজাত পণ্য তৈরি প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ১৪ দিন | ১০০/- | - | ১০০/- |
| ২৩ | আত্মকর্মী থেকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স | ৮ম শ্রেণি | ৭ দিন | ১০০/- | - | ১০০/- |

| ক্র.নং | প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | যাতায়াত ভাতা (দৈনিক) |
|---|---|---|---|---|---|---|
| ২৪ | গ্রামীণ যুবদের বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কোর্স | এস.এস.সি | ০১ মাস | - | - | ১০০/- |
| ২৫ | ডাটা বেইস ম্যানেজম্যান্ট প্রশিক্ষণ | এইচ.এস.সি | ০২ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ২৬ | ওয়েভ ডিজাইন প্রশিক্ষণ | এইচ.এস.সি | ০২ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ২৭ | নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ | এইচ.এস.সি | ০২ মাস | ৫০০/- | - | ১০০/- |
| ২৮ | কম্পিউটার বেসিক অ্যান্ড আইসিটি এ্যাপ্লিকেশন | এইচ.এস.সি | ০৬ মাস | ১০০০/- | - | - |
| ২৯ | প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন কোর্স | এইচ.এস.সি | ০৬ মাস | ১০০০/- | - | - |
| ৩০ | ইলেকট্রিক্যাল অ্যান্ড হাউজওয়্যারিং | ৮ম শ্রেণি | ০৬মাস | ৩০০/- | - | ১০০/- |
| ৩১ | ইলেকট্রনিক্স | ৮ম শ্রেণি | ০৬মাস | ৩০০/- | - | ১০০/- |
| ৩২ | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | ৮ম শ্রেণি | ০৬মাস | ৩০০/- | - | ১০০/- |

## উপজেলা পর্যায়ে বিভিন্ন বিষয়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সসমূহ

| প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | যাতায়াত ভাতা |
|---|---|---|---|---|---|
| **ক) প্রাণী সম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স :** | | | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে কোন ভর্তি ফি নেওয়া হয় না। | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে কোন জামানত নেওয়া হয় না। | জনপ্রতি দৈনিক ১০০(একশত) টাকা সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) |
| ১) পারিবারিক হাঁস-মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ | নূন্যতম ৮ম শ্রেণি | ৭দিন | | | |
| ২) ব্রয়লার ও ককরেল পালন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩) বাড়ন্ত মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭দিন | | | |
| ৪) ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৫) গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৬) পারিবারিক গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৭) পশু পাখীর খাদ্য প্রস্তুত ও বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৮) পশু-পাখীর রোগ ও ইহার প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৯) কবুতর পালন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১০) কাঁচা চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| **খ) মৎস্য সম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স :** | | | | | |
| ১১) মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১২) সমন্বিত মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১৩) মৌসুমী মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১৪) মৎস্য পোনা চাষ(ধানী পোনা) বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১৫) মৎস্য হ্যাচারী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১৬) প্লাবন ভূমিতে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ১৭) গলদা ও বাগদা চিংড়ি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭দিন | | | |
| ১৮) শুটকী তৈরী ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |

| প্রশিক্ষণ ট্রেড | শিক্ষাগত যোগ্যতা | মেয়াদ | ভর্তি ফি | জামানত | যাতায়াত ভাতা |
|---|---|---|---|---|---|
| **গ) কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স :** | | ৭ দিন | | | |
| ১৯) বসত বাড়ীতে সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২০) নার্সারী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২১) ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২২) ফলের চাষ (লেবু, কলা, পেঁপে ইত্যাদি) বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২৩) কম্পোষ্ট সার তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২৪) গাছের কলম তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ২৫) ঔষধি গাছের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| **ঘ) বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্স :** | ঐ | ৭ দিন | | | |
| ২৬) ব্লক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ১৫ দিন | | | |
| ২৭) বাটিক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ১৫ দিন | | | |
| ২৮) পোষাক তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ১৫ দিন | | | |
| ২৯) স্কীণ প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩০) স্প্রে প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩১) মনিপুরী তাঁত শিল্প বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ঙ) ক্ষুদ্র ও কুটিরশিল্প বিষয়ক প্রশিক্ষণ | | | | | |
| ৩২) কাগজের ব্যাগ ও ঠোঙ্গা তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৩) বাঁশ, বেতের সামগ্রী তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৪) নকশী কাঁথা বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৫) কারু মোম বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৬) পাটজাত পণ্য বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৭) চামড়াজাত পণ্য তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৩৭) চাইনিজ ও কনফেকশনারী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ১৫ দিন | | | |
| চ) অন্যান্য বিষয়ক প্রশিক্ষণ কোর্স : | | | | | |
| ৩৯) রিক্সা, সাইকেল, ভ্যান মেরামত বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৪০) ওয়েল্ডিং বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৪১) ফটোগ্রাফী বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |
| ৪২) সোলার প্যানেল স্থাপন বিষয়ক প্রশিক্ষণ | ঐ | ৭ দিন | | | |



যুবমেলা ২০২২ এর স্টল পরিদর্শন করছেন প্রধান অতিথি জনাব এম এ মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়। সাথে আছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব জাহিদ আহসান রাসেল এমপি ও যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আজহারুল ইসলাম খান (গ্রেড-১)

## ০২। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি

বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে উচ্চ মাধ্যমিক ও তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষায় শিক্ষিত আগ্রহী কর্মপ্রত্যাশী যুবক/যুব মহিলাদের জাতি গঠনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ন্যাশনাল সার্ভিস সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত একটি কর্মসূচি। এ কর্মসূচির অগ্রগতি নিম্নরূপ:

| পর্ব | অর্থ বছর | উপজেলার সংখ্যা | প্রশিক্ষণ | অস্থায়ী কর্মস্থানে সংযুক্তি |
|---|---|---|---|---|
| ১ম | ২০০৯-২০১০ | ১৯টি | ৫৬৮০১ | ৫৬০৫৪ |
| ২য় | ২০১১-২০১২ | ০৮টি | ১৪৫১৫ | ১৪৪৬৭ |
| ৩য় | ২০১৪-২০১৫ | ১৭টি | ১৬৩৪২ | ১৪৮০৩ |
| ৪র্থ | ২০১৫-২০১৬ | ২০টি | ২৬৩৭৬ | ২৬৩৭৬ |
| ৫ম | ২০১৭-২০১৮ | ২৪টি | ৩৭২৬৮ | ৩৭২৬৮ |
| ৬ষ্ঠ | ২০১৮-২০১৯ | ২০টি | ৫১১৯৪ | ৫১১৯৪ |
| ৭ম | ২০১৯-২০২০ | ২০টি | ২৭৯৬৮ | ২৭৯৬৮ |
| ৮ম | ২০২০-২০২১ | ১০ | ৪৮৮৩ | ৪৮৬৭ |
| | **সর্বমোট** | **১৩৮টি** | **২৩৫৩৪৭** | **২৩২৯৯৬** |

* ২০২২-২০২১ অর্থবছরের ১০টি উপজেলায় কর্মে সংযুক্তি ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত চলমান।

## ন্যাশনাল সার্ভিস কর্মসূচির বাজেট বরাদ্দ ও ব্যয়: (কোটি টাকায়)

| অর্থ বছর | বরাদ্দ | ব্যয় | শতকরা হার |
|---|---|---|---|
| ২০০৯-২০১০ | ৩৩.৫১ | ১৩.৫৫ | ৪০.৪৪% |
| ২০১০-২০১১ | ১৯৯.৫৩ | ১৮২.৩৬ | ৯১.৩৯% |
| ২০১১-২০১২ | ৩০৩.০৬ | ৩০২.৭৫ | ৯৯.২৬% |
| ২০১২-২০১৩ | ৩১০.৭৮ | ২৯৯.৬৭ | ৯৯.৪২% |
| ২০১৩-২০১৪ | ১৭৩.৬১ | ১৫৬.২৮ | ৯০.০১% |
| ২০১৪-২০১৫ | ১২৯.২৩ | ১১৩.৩৫ | ৮৭.৭১% |
| ২০১৫-২০১৬ | ১৪০.০০ | ১৩৬.৭৫ | ৯৭.৬৭% |
| ২০১৬-২০১৭ | ২৭৯.৪৬ | ২৭৬.৭৫ | ৯৯.০৩% |
| ২০১৭-২০১৮ | ৪৬৪.১৩ | ৩৯২.১৮ | ৭৭.৬৭% |
| ২০১৮-২০১৯ | ৬৬৯.৬০ | ৬৫৭.৬৯ | ৯৮.২২% |
| ২০১৯-২০২০ | ৬৬৩.৯৩ | ৬৪৯.৪৯ | ৯৮.৮২% |
| ২০২০-২০২১ | ২৪৯.৫১ | ২১৪.৬০ | ৮৮% |
| ২০২১-২০২২ | ৪৩.৭৯ | ২০.৮৮ | ৪৭.৬৮% |
| ২০২২-২০২৩ | ৩৩.২৯ | ৩২.৪০ | ৯৭.৩২% |
| **সর্বমোট** | **৩৬৯৩.৪৪** | **৩৪৪৮.৭০** | **৯৩.৩৭%** |

## ৩. যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রম

যুবদের সার্বিক কল্যাণে যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষিত যুবদের আয় সঞ্চারমূলক কাজে/আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণের লক্ষ্যে ঋণ কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রশিক্ষিত যুবরা ঋণ সহায়তা পেয়ে আত্মসামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখছে। প্রশিক্ষিত যুবদের ব্যাপকভাবে উৎপাদনমূখী কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর নিম্নলিখিত তিন ধরনের ঋণ কর্মসূচি বাস্তবায়ন করছে।

ক. পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি:

পরিবারভিত্তিক ঋণ কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য হলো পারিবারিক বন্ধনকে সুদৃঢ় করে কর্মপ্রত্যাশী দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের জন্যে ঋণ প্রদানের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি। পরিবারভিত্তিক ঋণ কার্যক্রমে ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৬.৯৩% ।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| পরিবারভিত্তিক কর্মসূচির মোট মূলধন | ১৫৯৪৭.৯৯ লক্ষ টাকা | ৪৯৫৭.৯৯ লক্ষ টাকা |
| জুন, ২০২৩ পর্যন্ত প্রবৃদ্ধি | ৯৩৯৭.৯৪ লক্ষ টাকা | ৯৩৯৭.৯৪ লক্ষ টাকা |
| প্রবৃদ্ধিসহ মোট ঋণ তহবিল | ১৪৩৪৫.৯৩ লক্ষ টাকা | ১৪৩৪৫.৯৩ লক্ষ টাকা |
| ঋণ কর্মসূচির শুরু থেকে জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | ৮৫৬৩০.৫৯ লক্ষ টাকা | ৭৯৩৮৫.৬৭ লক্ষ টাকা |
| জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ঋণ | ৭৭৮৭৮.২২ লক্ষ টাকা | ৭৫৪৯০.৯৭ লক্ষ টাকা |
| ঋণ কর্মসূচির শুরু থেকে জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত উপকারভোগী | ৭, ৩০, ৫২৮ জন | ৬, ৪৩, ৪৩৭ জন |
| ২০২২-২০২৩অর্থ বছরে ঋণ বিতরণ | ১২০০.০০ লক্ষ টাকা | ২০২২.৮৬ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩অর্থ বছরে উপকারভোগী | ৮৮৮০ জন | ৯৫১৭ জন |

**খ) একক ঋণ কর্মসূচি:** এ কর্মসূচির আওতায় দেশের ৬৪টি জেলার ৫০১টি উপজেলায় (১০টি মেট্রোপলিটন ইউনিট থানাসহ) ঋণ কার্যক্রম রয়েছে। এ ঋণ কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষিত যুবদেরকে একক (ব্যক্তিকে) ঋণ প্রদান করা হয়। এ কর্মসূচির ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৫.০২%।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট যুবঋণ মূলধন | ১৭৫০০.০০ লক্ষ টাকা | ১১৭০৪.২১ লক্ষ টাকা |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগী | ২৪১২০ জন | ১৫৪৪৭ জন |

**গ) যুব উদ্যোক্তা ঋণ কর্মসূচি:** এ কর্মসূচীর মাধ্যমে অধিদপ্তরের কর্মপ্রচেষ্টায় সৃষ্ট একজন আত্মকর্মীকে উদ্যোক্তায় উপনীত করার লক্ষ্যে সর্বোচ্চ ৩.৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়। প্রাথমিকভাবে ৮টি বিভাগীয় জেলায় সীমিত আকারে "যুব উদ্যোক্তা উন্নয়ন ঋণ " নামে এ ঋণ কর্মসূচি শুরু করা হয়েছে। ১০ জানুয়ারি ২০২১ তারিখে একযোগে প্রতিটি বিভাগীয় জেলায় এ কর্মসূচি শুরু করা হয়েছে। এ পর্যন্ত ২০৭ জনকে ৩৪৯.৭০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

## ০৪। প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান কর্মসূচি

প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানের মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়ার জন্যে প্রশিক্ষিত যুবদের উদ্বুদ্ধ করা হয়। প্রশিক্ষিত যুবরা প্রাথমিক অবস্থায় পারিবারিকভাবে মূলধন সংগ্রহ করে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণ করে। পরবর্তীতে আত্মকর্মসংস্থান প্রকল্প সম্প্রসারণ ও পরিচালনার জন্যে প্রশিক্ষিত যুবদের যুবঋণ সহায়তা প্রদান করা হয়। আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদের মাসিক আয় ৬০০০/- টাকা থেকে ৫০, ০০০/- টাকা পর্যন্ত। তবে কোন কোন সফল আত্মকর্মী যুব মাসে ১, ০০, ০০০/- টাকারও বেশি আয় করে থাকে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট আত্মকর্মসংস্থান | ২৭৬৩৫১৬ জন | ২৩৮২০০০ জন |
| ২০২২-২০২৩ অর্থ বছরে আত্মকর্মসংস্থানের | ৪৪, ৯২০ জন | ৫৩৫১৩ জন |

## ০৫। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র

অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের পেশাগত মান উন্নয়ন এবং দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে ঢাকার অদূরে সাভারে ঢাকা-আরিচা মহাসড়কের পশ্চিম পার্শ্বে ব্যাংক টাউনে ৫.৫৫ একর জমির উপর ১৯৯২ সালে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠিত হয়।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| শুরু থেকে জুন, ২০২৩ পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারি প্রশিক্ষণ | ২১, ১৮৮জন | ২১, ০৪৮ জন |
| শুরু থেকে জুন, ২০২৩ পর্যন্ত আয়োজিত কর্মশালা/সেমিনার | ২৭ টি | ২৭ টি |
| ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণ | ৪৩৫ জন | ৪১৩ জন |

### ০৬। আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র

মাঠ পর্যায়ে ঋণ গ্রহিতা সদস্যদের নেতৃত্ব বিকাশ, ঋণ ব্যবস্থাপনা, ঋণ ব্যবহার, স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকার অদূরে সাভার, সিলেট, রাজশাহী ও যশোরে কম-বেশি ৩.০০ একর জমির উপর ১৯৯২ সালে ৪টি আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র স্থাপন করা হয়।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণ | - | - |
| ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ | ১১৪৯০জন | ১০৫৮১জন |

### ০৭। যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত কর্মসূচি

কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলাদের গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্যচাষ ও কৃষি বিষয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহারের কলাকৌশল সম্পর্কিত ০৩ মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণ প্রদান এবং তাদেরকে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করাই এ সমাপ্ত প্রকল্প ও রাজস্ব কর্মসূচির উদ্দেশ্য। যুবদেরকে প্রশিক্ষণের পাশাপাশি প্রকল্পের প্রাণী সম্পদ সংরক্ষণ ও উহাদের জন্যে প্রাথমিক চিকিৎসা সম্পর্কে জ্ঞানদান করা হয়। প্রতি ব্যাচে ৬০জন বেকার যুবক ও যুবমহিলাকে আবাসিক প্রশিক্ষণ দেয়া হয়। আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা মোট ৭১ টি।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| ২০২১-২০২২ অর্থ বছরে প্রশিক্ষণ | ২৩, ৭৬০ জন | ১৭৯১৭ জন |
| ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণ | ১৭, ৫১০ জন | ১৭, ৫০৮ জন |

## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিবরণ একনজরে

### ১. যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প

দেশে সড়ক দুর্ঘটনা রোধকল্পে যানবাহন চালনায় দক্ষ ড্রাইভার তৈরি করে দেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৪০টি কেন্দ্রে ৬৪টি জেলার প্রশিক্ষণার্থীগণ অংশগ্রহণ করতে পারবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৪০০০০ জন কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলা যানবাহন চালনা বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে দেশে ও বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ পাবে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রকল্প ব্যয় (জানুয়ারি' ২০২১-ডিসেম্বর' ২০২৩) | ১০৫৯৪.০০লক্ষ টাকা | ৫৭৭৭.৯৬ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ | ১৪২৯.৮৩ লক্ষ টাকা | ১৪২৯.৮৩ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে ব্যয় | ১৪২৯.৮৩ লক্ষ টাকা | ১৪০৩.৫৩ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে প্রশিক্ষণ | ৬৪০০ জন | ৭৭৯৪ জন |

### ২. টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইল্‌স ফর আন্ডার প্রিভিলেজ্‌ড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ (টেকাব) (২য় পর্যায়)

বর্তমানে বাংলাদেশে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা জেলা শহর কেন্দ্রিক। উপজেলা পর্যায়ে কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ এখনো সম্প্রসারিত না হওয়ায় গ্রামীণ যুবক ও যুব মহিলাগণ তথ্য প্রযুক্তি বিষয়ক এ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। এছাড়া বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের জন্যে শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের কম্পিউটার বিষয়ে

অধিকহারে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ অবস্থায় গ্রামাঞ্চলের দরিদ্র কর্মপ্রত্যাশী যুবদের জন্যে ভ্রাম্যমাণ আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে বিনামূল্যে ইন্টারনেটসহ কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইল্স ফর আন্ডারপ্রিভিলেজ্ড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ"-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|
| মোট প্রাক্কলিত ব্যয় (জানুয়ারি ২০২২-ডিসেম্বর ২০২৪) | ৪৬১৮.০০ লক্ষ টাকা | ১৪৩০. ৭৩ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দ | ৮৫০.০০ লক্ষ টাকা | ৮৫০.০০ লক্ষ টাকা |
| ২০২২-২০২৩ অর্থ বছরে ব্যয় | ৬২০.৭৮ লক্ষ টাকা | ৬২০.৭৮ লক্ষ টাকা |
| প্রকল্প মেয়াদে প্রশিক্ষণ | ১২, ৮৮০ জন | ২৭৯৮ জন |
| ২য় পর্ব (জানুয়ারি/২২-ডিসেম্বর/২৪) | ৪৬১৮.০০ জন | ৩৯১৫ জন |
| ২০২২-২০২৩ প্রশিক্ষণ | ২৫২০ জন | ২৫১৮ জন |

### ৩. ইনটিগ্রেটেড ম্যানেজমেন্ট অব রিসোর্সেস ফর পোভারটি এলিভিয়েশন থ্রু কম্প্রিহেনসিভ টেকনোলজি (ইমপ্যাক্ট) (তৃতীয় পর্যায়)

গবাদিপশু ও হাঁস মুরগি পালন বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারীদের প্রকল্পের উচ্ছিষ্ট ব্যবহারের মাধ্যমে গ্রাম পর্যায়ে বায়োগ্যাস উৎপাদন করে জ্বালানি চাহিদা পূরণ করা এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। প্রকল্পের ২য় পর্যায়ের বাস্তবায়ন কাজ ৩০ জুন ২০১৯ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের ২য় পর্যায় সফলভাবে বাস্তবায়িত হওয়ায় কর্তৃপক্ষের নির্দেশে ৩য় পর্যায়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরিবেশবান্ধব এ প্রকল্পের কার্যক্রম ৩য় পর্যায়ে দেশের ৬৪ জেলা ও ৪৯২টি উপজেলায় বাস্তবায়ন করা হবে। জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে মোট ৩২০০০টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হবে। এ প্রকল্প গ্রহনের মাধ্যমে সরকারের নির্বাচনী ইশতেহার 'আমার গ্রাম আমার শহর' প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে নবায়ন যোগ্য জ্বালানি সম্ভবনা সৃষ্টি হচ্ছে। প্রকল্পের অধীন ইতোমধ্যে ১২৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং আরও ৬৪০ জনের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষনার্থীকে ডাটাবেজ তৈরি করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা এই প্রকল্পের একটি উদ্দেশ্য। ০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২৪ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্যে ২৩৬০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি গত ২৪ আগস্ট ২০২১ খ্রি. তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রতিটি পরিবারের রান্নার জন্যে বৎসরে ২ টন জ্বালানি কাঠ প্রয়োজন হয়। ৬৪০০০টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে জ্বালানি কাঠের ব্যয় সাশ্রয় হবে। প্রতি বছরে প্রতি পরিবারে নূন্যতম ৭৫০০/- টাকা জ্বালানি কাঠ ক্রয় বাবদ ব্যয় হয়। উল্লেখ্য, ১টি গুণগতমানসম্পন্ন বায়োগ্যাস প্ল্যান্ট এর সম্ভাব্য স্থায়িত্ব ন্যুনতম ৩০ বৎসর। প্রকল্পের আওতায় ১ লক্ষ ৪৯ হাজার ৩৬ জনকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।

### ৪. শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি

এই প্রকল্পের আওতায় ০৬ হাজার ০৪ শত শিক্ষিত কর্মপ্রত্যাসী যুবক ও যুব মহিলাকে ফ্রিল্যাসিং প্রশিক্ষনের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করার পরিকল্পনা রয়েছে।

#### লক্ষ্যমাত্রা

- প্রকল্পটি ০১ জানুয়ারী ২০২২ হতে ৩০ জুন ২০২৪ মেয়াদে এবং ৪৭৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হবে।
- প্রকল্পটি ১৬টি জেলায় ঢাকা, গোপালগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা লক্ষীপুর, চাঁদপুর, রাজশাহী, নড়াইল, টাকুরগাঁও, ভোলা, শেরপুর সিলেট, সুনামগঞ্জ বাস্তবায়ন করা হবে।

### ৫. UNFPA এর অর্থায়নে “Life Skills Education in Youth Training Center & Strengthening of National Youth Platform”

UNFPA এর অর্থায়নে “Life Skills Education in Youth Training Center & Strengthening of National Youth Platform” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় অন্তত: ২০টি যুব প্রশিক্ষণ কেন্দ্রে যুবদের জাতীয় যুবনীতি বাস্তবায়ন সহায়তাসহ যুব উন্নয়ন সূচক সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন এবং তা ডিজিটালইজড করা হবে। প্রকল্পটি ৪২১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৭ নভেম্বর ২০২২ সালে অনুমোদিত হয়।

## নতুন অনুমোদিত প্রকল্পসমূহ

১. Not in Educadion Employment & Tarining (NEET) যুব জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে World Bank এর সহযোগিতায় “Economic Acceleration & Resilience for NEET (EARN)” ৩৩৪৮০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত বিগত ২০ জুন ২০২৩ তারিখের অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। এ প্রকল্পের মাধ্যমে ৫ বছরে ৯ লক্ষ NEET যুবকে প্রশিক্ষণ প্রদান করা হবে। EARN প্রকল্পের আওতায় NEET যুব গোষ্ঠিকে উন্নত পরিবেশে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। যার মধ্যে অনূন্য ৫০ শতাংশ নারী। এ প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।

২. “Leaving NO One Build: Improving Skills and Economic Opportunitus for the Wome & Youth in Cox’s Bazar, Bangladesh” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ১৭৬৮৮.০০ লক্ষ টাকা প্রক্কলিত ব্যায় জুন ২০২৩ হতে নভেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৯ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটি, মহিলা এবং অন্যান্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ক্ষমতা বৃদ্ধি ব্যবস্থা গৃহীত হবে।

ILO Bangladesh এর সহযোগিতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত Improving Skills & Economic Opportunities of Women Youth in Cox’s Bazar District প্রকল্পটি কক্সবাজার জেলা এবং উপজেলা পর্যায়ে ১৮ থেকে ৩৫ বছর বয়সের যুবদের নিয়ে অধিদপ্তরের বিদ্যমান প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডসমূহে প্রশিক্ষণ-উপকরণসহ অন্যান্য কর্মকান্ডে সহযোগিতা প্রদান করবে। প্রত্যন্ত এলাকার যুব মহিলাদেরকে অগ্রাধিকারভিত্তিতে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদেরকে আত্মনির্ভরশীল করে সম্পদে পরিণত ও সমাজে সম্মানজনক স্থানে প্রতিষ্ঠিত করবে।

## যুব উন্নয়ন অধিদপ্তরের অনুমোদন প্রক্রিয়াধীন প্রকল্পসমূহ

### “যুবদের কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রুপান্তর” শীর্ষক প্রকল্প

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে ৫২৬.৪৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। দেশে ও বিদেশে কারিগরি কাজের ব্যাপক চাহিদা রয়েছে বিধায় কারিগরি ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে যুবদের দক্ষতা আনয়ন করে আত্মকর্মসংস্থান ও কর্মসংস্থান সৃষ্টির জন্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। ইতোমধ্যে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে কারিগরি ও প্রযুক্তিগত বিভিন্ন ট্রেডে ৩০ হাজার ৫৬০ জন যুব ও যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

### শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র নির্মাণ (১ম পর্যায়) শীর্ষক প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি জুলাই ২০২৩ হতে জুন ২০২৬ মেয়াদে ২৪০১,১৩ কোটি টাকা (জিওবি) প্রাক্কলিত বায়ে বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। প্রস্তাবিত ১ম পর্যায়ের প্রকল্পের আওতায় ৬৪ জেলার ৬৪টি উপজেলায় উপজেলা কমপ্লেক্সের কাছাকাছি বা সুবিধাজনক স্থানে যুবদের জন্য প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপন করা হবে।

### "অবশিষ্ট ৪৮টি জেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পটি। ৪৭৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২২ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় যুবদের ১৬টি জেলায় ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম অবশিষ্ট ৪৮টি জেলায় প্রদানের লক্ষ্যে 'অবশিষ্ট ৪৮টি জেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্পটির প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত বায় ৩০০.১৩ কোটি টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। প্রকল্পের আওতায় ৪৮টি জেলায় ১৮ থেকে ৩৫ বছর বয়সী মোট ২৮ হাজার ৮০০ জন যুবক-যুবতীকে ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানপূর্বক কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে।

### ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি ৪৯.৯৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৩ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের আওতায় ৬৪ জেলায় যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ২৭৪টি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি ও সংশ্লিষ্ট যন্ত্রাংশ সরবরাহ করা হবে এবং ৭১ হাজার ৫৮০ জন যুবদের আত্ম-কর্মসংস্থানমূলক দক্ষতা প্রশিক্ষণ প্রদান করা হবে। ০৬ মাস মেয়াদী প্রশিক্ষণের ট্রেডসমূহ হলো: (০১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স, (০২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন কোর্স (০৩) ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং কোর্স (০৪) ইলেকট্রনিক্স কোর্স (০৫) রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং কোর্স।

### কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প

প্রকল্পটি ৩১০.১৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন। রয়েছে। প্রকল্পের আওতায় এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য স্থানীয় চাহিদার আলোকে বেকার যুবদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা, উদ্যোক্তা তৈরির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা, যুবদের নিজ নিজ এলাকায় কৃষিভিত্তিক খামার গড়ে তুলতে উৎসাহিত করা এবং গ্রামে যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।

### "কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প

প্রকল্পের আওতায় কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রে আধুনিক যন্ত্রপাতি সংযোজন করে প্রশিক্ষণের সুযোগ-সুবিধা বৃদ্ধি করণ, যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তার প্রশিক্ষণ প্রদান এবং যুব উন্নয়নয় অধিদপ্তরের ২১৩০ জন কর্মচারীকে পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩.৯৪ কোটি টাকা এবং মেয়াদকাল জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত।

## ভবিষ্যৎ পরিকল্পনা

### ১। যানবাহন মেরামত প্রশিক্ষণ প্রকল্প।

যানবাহন মেরামতের জন্যে দক্ষ মেকানিক তৈরি করে দেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা এ প্রকল্পের উদ্দেশ্য।

### ২। যুব উন্নয়ন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় স্থাপন প্রকল্প।

যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় বিভাগীয় কার্যালয় স্থাপন ও নির্মাণ এ প্রকল্পের উদ্দেশ্য। প্রতিটি বিভাগীয় শহরে একটি বহুতল বিভাগীয় কার্যালয় স্থাপন করা হবে।

### ৩। কক্সবাজার জেলায় আন্তর্জাতিক মানের কনফাঙ্গের হলসহ যুব হোস্টেল নির্মাণ প্রকল্প।

কক্সবাজার জেলায় কনফারেন্সহলসহ আন্তর্জাতিক মানের যুবহোস্টেল নির্মাণ করা এ প্রকল্পের উদ্দেশ্য।

### ৪। যুব কার্যক্রম বিষয়ক গবেষণা ও তথ্য প্রচার প্রকল্প।

যুব কার্যক্রমের সাফল্য গবেষণার মাধ্যমে প্রকাশ করা এবং যুব বিষয়ক তথ্য কর্মপ্রত্যাশী যুবসহ দেশের সকল পর্যায়ের মানুষের নিকট প্রচারের ব্যবস্থা করা এ প্রকল্পের উদ্দেশ্য।

### ৫। বিউটিফিকেশন, হেয়ার কাটিং ও হাউজকিপিং বিষয়ে প্রশিক্ষণ প্রকল্প।

কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের আর্থ-সামাজিক অবস্থান উন্নয়ন এ প্রকল্পের উদ্দেশ্য।

### ৬। ট্যুরিস্ট গাইড, ট্যুর ম্যানেজমেন্ট এবং ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ প্রকল্প।

কর্মপ্রত্যাশী যুবক ও যুবমহিলাদের কর্মসংস্থানও আত্মকর্মসংস্থানে সুযোগ সৃষ্টি এবং তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এ প্রকল্পের উদ্দেশ্য।

### ৭। মাদকাশক্তি থেকে রক্ষা করার জন্যে সীমান্ত জেলার যুবকদের বিনোদনমূলক ও সচেতনতাবৃদ্ধিমূলক কর্মকান্ডে অন্তর্ভূক্তকরণ প্রকল্প

যুব সমাজকে মাদক থেকে দূরে রাখতে চিত্তবিনোদন ও প্রশিক্ষণের ব্যবস্থা করা ; যুব সংগঠনের মাধ্যমে যুব ও যুব মহিলাদের মধ্যে মাদকের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। ৪৯৫০.০০ লক্ষ টাকা(সম্ভাব্য) ব্যয়ে জানুয়ারি' ২৪ হতে ডিসেম্বর' ২৫ পর্যন্ত সীমান্তবর্তী ৩২ জেলার ১৫৩৬০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান ও চিত্তবিনোদনমূলক কর্মকাণ্ডে অন্তর্ভূক্ত করা হবে।

### যুব উন্নয়ন অধিদপ্তরের বাজেট

| অর্থ বছর | অনুন্নয়ন | উন্নয়ন |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ৩২৩৭৫ (লক্ষ টাকায়) | ২৮২৬.০০ (লক্ষ টাকায়) |
| ২০২০-২০২১ | ৩৪৩৯৭.০০(লক্ষ টাকায়) | ৩৪৪০.০০(লক্ষ টাকায়) |
| ২০২১-২০২২ | ৪৪০৬৪.০০(লক্ষ টাকায়) | ৫৩৫৮.০০(লক্ষ টাকায়) |
| ২০২২-২০২৩ | ৫০৮৫৭.০০(লক্ষ টাকায়) | ৪৭৩২.০০ (লক্ষ টাকায়) |



## যুব উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক রাজস্ব এবং উন্নয়ন বরাদ্দ ও ব্যয়ের তুলনামূলক চিত্র (লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত বরাদ্দ | | অর্থ ব্যয় | | ব্যয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | রাজস্ব | উন্নয়ন | রাজস্ব | উন্নয়ন | |
| ২০১৯-২০২০ | ৩২৩৭৫.০০ | ২৮২৬.০০ | ২৯৪৮৪.৯৫ | ১৯৪৫.৯২ | ৯৩.০৪% |
| ২০২০-২০২১ | ৩৩৪২৬.৭০ | ৫১০৭.৮০ | ৩০১১৫.৫১ | ৪৩০৭.৮৩ | ৯০.০৯% |
| ২০২১-২০২২ | ৪৪৬৭৯.১১ | ৪৫৬০.০০ | ৩৬৯৭০.৩৮ | ৪৪৫২.৯০ | ৮২.৭৫% |
| ২০২২-২০২৩ | ৪৬৩৩৪.১৩ | ৪৭৩২.০০ | ৩৭৮০৭.৯৭ | ৩৬৫৮.৩৭ | ৮১.৬০% |

## বিশেষ কার্যক্রম

### জাতীয় যুবদিবস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১ নভেম্বর তারিখে জাতীয় যুবদিবস উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। যে সকল প্রশিক্ষিত সফল যুবক ও যুবমহিলা আত্মকর্মসংস্থান প্রকল্প স্থাপনে এবং যে সকল যুবসংগঠক সমাজ উন্নয়নমূলক কর্মকান্ড দৃষ্টান্ত মূলক অবদান রাখতে সক্ষম হয়েছে তাদেরকে জাতীয় যুবদিবসে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়।

### জাতীয় যুব পুরস্কার-২০২২ প্রদান

মন্ত্রীপরিষদ বিভাগের ০১ অক্টোবর ২০১১ তারিখের ৩৩১ নং পরিপত্রমূলে প্রতিবছর ০১ নভেম্বর জাতীয় যুব দিবস উদযাপন করা হয়। জাতীয় যুব দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় যুব পুরস্কার নীতিমালার আলোকে মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনক্রমে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়ে থাকে।

১ নভেম্বর জাতীয় যুব দিবস উদযাপনের একটি উল্লেখযোগ্য অংশ জাতীয় যুবপুরস্কার প্রদান। জাতীয় যুবদিবস ২০২২-এ ২১ জনকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়েছে। তার মধ্যে সফল আত্মকর্মী ক্যাটাগরিতে ১৬জন এবং যুব সংগঠক ক্যাটাগরিতে ০৫ জনকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়।

সমগ্র বাংলাদেশ থেকে সফল আত্মকর্মী ক্যাটাগরিতে (বিশেষ চাহিদাসম্পন্ন/অটিস্টিক ও ক্ষুদ্র নৃ গোষ্ঠীসহ) ১৩১টি আবেদন এবং যুব সংগঠক ক্যাটাগরিতে ১২৬টি (বিশেষ চাহিদাসম্পন্ন/অটিস্টিক ও ট্রান্সজেন্ডারসহ) আবেদন পাওয়া যায়। নীতিমালা অনুসারে আবেদনপত্রগুলো যাচাই-বাছাই ও মূল্যায়ন করে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে ৫৮টি প্রকল্প/প্রস্তাব সরেজমিনে পরিদর্শন করা হয়।

পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে জাতীয় যুব পুরস্কার প্রদান-সংক্রান্ত কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সফল আত্মকর্মী ও যুব সংগঠক ক্যাটাগরিতে নীতিমালা অনুযায়ী পুরস্কার প্রদানের সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়।

কেন্দ্রীয় মনোনয়ন কমিটির প্রস্তাবের প্রেক্ষিতে অধিকতর যাচাই-বাছায়ান্তে জাতীয় কমটির চূড়ান্ত অনুমোদনের প্রেক্ষিতে ২০২২ সালে জাতীয় যুব দিবস উদযাপন উপলক্ষ্যে ১৬(ষোল)জন সফল আত্মকর্মী এবং ৫(পাঁচ) জন শ্রেষ্ঠ যুবসংগঠককে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়।

### আন্তর্জাতিক যুব দিবস-২০২২ উদযাপন

জাতিসংঘ কর্তৃক ঘোষণার প্রেক্ষিতে ২০০০ সাল থেকেই প্রতি বছর ১২ আগস্ট সারা বিশ্বে 'আন্তর্জাতিক যুবদিবস' উদযাপিত হয়ে আসছে। বাংলাদেশও বিভিন্ন শ্রেণি-পেশার যুবদের সম্পৃক্ত করে একটি সুনির্দিষ্ট প্রতিপাদ্যকে কেন্দ্র করে দিবসটি আড়ম্বরপূর্ণভাবে পালন করে আসছে।

১২ আগস্ট ২০২২ 'আন্তর্জাতিক যুব দিবস' উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক যুব দিবস ২০২২ এর প্রতিপাদ্য বিষয় ছিলো "Intergeneration Solidarity:Creating a World For Allages "

কেন্দ্রীয়ভাবে আয়োজিত আলোচনা সভা বাস্তব ও ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন জনাব মো: জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব মেজবাহ উদ্দিন, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং **Mr.Kristine Blokhus,** Country Representative, UNFPA-Bangladesh. অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক জনাব মো: আজহারুল ইসলাম খান। আরোও উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব, উপসচিব ও অন্যান্য কর্মকর্তাগণ, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালকগণসহ সকল পর্যায়ের কর্মকর্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ ও যুবসংগঠন ও সফল আত্মকর্মীগণ। মাঠ পর্যায় থেকে উপপরিচালক, যুবসংগঠক এবং প্রশিক্ষণার্থীগণ ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

## যুব সংগঠন নিবন্ধন এবং পরিচালনা

যুব সংগঠনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন ২০১৫ প্রণীত হয়েছে। আইনটি কার্যকর করার জন্যে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন ২০১৭ প্রণীত হয়েছে। যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন ২০১৫ এর আওতায় যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম অব্যাহত রয়েছে। জুন/২০২৩ পর্যন্ত স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা-২৪২৩ এবং নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা-৪০১৪টি। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি উপজেলায় কমপক্ষে ১টি করে যুব সংগঠন নিবন্ধনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

## জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন

মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস ও অপরাধমূলক কর্মকাণ্ডের বিষয়ে সচেতন করার লক্ষ্যে বিভাগ/জেলা ও উপজেলা পর্যায়ে জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করা হয়। এসব সভা/সেমিনারে যুব সংগঠক, প্রশিক্ষণার্থী, যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণ করে থাকেন। স্থানীয় জনপ্রতিনিধি, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ সভা/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন। ২০২২-২০২৩ অর্থবছরে ২৯২টি জনসচেতনতামূলক সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে ৫৬৫টি জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

## জাতীয় যুব কাউন্সিল গঠন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২১ এর বিধি ৮(ক), ৯(১) ও ৯(২) অনুযায়ী ২০২৩ থেকে ২০২৪ মেয়াদে (দুই বছরের জন্যে) জাতীয় যুব কাউন্সিল গঠনের নিমিত্ত প্রত্যেক জেলা থেকে ০১(এক)জন করে ৬৪ জন। বিশেষ শ্রেণিভূক্ত যুব ০৬(ছয়)জন এবং অন্যান্য শ্রেণিভুক্ত যুব ০৫(পাঁচ)জনসহ মোট ৭৫(পঁচাত্তর)জন সদস্যবিশিষ্ট সাধারণ পরিষদ গঠন করা হয়। বিধি ৮(খ) এবং বিধি ১০(১), ১০(২) মোতাবেক কার্যনির্বাহী পরিষদ গঠনের জন্যে ১১.০৪.২০২৩খ্রি. তারিখে ৩(তিন) সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। নির্বাচন কমিশন ২৭ মে ২০২৩ নির্বাচনের তারিখ নির্ধারণ করে ০৩.০৫.২০২৩খ্রি. তারিখে সিডিউল ঘোষণা করে। তৎপ্রেক্ষিতে গত ২৭.০৫.২০২৩ এ জাতীয় যুব কাউন্সিলের কার্যনির্বাহী পরিষদের সদস্যদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে সভাপতি পদে জনাব মাসুদ আলম, পিতা-আজাহার উদ্দিন, শ্যামলী, ঢাকা এবং সাধারণ সম্পাদক পদে জনাব তানজিনুল ইসলাম, পিতা-মোহাম্মদ জামাল উদ্দীন, চকরিয়া, কক্সবাজার নির্বাচিত হন। সাধারণ পরিষদ এবং কার্যনির্বাহী পরিষদের সমন্বয়ে জাতীয় যুব কাউন্সিল গঠন করা হয় এবং ০৬.০৮.২০২৩খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ২০২৩ ও ২০২৪ মেয়াদে (দুই বছরের জন্যে) জাতীয় যুব কাউন্সিল গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

## কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম

যুব উন্নয়ন অধিদপ্তর কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম, এশিয়া সেন্টারের সহযোগিতায় দূর প্রশিক্ষণ কোর্স, সেমিনার, কর্মশালা, যুব বিনিময় কর্মসূচি ও রিজিওনাল এ্যাডভাইজারি বোর্ড মিটিং ইত্যাদি আয়োজন করে আসছে। কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম, এশিয়া সেন্টার থেকে এ যাবৎ ৭৬ জন কর্মকর্তা/যুবসংগঠনের প্রতিনিধি যুব উন্নয়ন বিষয়ে ডিপ্লোমা লাভ

করেছেন। পরবর্তীতে যুব উন্নয়ন অধিদপ্তর ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে কমনওয়েলথ দূর প্রশিক্ষণ ডিপ্লোমা কোর্সের আওতায় ৯৯ জন ছাত্র-ছাত্রী ডিপ্লোমা অর্জন করেছে।

## আন্তর্জাতিক সাহায্য সংস্থার সাথে সম্পর্ক

জাইকা (জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থা), কোইকা (কোরিয়া আন্তর্জাতিক সহযোগী সংস্থা), জাতিসংঘ এবং এর অংগ সংস্থা ইউএনডিপি, ইউএনএফপিএ, এসকাপ, ইউনেস্কো, আমেরিকান পিস কোর এবং আইএলও ইত্যাদি আন্তর্জাতিক সাহায্য সংস্থা যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মসূচির সফল বাস্তবায়নে সহযোগিতা প্রদান করে আসছে। ইতোমধ্যে জাইকার ৪৪ জন, কোইকার ৫০ জন এবং আমেরিকান পিস কোরের ৯৭ জন স্বেচ্ছাসেবী এবং জাতিসংঘের ৪৬ জন ইউএনভি কাজের মেয়াদ শেষে দেশে ফিরে গিয়েছে।

## জাতীয় যুবনীতি

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলার জন্যে একটি যুগোপযোগী জাতীয় যুবনীতি প্রণয়নের লক্ষ্যে ২০০৩ সালে অনুমোদিত যুবনীতি সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করে বর্তমান সময়ের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ একটি নতুন যুবনীতি প্রণয়নের দায়িত্ব যুব সংগঠন বিওয়াইএলসি-কে প্রদান করা হয়। বিওয়াইএলসি বিভিন্ন পর্যায়ের যুবদের সাথে মতবিনিময়, বিভাগীয় পর্যায়ে কর্মশালার আয়োজন করে জাতীয় যুবনীতির একটি খসড়া প্রণয়ন করে। প্রণীত খসড়ার উপর সমাজের সকল পর্যায়ের ব্যক্তিবর্গের মতামত গ্রহণ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে উপস্থাপন এবং সর্বশেষ জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের নিয়ে আয়োজিত কর্মশালায় জাতীয় যুবনীতির খসড়া চূড়ান্ত করা হয়। জাতীয় যুবনীতি মন্ত্রিসভা কর্তৃক ২০১৭ সালে অনুমোদিত হয়েছে। জাতীয় যুবনীতি বাস্তবায়নের জন্যে ন্যাশনাল প্ল্যান অব এ্যাকশন এবং ইয়ুথ ইনডেক্স প্রণয়ন করা হয়েছে।

## কমনওয়েলথ পুরস্কার

কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম, এশিয়া সেন্টার এশীয় অঞ্চলের কমনওয়েলথভূক্ত দেশসমূহে যুব কার্যক্রম বাস্তবায়নে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা এবং যুবসংগঠনের সমাজ উন্নয়নমূলক কাজের স্বীকৃতি হিসেবে প্রতি বছর বিভিন্ন শিরোনামে কমনওয়েলথ পুরস্কার প্রদান করে থাকে। বাংলাদেশে যুব কার্যক্রমের মাধ্যমে সমাজ উন্নয়নমূলক কর্মকান্ড কৃতিত্বপূর্ণ অবদানের জন্যে এ পর্যন্ত ৭ (সাত) জন সফল যুবসংগঠক কমনওয়েলথ এ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইয়ুথ ওয়ার্ক এ্যাওয়ার্ড, ৮ (আট) জন কমনওয়েলথ ইয়ুথ সার্ভিস এ্যাওয়ার্ড, ১ (এক) জন সফল আত্মকর্মী প্যান কমনওয়েলথ ইয়ুথ সার্ভিস এ্যাওয়ার্ড এবং ৩ (তিন) জন সফল যুবসংগঠক কমনওয়েলথ ইয়ুথ সিলভার এ্যাওয়ার্ড পেয়েছেন।

## সার্ক ইয়ুথ এ্যাওয়ার্ড

সার্ক ইয়ুথ এ্যাওয়ার্ড স্কিম ১৯৯৭ সাল থেকে চালু করা হয়েছে। সার্ক অঞ্চলের দেশসমূহের মধ্যে যুব কার্যক্রমকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতি বছর সার্ক সচিবালয় থেকে সমাজ উন্নয়নমূলক কর্মকান্ড অসাধারণ কৃতিত্বের জন্যে সার্ক ইয়ুথ এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এ পর্যন্ত বাংলাদেশের ২ (দুই) জন সফল যুবসংগঠক সমাজ উন্নয়নমূলক কর্মকান্ড কৃতিত্বপূর্ণ অবদানের জন্যে সার্ক ইয়ুথ এ্যাওয়ার্ড পেয়েছেন।

## যুব কার্যক্রম বাস্তবায়নে বর্তমান সরকারের অর্জন (০১ জানুয়ারি ২০০৯ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| ক্র:নং | কর্মকান্ডের বিষয় | অধিদপ্তরের শুরু থেকে জুন, ২০২৩ পর্যন্ত অর্জন | বর্তমান সরকারের অর্জন |
|---|---|---|---|
| ০১ | বেকার যুবদের প্রশিক্ষণ | ৬৯, ১১, ১১৮ জন | ৩৬, ১৩, ৫৮৭ জন |
| ০২ | প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান | ২৩, ৮২, ০০০ জন | ৮২, ৮, ০১৭ জন |
| ০৩ | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান | ২, ৩৫, ৩৪৭ জন | ২, ৩৫, ৩৪৭ জন |
| ০৪ | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় দুই বছরের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | ২, ৩২, ৯৯৬ জন | ২, ৩২, ৯৯৬ জন |
| ০৫ | ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ | ১৬৬৯০৪.৫১ লক্ষ টাকা | ১৩৯০৫৮.৭৮ লক্ষ টাকা |
| ০৬ | ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা | ১৮, ৩০, ২৮৭ জন | ৫, ৪৫, ১১০ জন |
| ০৭ | নতুন প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন | ৩৫ টি | ১৬ টি |
| ০৮ | আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ | ৬৪ টি | ১১ টি |
| ০৯ | আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোর উর্ধ্বমুখি সম্প্রসারণ | - | ২৯ টি |
| ১০ | উপজেলা কার্যালয়ে মোটর সাইকেল বিতরণ | ১০৯৬ টি | ৬২০ টি |
| ১১ | ইন্টারনেট সার্ভিস সুবিধা | - | ৬৪টি জেলা ও ৫০০ টি উপজেলা |
| ১২ | যুব সংগঠনকে অনুদান প্রদান | ৩১৪৪.২৬ লক্ষ টাকা | ৩১৯.৪২ লক্ষ টাকা |
| ১৩ | অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা | ১৫, ৫৬৮ টি | ১১৯০ টি |
| ১৪ | নিবন্ধনকৃত ও স্বীকৃত প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা | ৬, ৪০০ টি | ৬, ৪০০ টি |
| ১৫ | তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ১৮, ৪৫৮ টি | ৫, ৩৪৩ টি |
| ১৬ | যুব পুরস্কার প্রদান | ৫১৯ জন | ২৭৫ জন |
| ১৭ | উন্নয়ন খাত থেকে রাজস্বখাতে স্থানান্তরের সংখ্যা | ৪৮৭৬ জন | ১১৮0 জন |
| ১৮ | নিয়মিতকরণের সংখ্যা | ৪২৭৩ জন | ২৯৭৬ জন |
| ১৯ | পদ স্থায়ীকরণের সংখ্যা | ৪২৭১ টি | ৩৮২৬ টি |
| ২০ | পদোন্নতির সংখ্যা | ৩০৮ জন | ৫৪৯ জন |
| ২১ | নিয়োগের সংখ্যা | ৫৬১২ জন | ৯৩৪ জন |
| ২২ | পদ সৃজন | - | ১৩৮৮টি |
| ২৩ | পদ আপগ্রেড | - | ক) মহাপরিচালক(গ্রেড-১)- ১টি খ)উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা- ৫০৪টি |

### বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র এবং কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে পরিচালিত যুব সংগঠকদের জন্যে প্রশিক্ষণ কোর্সসমূহ

১. গার্মেন্টস ফিটিং বিষয়ক প্রশিক্ষণ ২. ট্যুরিস্ট গাইড বিষয়ক প্রশিক্ষণ ৩. বাসের সুপার ভাইজার বিষয়ক প্রশিক্ষণ ৪. ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ ৫. সেলাই অ্যান্ড গার্মেন্টস বিষয়ক প্রশিক্ষণ ৬. বাটিক ও ব্লক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ ৭. যুব সংগঠন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ৮. সমাজ ও গোষ্ঠি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ৯.যুবকর্ম ও যুব ক্ষমতায়ন বিষয়ক প্রশিক্ষণ ১০. ডিজিটাল বাংলাদেশ সরকারের উদ্যোগ এবং যুবদের সুবিধা বিষয়ক প্রশিক্ষণ ১১. নেতৃত্ব বিকাশ ও যুব সংগঠন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ১২. ট্যুরিষ্ট গাইড ও পর্যটন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ১৩. অটিজম, ডিজএবিলিটি এবং যুবদের দায়িত্ব বিষয়ক প্রশিক্ষণ ১৪. ক্ষুদ্র ব্যবসা এবং উদ্যোগতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ১৫. কমিউনিকেটিভ ইংলিশ

বিষয়ক প্রশিক্ষণ ১৬. অনলাইন আর্নিং (এসইও, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডেভেলপমেন্ট) বিষয়ক প্রশিক্ষণ ১৭. হাউজ কিপিং ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ১৮. নৈতিকতা, শিষ্টাচার ও মূল্যবোধ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ১৯. জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ২০. রিসিপশন এবং কাস্টমার সার্ভিসেস বিষয়ক প্রশিক্ষণ ২১. দেশপ্রেম, মনোভঙ্গি এবং যুব দায়িত্ব বিষয়ক প্রশিক্ষণ ২২. স্বাস্থ্য সচেতনতা এবং যুব দায়িত্ব বিষয়ক প্রশিক্ষণ ২৩. লাইভস্কীল অ্যান্ড ফ্যামিলি এডুকেশন বিষয়ক প্রশিক্ষণ ২৪. স্যানিটেশন অ্যান্ড ওয়াস্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ ২৫. অনলাইন আর্নিং (এসইও, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডেভেলপমেন্ট) বিষয়ক রিফ্রেশার প্রশিক্ষণ।

## বগুড়া আঞ্চলিক যুব কেন্দ্র এবং কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের মাধ্যমে পরিচালিত কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ কোর্সসমূহ

১. আচরণ ও শৃংখলা বিষয়ক প্রশিক্ষণ ২. নিরীক্ষা ও অর্থ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ৩. ইন্টারনেট ও ট্রাবল স্যুটিং বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ ৪. কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড ট্রাবল স্যুটিং বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ ৫. ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ ৬. ই-ফাইলিং বিষয়ক রিফ্রেশার প্রশিক্ষণ ৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রশিক্ষক প্রশিক্ষণ ৮. কমিউনিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ বিষয়ক প্রশিক্ষণ ৯. আধুনিক অফিস ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ ১০. বিষয়ভিত্তিক প্রশিক্ষক প্রশিক্ষণ ১১. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিষয়ক প্রশিক্ষণ ১২. বিষয় ভিত্তিক রিফ্রেশার প্রশিক্ষণ ১৩. বুনিয়াদি প্রশিক্ষণ ১৪. ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ১৫. ইন্টারনেট ও প্রশাসনিক কার্যক্রম বিষয়ক বিশেষ প্রশিক্ষণ।

## সারকথা

যুবসমাজ দেশের জনশক্তির সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের মূল চালিকাশক্তি। বাংলাদেশের ন্যায় উন্নয়নশীল দেশের ক্ষেত্রে যুবশক্তিকে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে সম্পৃক্ত করার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যুবদের রয়েছে অফুরন্ত প্রাণশক্তি, সৃজনশীল কর্মক্ষমতা, ক্লান্তিহীন উৎসাহ, ঝড়ের ন্যায় গতিবেগ, অদম্য কর্মস্পৃহা ও কর্মোদ্দীপনা। জাতীয় উন্নতি অনেকাংশে যুবসমাজের সঠিক ব্যবহারের উপর নির্ভরশীল। যুব সমাজকে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ, ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত এসডিজি, সর্বোপরি ২০৪১ সালের মধ্যে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে লাগানো ছাড়া কোন বিকল্প আমাদের সামনে নেই। সে লক্ষ্যে অধিদপ্তরের কার্যক্রম তৃণমূল পর্যায় পর্যন্ত আরো বিস্তৃত করে দেশে এবং বিদেশে যুবদের অধিকহারে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব খাতে বরাদ্দ বৃদ্ধি করতে হবে। যুবদের ক্রমাগত শহরমুখি প্রবণতা রোধকল্পে যুবদেরকে স্বীয় অবস্থানে রেখে বিভিন্ন উৎপাদনমুখি বিষয়ে প্রশিক্ষণ দিয়ে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে হবে। কর্মমুখি ও উৎপাদনমুখি প্রশিক্ষণ গ্রহণ করে কর্মপ্রত্যাশী যুবসমাজ একদিকে যেমন নিজেদের জন্যে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবে, অন্যদিকে জাতীয় অর্থনীতিতে অবদান রাখতেও সক্ষম হবে। ফলশ্রুতিতে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা'র সার্থক রূপায়ন সম্ভব হবে।



Economic Acceleration and Resilience for NEET (EARN) “ক্রীড়া প্রকল্পের ১৫তম একনেক সভায় অনুমোদনের পর ধারনকৃত স্থিরচিত্র বাম হতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের জনাব শামসুল আলম।



যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর জেলা কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং অনুষ্ঠানের সভাপতি জনাব ফরহাদ হোসেন এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়।



নতুন ৭টি আইসিটি ট্রেনিং ভ্যানের চাবি হস্তান্তরে ছবি



আইসিটি ট্রেনিং ভ্যানর পরিদর্শন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের
মাননীয় প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



টেকাব ২য় পর্যায় প্রকল্পের আইসিটি ট্রেনিং ভ্যানে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলা কম্পিউটার প্রশিক্ষণ উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্যগণ জনাব সিমিন হোসেন রিমি এবং জনাব সুবর্ণা মুস্তাফা



টেকাব ২য় পর্যায় প্রকল্পের চলমান আইসিটি প্রশিক্ষণ ভ্যানে লক্ষীপুর জেলার রায়পুর উপজেলায় চলমান ২ মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিদর্শন করেন জনাব সুরাইয়া জাহান, জেলা প্রশাসক সার্বিক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট লক্ষীপুর, উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব অঞ্জন দাশ।



টেকাব ২য় পর্যায় প্রকল্পের চলমান আইসিটি প্রশিক্ষণ ভ্যানে ২ মাস মেয়াদী বগুড়া জেলার শেরপুর উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কোর্স পরিদর্শন করেন জনাব কাজী মোখলেছুর রহমান, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়




ঢাকা শেরেবাংলানগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র-সংলগ্ন মাঠে অনুষ্ঠিত 'ঢাকা ক্যাট্‌ল এক্সপো-২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামাল এমপি এবং সভাপতি জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



শহীদ আহসান উল্লাহ মাস্টার যুব প্রশিক্ষণ কেন্দ্র গাজীপুর-এ 'সমন্বিত খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ' কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়




যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা SDG নির্দেশক ৮.৬ এর বাস্তবায়ন-সংক্রান্ত কর্মশালায় প্রধান অতিথি মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি ও উচ্চপদস্থ অন্যান্য কর্মকর্তাবৃন্দ




যুবউদ্যোক্তা নীতিমালা ২০২২ বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ নিরসনে করণীয়শীর্ষক কর্মশালার প্রধান অতিথি মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি। বিশেষ অতিথি জনাব মোঃ আজহারুল ইসলাম খান, মহাপরিচালক (গ্রেড-১), যুবউন্নয়ন অধিদপ্তর



টঙ্গীতে নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করছেন জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। উপস্থিত আছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আজহারুল ইসলাম খান ও গাজীপুর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব আসাদুর রহমান কিরণ



শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টিশীর্ষক প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



৭ মে বীর মুক্তিযোদ্ধা শহীদ আহসান উল্লাহ মাস্টার এমপি এর ১৯তম শাহাদত বার্ষিকীতে তাঁর সমাধিতে মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এর নেতৃত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি




৭ মার্চ ২০২৩ উপলক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ




যুব উন্নয়ন অধিদপ্তর ও Save the Children, Spellbound এবং Earth Society এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানের সভাপতি জনাব মোঃ আজহারুল ইসলাম খান এর সাথে সংশ্লিষ্ট অন্যান্যগণ




যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইমপ্যাক্ট প্রকল্পের জনবলের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ



২০২২-২০২৩ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ ও আত্মকর্ম সৃজন কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন শীর্ষক চট্টগ্রাম বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথিদের ফুলেল অভ্যর্থনা




যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আজহারুল ইসলাম খান এর সাথে Bangladesh Youth Leadership Center (BYLC) এর প্রতিনিধিবৃন্দ




যুব উন্নয়ন অধিদপ্তরে জাতির পিতার ১০৩তম জন্মদিন উদযাপন করছেন অন্যান্য কর্মকর্তাসহ জনাব মোঃ আজহারুল ইসলাম খান, মহাপরিচালক (গ্রেড-১) যুব উন্নয়ন অধিদপ্তর



যুব উন্নয়ন অধিদপ্তর ও ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটির মধ্যে ০২ (দুই) বছর মেয়াদী সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোঃ আজহারুল ইসলাম খান এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

# তৃতীয় অধ্যায়




# SHNIYD

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
ফোনঃ +৮৮০২২২৪৪২৬০৩০
ইমেইলঃ dgshniyd@shniyd.gov.bd
ওয়েবসাইটঃ www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচিতি

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় যুব উন্নয়ন বিষয়ক কার্যক্রম এদেশের উন্নয়ন মাত্রার গতি নির্ধারক। যুবদের উদ্যোগ ও উদ্ভাবনী ক্ষমতার সঠিক বিকাশ ও তা কার্যক্ষেত্রে সর্বোত্তম ব্যবহারের জন্যে প্রয়োজন পরিপূর্ণ শিক্ষা ও উপযুক্ত প্রশিক্ষণ। এ গুরুত্ব অনুধাবন করে এবং যুবদের প্রতি গভীর মমত্ববোধ থেকে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা ১৯৯৮ সনে এ কেন্দ্রের নাম "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র" প্রতিষ্ঠার সদয় সম্মতি জ্ঞাপন করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন সাভারে অবস্থিত যুব প্রশিক্ষণ কেন্দ্রের অভিন্ন জমি এবং অবকাঠামোতে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের কার্যক্রম ১৯৯৮ সনে শুরু হয়।




চিত্র: প্রশাসনিক কাম একাডেমিক ভবন

২০০৬ সালে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত থোক বরাদ্দ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের বিভিন্ন কার্যক্রম চলমান থাকে। ২০১৪ সালের ডিসেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় জনবলসহ কেন্দ্রটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কার্যক্রমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র শক্তিশালী ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প মার্চ, ২০১৫ মাসে গ্রহণ করা হয়। প্রকল্পটি জুন ২০২১ মাসে সমাপ্ত হয়।




উল্লেখ্য যে, দেশের সম্ভাবনাময় যুব ও যুব নারীর প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন গঠনমূলক কর্মকাণ্ডে বৃহত্তর পরিসরে তাদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার উদ্দেশ্য "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮" প্রণীত হয়। এ আইনের ০৩ ধারা অনুযায়ী শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত সর্বমোট ৭২০৫ জন যুব ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৩টি বিষয়ে ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্সসহ ১৬টি বিষয়ে সংক্ষিপ্ত কোর্স আয়োজনের ব্যবস্থা গৃহীত হয়েছে। ইনস্টিটিউটকে "Center of Excellence" হিসেবে প্রতিষ্ঠাকল্পে কার্যক্রম চলমান রয়েছে।

# শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ভিশন ও মিশন

## ভিশন

"স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা"

## মিশন

কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকল্পে যুব সমাজকে যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলা।
শিক্ষা, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে যুব সমাজের ধারাবাহিক উন্নয়নে অবদান রাখা।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদ







শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর কার্যাবলি

## অবস্থান

ঢাকা বিভাগের ঢাকা জেলার অন্তর্গত সাভার উপজেলাধীন আশুলিয়া থানার পাথালিয়া ইউনিয়নে ঢাকা আরিচা মহাসড়কের ডেইরি ফার্ম গেইট (কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার) সংলগ্ন স্থানে প্রতিষ্ঠানটি অবস্থিত।

## ভূমি-সংক্রান্ত তথ্য

| | |
|---|---|
| শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের জমি থেকে প্রাপ্ত- | = ৩.০০ একর জমি |
| বাংলাদেশ প্রাণীসম্পদ গবেষণা ইনস্টিটিউট হতে প্রাপ্ত- | = ৩.৩৮ একর জমি |
| সর্বমোট | = ৬.৩৮ একর জমি |




## জনবল:

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.০০৪.১৯ (অংশ-১)-২৫৬; তারিখ-০৩/০৬/২০২১ খ্রি; মূলে ৪৫ টি পদ সৃজনের প্রশাসনিক অনুমোদন জারি করা হয়।

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক | ০১টি |
| ০২ | রেজিস্ট্রার | ০১ টি |
| ০৩ | পরিচালক | ০১টি |
| ০৪ | উপ-পরিচালক | ০২টি |
| ০৫ | প্রভাষক | ০৬টি |
| ০৬ | সহকারী পরিচালক | ০৪টি |
| ০৭ | ইনস্ট্রাক্টর | ১২টি |
| ০৮ | উপ-সহকারী প্রকৌশলী | ০১টি |
| ০৯ | সহকারী হোস্টেল সুপার | ০১টি |
| ১০ | সহকারী লাইব্রেরিয়ান | ০১টি |
| ১১ | ব্যক্তিগত সহকারী | ০২টি |
| ১২ | হিসাব রক্ষক | ০১টি |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৪টি |
| ১৪ | স্টোর কিপার | ০১টি |
| ১৫ | অফিস সহায়ক | ০৬টি |
| ১৬ | হিসাব সহকারী | ০১টি |
| | মোট | ৪৫টি |

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ অনুসারে ইনস্টিটিউটের মহাপরিচালক ও রেজিস্ট্রার পদ ২টি পূরণ করা হয়েছে। বর্তমানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১জন সিনিয়র সহকারী সচিব, উপপরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তরের ০২জন উপপরিচালক, ০৬জন সহকারী পরিচালকসহ মোট ৩৬জন কর্মকর্তা/কর্মচারী সংযুক্তির আদেশ বলে ইনস্টিটিউটে কর্মরত আছেন। ইনস্টিটিউটের জনবল কাঠামোভুক্ত ৩৭জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ সম্পন্ন হয়েছে।

## ইনস্টিটিউটের পরিচালিত কর্মসূচিসমূহ



"Diploma In Tourism And Hospitality Management" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

**Diploma in Tourism and Hospitality Management**

**Diploma in Web Application and Web Development**



"Diploma In Web Application And Web Development" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Diploma In ICT" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

**Diploma in Information and Communication Technology.**

ক) সংক্ষিপ্ত কোর্সসমূহ

| নং | প্রশিক্ষণের নাম | মেয়াদ |
|---|---|---|
| 1. | Food & Beverage Production | 03 Months |
| 2. | Bakery & Pastry Production | 03 Months |
| 3. | Graphics Design and Multimedia | 01/02 Months |
| 4. | Digital Marketing | 01/02 Months |
| 5. | Web Site Design and Application Development and Outsourcing Technology | 01/02 Months |
| 6. | Data Entry | 02/04 Weeks |
| 7. | Communicative Language (English) | 04 Weeks |
| 8. | SEO | 04 Weeks |
| 9. | Web Site Design | 04 Weeks |
| 10. | Adobe Photoshop & Illustrator | 02 Weeks |
| 11. | Multimedia Design | 02 Weeks |
| 12. | Refreshers Course on Graphics Design and Multimedia | 02 Weeks |
| 13. | Refreshers Course on Digital Marketing | 02 Weeks |
| 14. | Tour Guide and Eco Tourism Management. | 02 Weeks |
| 15. | Reception and Customer Service | 02 Weeks |
| 16. | Youth Leadership and Organizational Management. | 02 Weeks |
| 17. | Small Business, Entrepreneurship Development. | 02 Weeks |



“Small Business and Entrepreneurship Development” Training Course. Duration: 06-19 August, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



“Graphics Design and Multimedia” Training Course. Duration: 20 September- 18 November, 2022. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



“Bakery and Pastry Production” Training Course. Duration: 18 January - 17 April, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



“Adobe Photoshop & Illustrator” Training Course. Duration: 18-31 January, 2023. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



“Digital Marketing” Training Course. Duration: 20 September- 18 November, 2022. Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

## খ) গবেষণা

বিশ্বমানের নেতৃত্বের গুণাবলি ক্ষমতায়নে যুবদের সঠিক দিক নির্দেশনা এবং কর্মমুখী প্রশিক্ষণের কেন্দ্র নিবার্চন এবং প্রতিবন্ধকতা দূরীকরণে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে Skills Requirements for Youth Development Targeting - 2041 বিষয়ে একটি গবেষণার কার্যক্রম সম্পাদিত হয়েছে।





## গ) কর্মশালা

যুব ও যুব সংগঠনগুলোকে ফলপ্রসূভাবে পরিচালনা ও উৎসাহিত করার নিমিত্তে সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, গবেষকবৃন্দের সমন্বয়ে নির্ধারিত বিভিন্ন বিষয়ের উপর কর্মশালা অনুষ্ঠিত হয়। এসব কর্মশালার মাধ্যমে মেধাবী যুবরা সামাজিক উন্নয়ন, আবিষ্কার, উদ্ভাবন, বিভিন্ন শিক্ষা ও ধারণার উন্নয়ন ঘটাতে পারে। ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিল ও একাডেমিক কাউন্সিলের সদস্য, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, রিসোর্সপার্সন, নির্বাচিত প্রশিক্ষণার্থী, যুব সম্প্রদায়ের প্রতিনিধি ৫১ জন অংশগ্রহণকারীর উপস্থিতিতে "৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় যুবদের প্রশিক্ষিত করে গড়ে তোলা: প্রতিবন্ধকতা ও সম্ভাবনা"-শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।












## ঘ) যুব সমাবেশ

বাংলাদেশ একটি অনন্য সৃষ্টিশীল দেশ। এ দেশের রয়েছে সমৃদ্ধ ইতিহাস। দেশের মধ্যে বিভিন্ন অঞ্চলের রয়েছে অনন্য সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্ট্য। এ সকল ঐতিহ্য ও বৈশিষ্ট্যের উৎকর্ষতা সাধন এবং বিভিন্ন শ্রেণী/গোষ্ঠীর যুবদের সমন্বয়ে এ সমাবেশের আয়োজন করা হয়। এ সমাবেশের মাধ্যমে তাদের ধারণা ও দৃষ্টিভঙ্গী আদান প্রদান এবং সমৃদ্ধ করতে প্রতি বছর একবার যুবদের সমাবেশের আয়োজন করা হয়। ২০২২-২৩ অর্থবছরে মার্চ মাসে এই যুব সমাবেশ আয়োজন করা হয়, যেখানে মোট ৭০০ জন যুব ও যুবনারী অংশগ্রহণ করেন।







### ঙ) যুব মতবিনিময়

জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্য দেশের বিভিন্ন পর্যায়ের যুব সংগঠনের সদস্য, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, যুব পুরস্কারপ্রাপ্ত, উদ্যোক্তাসহ বিভিন্ন শ্রেণীর যুবদের সমন্বয়ে মোট ২০০ জন যুব ও যুবনারী প্রতিনিধিদের অংশগ্রহণে ০৫ দিনব্যাপী যুব মতবিনিময় কর্মসূচি অনুষ্ঠিত হয়।













## বর্তমান অবকাঠামো

- প্রশাসনিক কাম একাডেমিক ভবন
- শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম
- মেডিকেল সেন্টার
- লাইব্রেরি, ক্যাফেটেরিয়া ও জিমনেশিয়াম
- আন্তর্জাতিক হোস্টেল
- পুরুষ হোস্টেল
- মহিলা হোস্টেল
- মসজিদ
- কর্মকর্তাদের বাসস্থান
- কর্মচারীদের বাসস্থান
- স্মৃতি স্তম্ভ

## অবকাঠামো ভাড়ার তালিকা

| নং | অবকাঠামো | ভাড়ার পরিমাণ | | ভাড়ার সময়কাল |
|---|---|---|---|---|
| | | সরকারী ক্ষেত্রে | বেসরকারী ক্ষেত্রে | |
| ০১. | অডিটরিয়াম ৭০০ আসনবিশিষ্ট, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রিত | ২৫, ০০০/- | ৫০, ০০০/- | দৈনিক |
| ০২. | এল.ই.ডি. স্ক্রিন | ১০, ০০০/- | ২০, ০০০/- | ঐ |
| ০৩. | ক্লাশরুম ভাড়া (৫০-৭৫ আসনবিশিষ্ট এসি) | ৫০০০/- | ১০, ০০০/- | ঐ |
| ০৪. | হোস্টেলের সিট ভাড়া | ৩০০/- | ১০০০/- | ঐ |
| ০৫ | আন্তর্জাতিক হোস্টেলের সিট ভাড়া ( এসি সিঙ্গেল) | ৭৫০/- | ১৫০০/- | ঐ |
| | (এসি ডাবল) | ১০০০/- | ২, ০০০/- | ঐ |
| ০৬. | ক্যাফেটেরিয়া | ৫, ০০০/- | ১০, ০০০/- | ঐ |
| ০৭. | উন্মুক্ত অঙ্গন | ৫, ০০০/- | ১০, ০০০/- | ঐ |
| ০৮. | হল রুম | ১০, ০০০/- | ২০, ০০০/- | ঐ |
| ০৯. | সাপোর্ট সার্ভিস(ক্লিনার, ডাইনিং রুম এটেনডেন্ট, হোস্টেল পিয়ন ইত্যাদির) মোট ব্যয়ের ১০% | | | |
| ১০. | সার্ভিস চার্জ( যন্ত্রপাতি, অডিও ভিজুয়্যাল ইকুইপমেন্টস, ডাইনিং- এ ব্যবহৃত তৈজসপত্র) মোট ব্যয়ের ১০% | | | |


AUDITORIUM








Youth Research Cell


LIBRARY
CAFETERIA
GYMNASIUM


MEDICAL CENTRE





## সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম

- ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন
- ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন
- ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সভা আয়োজন
- ১.৪ শুদ্ধাচার-সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন
- ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর মন্ত্রণালয় হতে ফিডব্যাক গ্রহণ
- ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন
- ২.১ প্রতি বছর রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন
- ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন
- ২.৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম
- ৩. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ
- ৩.১ শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্ধারণ

## গৃহীত বিশেষ উদ্যোগ

- সকল প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন অনলাইনে সম্পন্নকরণ;
- প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব নারীদের ডাটাবেজ প্রণয়ন এবং কর্মসংস্থানে তাদের বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;
- প্রশিক্ষণপ্রাপ্তদের পর্যায়ক্রমে এ অংশগ্রহণের সুযোগ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদান তাদের বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;

# চতুর্থ অধ্যায়




## জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০, বাংলাদেশ
টেলিফোনঃ ৪১০৫০৫৫১, ৪১০৫০৫৫২, ফ্যাক্স: ৪১০৫০৫৫১
Email: info.nsc.portal.gov.bd
Website: www.nsc.portal.gov.bd

১৯৭৪ সনের ৫৭নং আইন বলে গঠিত জাতীয় ক্রীড়া পরিষদ একটি স্ব-শাসিত বিধিবদ্ধ প্রতিষ্ঠান। দেশের ক্রীড়া প্রশাসনের সুবিস্তৃত কাঠামোতে এই পরিষদ সরকার ও স্বেচ্ছাধর্মী বেসরকারী পর্যায়ের বিভিন্ন জাতীয় ক্রীড়া ফেডারেশন ও আঞ্চলিক সংস্থাগুলোর মধ্যে সংযোগ রক্ষাকারী প্রতিষ্ঠান। পরিষদ দেশে বিভিন্ন ক্রীড়া ও প্রশিক্ষণ কর্মকান্ড আয়োজনে সহায়তা প্রদান করছে। দেশের বাইরে গমনের জন্যে সকল ক্রীড়াব্যক্তিত্ব ও ক্রীড়া প্রতিনিধি দলের সরকারী অনুমোদনের ব্যবস্থাও পরিষদ করে থাকে।

পরিষদ ঢাকা শহরের বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, শেরে বাংলা জাতীয় স্টেডিয়াম, মওলানা ভাসানী স্টেডিয়াম, শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়াম, মিরপুরস্থ আন্তর্জাতিক মানসম্পন্ন সৈয়দ নজরুল ইসলাম সুইমিং কমপ্লেক্স, তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়াম, ধানমন্ডিস্থ ক্রীড়া পরিষদ জিমনেসিয়াম, মিরপুরস্থ ক্রীড়াপল্লী, ধানমন্ডিস্থ সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্স, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংলগ্ন আইভি রহমান সুইমিংপুল, শেখ রাসেল উপজেলা মিনি স্টেডিয়াম, প্রধান ভবনসহ ২০ তলা বিশিষ্ট এনএসসি টাওয়ার ভবন এবং আরো কয়েকটি ক্রীড়া চত্বর ও ভৌত সুবিধাদি সরাসরি রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে। বিভিন্ন এফিলিয়েটেড ক্রীড়া সংস্থা পরিষদের অনুমতিক্রমে এ সকল ভৌত সুবিধাদি ক্রীড়া কর্মকান্ডে সার্বক্ষণিকভাবে ব্যবহার করে আসছে। এছাড়াও বর্তমান জাতীয় ক্রীড়া পরিষদে ১৫জন অভিজ্ঞ ক্রীড়া প্রশিক্ষক রয়েছে, যাদের মাধ্যমে জাতীয় ও স্থানীয় পর্যায়ে খেলোয়াড়দের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে।

**১। জাতীয় ক্রীড়া পরিষদের গঠন ও কার্যপ্রণালী (প্রতিনিধিত্বকারী ব্যক্তি/সংগঠনের সর্বমোট সংখ্যা ১৫৮জন) :** জাতীয় ক্রীড়া পরিষদ একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান হলেও এর একটি সাধারণ পরিষদ ও একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কার্যনির্বাহী পরিষদ রয়েছে। সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের গঠন নিম্নরূপ:

**সাধারণ পরিষদ:**

| | | |
|---|---|---|
| ১. চেয়ারম্যান | - | চেয়ারম্যান |
| ২. ভাইস-চেয়ারম্যান | - | সদস্য |
| ৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৬. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ১১. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | - | সদস |
| ১৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ১৪. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য |
| ১৫. সভাপতি, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন | - | সদস্য |
| ১৬. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | সদস্য |
| ১৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | - | সদস্য |
| ১৮. জাতীয় ক্রীড়া সংস্থাসমূহের সভাপতি বা সাধারণ সম্পাদক | - | সদস্য |
| ১৯. সকল বিভাগীয় ক্রীড়া সংস্থার সম্পাদক এবং জেলা ক্রীড়া সংস্থাসমূহের একজন করে প্রতিনিধি যারা স্ব-স্ব সংস্থা কর্তৃক মনোনীত হবেন | - | সদস্য |
| ২০. সেনাবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| ২১. বিমান বাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| ২২. বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার সভাপতি | - | সদস্য |

| | | |
|---|---|---|
| ২৩. নৌবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| ২৪. বাংলাদেশ রেলওয়ে ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| ২৫. বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ২৬. আনসার ও ভিডিপি ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ২৭. আন্তঃবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ২৮. আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার প্রতিনিধি | - | সদস্য |
| ২৯. সরকার কর্তৃক মনোনীত ৩ (তিন) জন খ্যাতনামা ক্রীড়াবিদ যাদের মধ্যেএকজন ক্রীড়া সংগঠক ও একজন মহিলা হবেন | - | সদস্য |
| ৩০. কোষাধ্যক্ষ, জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য |
| ৩১. পরিচালক (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য |

### ২। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যনির্বাহী কমিটি : সংখ্যা মোট ২২ জন

| | | |
|---|---|---|
| ১. চেয়ারম্যান | - | সভাপতি |
| ২. ভাইস চেয়ারম্যান | - | সহ-সভাপতি |
| ৩. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| ৮. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | সদস্য |
| ৯. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | - | সদস্য |
| ১০. বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি বা তৎকর্তৃক মনোনীত কোনো প্রতিনিধি | - | সদস্য |
| ১১. সভাপতি, বাংলাদেশ ফুটবল ফেডারেশন | - | সদস্য |
| ১২. সভাপতি, বাংলাদেশ ক্রিকেট বোর্ড | - | সদস্য |
| ১৩. সভাপতি, বাংলাদেশ হকি ফেডারেশন | - | সদস্য |
| ১৪. সভাপতি, বাংলাদেশ সুইমিং ফেডারেশন | - | সদস্য |
| ১৫. সভাপতি, বাংলাদেশ এ্যাথলেটিক্স ফেডারেশন | - | সদস্য |
| ১৬. সভাপতি, বাংলাদেশ শ্যুটিং ফেডারেশন | - | সদস্য |
| ১৭. সভাপতি, বাংলাদেশ কাবাডি ফেডারেশন | - | সদস্য |
| ১৮. জনাব হারুনুর রশীদ, সাবেক এমপি | - | সদস্য |
| ১৯. জনাব মোহাম্মদ আবদুল গাফফার বিশিষ্ট ক্রীড়া সংগঠক | - | সদস্য |
| ২০. বেগম কামরুন নাহার হীরু, বিশিষ্ট ক্রীড়া সংগঠক | - | সদস্য |
| ২১. কোষাধ্যক্ষ, জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য |
| ২২. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | - | সদস্য-সচিব |

এ ছাড়াও পরিষদ সদস্যদের মধ্যে থেকে একজন সদস্যকে সরকার কর্তৃক কোষাধ্যক্ষ পদে নিয়োগ/মনোনীত করা হয়। সরকার তথা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বাস্তবায়নের পাশাপাশি জাতীয় ক্রীড়া পরিষদ-এর কাউন্সিল (পরিষদ) ও কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্তসমূহও বাস্তবায়ন করে থাকে।

### ৩। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী :

১। দেশের ক্রীড়া উন্নয়ন এবং ক্রীড়া কর্মকান্ডের সমন্বয় সাধন
২। আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্যে ক্রীড়া সংস্থার প্রশিক্ষণ ও অনুশীলনের পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;
৩। স্টেডিয়াম, ব্যায়ামাগার, সুইমিংপুল, খেলার মাঠ এবং প্রশিক্ষণ অনুশীলন কেন্দ্রসহ বিভিন্ন ক্রীড়া স্থাপনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ;
৪। ক্রীড়াক্ষেত্রে সকল পর্যায়ের ক্রীড়াবিদ, প্রশিক্ষক, রেফারি, ফিজিও, পুষ্টিবিদ ও ক্রীড়া চিকিৎসকদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৫। ক্রীড়া সংস্থার স্বীকৃতি প্রদান;
৬। জাতীয় ক্রীড়া সংস্থা বা অন্য কোন ক্রীড়া সংস্থার জন্যে আর্দশ গঠনতন্ত্র প্রণয়ন;
৭। ক্রীড়া কর্মকান্ডের জন্যে জাতীয় ক্রীড়া সংস্থা, স্থানীয় ক্রীড়া সংস্থা ও অন্যান্য ক্রীড়া সংস্থাকে অনুদান প্রদান এবং স্টেডিয়াম, সুইমিংপুল ও ব্যায়ামাগার নির্মাণের জন্যে সহায়তা প্রদান ও তাদের নিরীক্ষিত হিসাবের প্রতিবেদন তলব, পরীক্ষা ও যাচাই বাছাইকরণ;
৮। বাংলাদেশ জাতীয় ঐতিহ্য ও এতদঞ্চলের অধিবাসীদের যাপিত জীবনের বিবর্তনের ধারা বহনকারী হিসেবে লোকজ ক্রীড়া চর্চা ও তার পৃষ্ঠপোষকতা এবং বহির্বিশ্বে তার প্রচার ও প্রসারে বিভিন্ন প্রীতি ও প্রতিযোগিতামূলক আসরের অনুমোদন;
৯। আন্তর্জাতিক ক্রীড়া অ্যাসোসিয়েশন, ফেডারেশন বা অনুরূপ কোনো সমিতিতে জাতীয় ক্রীড়া সংস্থার অন্তর্ভুক্তি বিবেচনা ও অনুমোদন;
১০। বিদেশগামী ক্রীড়াদল এবং সহগামী কর্মচারীগণের তালিকা অনুমোদন;
১১। ক্রীড়া ও ক্রীড়াবিদদের আর্থিক সাহায্য ও সহযোগিতা প্রদান;
১২। অসচ্ছল ক্রীড়াবিদদের আর্থিক সাহায্য ও সহযোগিতা প্রদান;
১৩। জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার প্রদান;
১৪। সরকার কর্তৃক, সময় প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, তার উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

### ৪। জাতীয় ক্রীড়া পরিষদের জনবল কাঠামো

| ক্রমিক | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | রাজস্ব খাতে | ৩৯৩ জন |
| ২. | অস্থায়ী পদে | ১৩২ জন |
| ৩. | সংরক্ষিত | ৩১ জন |
| ৪. | ওয়ার্কচার্জড (কার্যভিত্তিক) | ২১০ জন |
| | মোট = | ৭৬৬ জন |

উল্লেখ্য যে, জাতীয় ক্রীড়া পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের জন্যে ২০০৩ সালে সরকারীভাবে (বিধিগতভাবে) পেনশন প্রথা চালু হয়েছে। সারা দেশে খেলাধুলার সুবিধে বৃদ্ধিসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে খেলাধুলাকে বিস্তৃত করার লক্ষ্যে পরিষদের বর্তমান সাংগঠনিক কাঠামো ও চাকরিবিধি ১৯৯৫ সরকারী সিদ্ধান্তনুযায়ী (জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী) যুগোপযোগী করার লক্ষ্যে ইতোমধ্যে ৮৯৯ (আটশত নিরানব্বই) জন জনবলের একটি প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো এবং খসড়া চাকরিবিধি-২০২২ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ও চাকরিবিধি-২০২২ অনুমোদিত হলে দেশের তৃণমূল পর্যায়ে খেলাধুলার ক্রমবিকাশ ও মান উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। দেশ ও আন্তর্জাতিক পর্যায়ে খেলাধুলায় উল্লেখযোগ্য সাফল্য বয়ে আনবে।

ক্রীড়া অবকাঠামো তৈরী, দেশে বিদেশে আন্তর্জাতিক প্রতিযোগিতায় বিভিন্ন ক্রীড়া দলের অংশগ্রহণ, জাতীয় ও আঞ্চলিক

ক্রীড়া কার্যক্রম পরিচালনা ছাড়াও পরিষদ ১৯৭৭ সালের ২০ জুলাই থেকে “ক্রীড়াজগত” নামের একটি পাক্ষিক পত্রিকা বের করে আসছে। পাক্ষিক ক্রীড়াজগত এ দেশের খেলাধুলার প্রসার ও মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকার পাশাপাশি তরুণ ও যুব সমাজকে খেলাধুলার প্রতি আকৃষ্ট করছে। ক্রীড়াঙ্গনের সুখ-দুঃখের নীরব সহচর পাক্ষিক ‘ক্রীড়াজগত’ এ দেশের ক্রীড়া ইতিহাসের অংশ হয় উঠেছে। কেননা, ‘ক্রীড়াজগত’ এখন শুধু একটি পত্রিকা নয়- দেশের ক্রীড়া ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ উপাদান। যে কোন তথ্য, ছবি ও রেকর্ডসের জন্যে নির্ভরযোগ্য অবলম্বন ‘ক্রীড়াজগত’। অতীতের অনেক খেলোয়াড় ও সংগঠক বিস্মৃতির অতলে হারিয়ে গেছেন। কিন্তু ‘ক্রীড়াজগত’ তাদের কৃতিত্ব, গৌরবগাঁথা ও স্মৃতিকে মুছে যেতে দেয়নি। এ দেশের ক্রীড়াঙ্গনের যাবতীয় কর্মকান্ড ‘ক্রীড়াজগত’-এর পাতায় পাতায় প্রতিফলিত। দেশের ক্রীড়াঙ্গনকে উজ্জীবিত করার ক্ষেত্রে ‘ক্রীড়াজগত’ গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। সর্বোপরি, পাঠকনন্দিত পত্রিকা হিসেবে ‘ক্রীড়াজগত’ সর্বমহলে নিজের আসন গড়ে নিয়েছে।

**৫। ক্রীড়াজগত’ প্রকাশের উদ্দেশ্য ও লক্ষ্য**

১। দেশের খেলাধুলার প্রসার ও মানোন্নয়ন।
২। চিত্ত-বিনোদনের অভাব পুরণ এবং সুষ্ঠু ও সুন্দর সমাজ গড়ে তোলা।
৩। দেশের কিশোর, তরুণ ও যুব সমাজকে খেলাধুলায় উদ্বুদ্ধ করা।
৪। দেশের খেলাধুলার প্রকৃত সমস্যা নির্ধারণ ও তা সমাধানে গঠনমূলক আলোচনা ও দিক-নির্দেশনা প্রদান।
৫। ‘রেফারেন্স বুক’ হিসেবে ক্রীড়াঙ্গনের যাবতীয় তথ্য, ইতিহাস, ঐতিহ্য, ছবি ও রেকর্ডস সংরক্ষণ।
৬। বাণিজ্যিক ভিত্তিতে নয়, সেবামূলক খাত হিসেবে ‘ক্রীড়াজগত’ প্রকাশ।
৭। দেশের খেলোয়াড়ও সংগঠকদের পাশাপাশি ক্রীড়াঙ্গনে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি।
৮। খেলাধুলার আইন-কানুন তুলে ধরা।
৯। ক্রীড়াক্ষেত্রে সরকারের নীতিমালা ও অঙ্গীকার বাস্তবায়নে ভূমিকা রাখা।
১০। খেলাধুলার মাধ্যমে যাতে সরকারের ভাবমূর্তি উজ্জ্বল হয়, সে বিষয়ে জনমত গড়ে তোলা।
১১। ক্রীড়াক্ষেত্রে গঠনমূলক ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতা।
১২। তৃণমূল পর্যায়ে খেলাধুলাকে জনপ্রিয় করা।

**৬। জাতীয় ক্রীড়া ফেডারেশন/এসোসিয়েশনসমূহকে স্বীকৃতি প্রদানঃ জাতীয় ক্রীড়া পরিষদ এ যাবত নিম্নবর্ণিত ক্রীড়া প্রতিষ্ঠানসমূহকে স্বীকৃতি প্রদান করেছে:**

বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন।

১। বাংলাদেশ ফুটবল ফেডারেশন
২। বাংলাদেশ ক্রিকেট বোর্ড
৩। বাংলাদেশ হকি ফেডারেশন
৪। বাংলাদেশ সাঁতার ফেডারেশন
৫। বাংলাদেশ এ্যাথলেটিকস ফেডারেশন
৬। জাতীয় শ্যূটিং ফেডারেশন-বাংলাদেশ
৭। বাংলাদেশ কাবাডি ফেডারেশন
৮। বাংলাদেশ ভলিবল ফেডারেশন
৯। বাংলাদেশ দাবা ফেডারেশন
১০। বাংলাদেশ ভারোত্তোলন ফেডারেশন
১১। বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন
১২। বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন
১৩। বাংলাদেশ টেনিস ফেডারেশন
১৪। বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশন
১৫। বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা
১৬। বাংলাদেশ গল্ফ ফেডারেশন
১৭। বাংলাদেশ অ্যারচ্যারী ফেডারেশন
১৮। বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন
১৯। বাংলাদেশ ক্যারম ফেডারেশন
২০। বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশন
২১। বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশন
২২। ন্যাশনাল প্যারালিম্পিক কমিটি অব বাংলাদেশ
২৩। বাংলাদেশ বক্সিং ফেডারেশন
২৪। বাংলাদেশ জুডো ফেডারেশন
২৫। বাংলাদেশ কারাতে ফেডারেশন
২৬। বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন
২৭। বাংলাদেশ উশু ফেডারেশন
২৮। বাংলাদেশ রোইং ফেডারেশন
২৯। বাংলাদেশ রেসলিং ফেডারেশন
৩০। বাংলাদেশ শরীর গঠন ফেডারেশন
৩১। বাংলাদেশ বিলিয়ার্ড অ্যান্ড স্নুকার ফেডারেশন
৩২। বাংলাদেশ স্কোয়াশ র‌্যাকেট ফেডারেশন

৩৩। বাংলাদেশ সাইক্লিং ফেডারেশন
৩৪। বাংলাদেশ বধির ক্রীড়া সংস্থা
৩৫। বাংলাদেশ ব্রিজ ফেডারেশন
৩৬। বাংলাদেশ খো খো ফেডারেশন
৩৭। বাংলাদেশ রাগবি ইউনিয়ন
৩৮। বাংলাদেশ মার্শাল আর্ট কনফেডারেশন
৩৯। বাংলাদেশ বাঁশাআপ অ্যাসোসিয়েশন
৪০। বাংলাদেশ ঘুড়ি ফেডারেশন
৪১। বাংলাদেশ ফেন্সিং ফেডারেশন
৪২। বাংলাদেশ বেসবল-সফ্টবল অ্যাসোসিয়েশন
৪৩। বাংলাদেশ কিক বক্সিং অ্যাসোসিয়েশন
৪৪। বাংলাদেশ আন্তর্জাতিক তায়কোয়নদো অ্যাসোসিয়েশন।
৪৫। বাংলাদেশ ব্যুথান অ্যাসোসিয়েশন
৪৬। বাংলাদেশ মাউন্টেনিয়ারিং অ্যাসোসিয়েশন
৪৭। বাংলাদেশ সার্ফিং অ্যাসোসিয়েশন
৪৮। বাংলাদেশ ইয়োগা অ্যাসোসিয়েশন
৪৯। বাংলাদেশ সেপাক টাকরো অ্যাসোসিয়েশন
৫০। বাংলাদেশ চুকবল অ্যাসোসিয়েশন
৫১। বাংলাদেশ কান্ট্রি গেম্‌স অ্যাসোসিয়েশন
৫২। বাংলাদেশ থ্রো বল অ্যাসোসিয়েশন
৫৩। বাংলাদেশ জুজুৎসু অ্যাসোসিয়েশন
৫৪। বাংলাদেশ প্যারা-অ্যারচ্যারী অ্যাসোসিয়েশন

## ৭। জাতীয় ক্রীড়া পরিষদের ২০২২-২৩ অর্থবছরের আর্থিক প্রতিবেদন:

### আয়ের বিবরণী

| ক্রমিক নং | বিবরণ | সংশোধিত বাজেট ২০২২-২৩ |
|---|---|---|
| | পরিচালন বাজেট | |
| ১। | প্রারম্ভিক স্থিতি | ৮৯৩৯ |
| ২। | সহায়তা কার্যক্রম অনুদান | ৮১১৭৪৮ |
| ৩। | পরিষদের নিজস্ব আয় | ২৩৯৪৮৭ |
| | উপ-মোট (পরিচালন) = | ১০৬০১৭৪ |
| | উন্নয়ন বাজেট | |
| ৪। | উন্নয়ন প্রকল্প | ৩৫৫১৫০৫ |
| | সর্বমোট (পরিচালন ও উন্নয়ন)= | ৪৬১১৬৭৯ |

### ব্যয় বিবরণ

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | সংশোধিত বাজেট |
|---|---|---|
| ২০২২-২৩ | | |
| | পরিচালন | |
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৯১৯৮৫ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৭৫৮০২ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ১৯৬১৮৬ |
| ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ৯২৬৩৫ |
| ৩৬৩১১০৭ | বিশেষ অনুদান | ২৮৫০ |
| ৩৬৩১১০৯ | প্রাথমিক স্বাস্থ্যসেবা বাবদ সহায়তা | ০ |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ১৪৫৫১ |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ৭৩১ |
| ৩৬৩২১০৪ | ভবন ও স্থাপনা নির্মাণ অনুদান | ২০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান | ১০৪ |
| ৩৬৩২১০৬ | অন্যান্য মূলধন অনুদান | ০ |
"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭)" ও "বঙ্গমাতা শেখ ফজিলাতুননেসা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭)" এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

- **ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭):**

এছাড়া ২০১৪ সাল থেকে ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) এবং পরবর্তীতে ২০১৮ সাল হতে শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৫) এর মাধ্যমে দেশের তৃণমূল হতে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি মাধ্যমে বাছাইকৃত প্রতিভাবান ফুটবলারদের নিয়ে বিভাগীয় দল গঠনপূর্বক জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করছে। এ প্রতিযোগিতা শেষে বাছাইকৃত ৪০ জন খেলোয়াড়কে মাসব্যাপি উন্নত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

- **শেখ রাসেল বীচ ফুটবল টুর্নামেন্ট:**

ক্রীড়া পরিদপ্তর ২০১৮ সাল হতে ০৮ টি বিভাগীয় ছেলে ও মেয়ে দল নিয়ে কক্সবাজার সমুদ্র সৈকতে শেখ রাসেল বীচ ফুটবল টুর্নামেন্টে আয়োজন করে আসছে।




"শেখ রাসেল বীচ ফুটবল টুর্নামেন্ট, বালক ও বালিকা (অনূর্ধ্ব-১৫)" ২০২৩

■ **প্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের জন্যে ক্রীড়া কার্যক্রম:**

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩০ অক্টোবর ২০১৪ তারিখ ক্রীড়া পরিদপ্তর পরিদর্শনকালীন প্রতিটি জেলা ক্রীড়া অফিসের কার্যক্রমে প্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের ক্রীড়া কার্যক্রম অন্তর্ভূক্তকরণের নির্দেশনার প্রেক্ষিতে ২০১৫-২০১৬ সাল থেকে ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬৪টি জেলা ক্রীড়া অফিসে প্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের জন্যে ক্রীড়া কার্যক্রম অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রতি বছর এসব কার্যক্রমে ৩২০০ জন প্রতিবন্ধী ও অটিস্টিক শিশু অংশগ্রহণ করে থাকে। ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা প্রতিবছর সরকারি শারীরিক শিক্ষা কলেজ মাঠ মোহাম্মদপুর, ঢাকাতে আয়োজন করা হয়ে থাকে।



বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩

■ **সাঁতার প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন:**

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে ২০১৫-২০১৬ আর্থিক সাল হতে ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬৪টি জেলা ক্রীড়া অফিসের কার্যক্রমে সাঁতার প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন বাধ্যতামূলক করা হয়েছে। এ সকল প্রশিক্ষণে দেশব্যাপি প্রতিবছর ২৫০০ জনের অধিক শিশুকে সাঁতার প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

ক্রীড়া পরিদপ্তর প্রতিবছর জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র সাঁতার ও অ্যাথলেটিকস প্রতিযোগিতা আয়োজন করে আসছে।



ক্রীড়া পরিদপ্তর আয়োজিত সাঁতার প্রতিযোগিতা

এছাড়া ক্রীড়া পরিদপ্তর প্রণীত বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ী অনূর্ধ্ব-১৭ বছরের কিশোর/কিশোরী-তরুণ/তরুণীদের নিয়ে ক্রীড়া অন্যান্য ইভেন্ট যেমন: ক্রিকেট, ভলিবল, হ্যান্ডবল, দাবা, হকি, ক্যারাম, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, লন টেনিস প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন করে থাকে।

■ ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন ৬৪টি জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বাস্তবায়িত ক্রীড়ার বিভিন্ন ইভেন্টে প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা নিম্নরূপ-

প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা:

| ক্রমিক | কর্মসূচির নাম | আর্থিক সাল | প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ০১ | ফুটবল | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ৬৪ × ৪০ × ১৪=৩৫৮৪০ জন |
| ০২ | ক্রিকেট | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ৬৪ × ৪০ × ১৪=৩৫৮৪০ জন |
| ০৩ | সাঁতার | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ৬৪ × ৪০ × ১৪=৩৫৮৪০ জন |

প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা:

| ক্রমিক | কর্মসূচির নাম | আর্থিক সাল | প্রতিযোগির সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | ফুটবল | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০২ | অ্যাথলেটিকস | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০৩ | ভলিবল | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০৪ | দাবা সেট | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০৫ | কাবাডি | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০৬ | ব্যাডমিন্টন | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১৬০ × ৬৪ × ১৪=১৪৩৩৬০ জন |
| ০৭ | হকি | ২০০৯-২০১০ হতে ২০২২-২০২৩ | ১২০ × ৬৪ × ১৪=১০৭৫২০ জন |

- ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে গৃহীত কার্যক্রমের মধ্যে বিনামূল্যে মাননীয় সংসদ সদস্য, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর এবং জেলা ক্রীড়া অফিসের মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ক্রীড়া ক্লাবসমূহের মধ্যে বিতরণের জন্যে ক্রীড়াসামগ্রী ক্রয়খাতে বরাদ্দ:

| ক্রমিক | আর্থিক সাল | বরাদ্দ |
|---|---|---|
| ১. | ২০০৯-২০১০ | ২ কোটি ৭৫ লক্ষ টাকা |
| ২. | ২০১০-২০১১ | ২ কোটি ৮৬ লক্ষ টাকা |
| ৩. | ২০১১-২০১২ | ০২ কোটি ৮৬ লক্ষ টাকা |
| ৪. | ২০১২-২০১৩ | ৩ কোটি টাকা |
| ৫. | ২০১৩-২০১৪ | ৩ কোটি ২০ লক্ষ টাকা |
| ৬. | ২০১৪-২০১৫ | ৩ কোটি ৪০ লক্ষ টাকা |
| ৭. | ২০১৫-২০১৬ | ৩ কোটি ৬০ লক্ষ টাকা |
| ৮. | ২০১৬-২০১৭ | ৪ কোটি টাকা |
| ৯. | ২০১৭-২০১৮ | ৪ কোটি ৯২ লক্ষ ৫০ হাজার টাকা |
| ১০. | ২০১৮-২০১৯ | ৬ কোটি ৬১ লক্ষ ৩৪ হাজার টাকা এবং ৪০ লক্ষ টাকা অনুদান বিতরণ |
| ১১. | ২০১৯-২০২০ | ১০ কোটি এবং অনুদান ১৫ লক্ষ টাকা |
| ১২. | ২০২০-২০২১ | ১০ কোটি |
| ১৩. | ২০২১-২০২২ | ১০ কোটি ৭০ লক্ষ টাকা |
| ১৪. | ২০২২-২০২৩ | ১১ কোটি ৪৯ লক্ষ টাকা |




শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট, বালক ( অনূর্ধ্ব- ১৫) ২০২৩

■ **ক্রীড়া পরিদপ্তরের ২০০৯-২০২৩ পর্যন্ত সময়ে উল্লেখযোগ্য অর্জন-**

ক্রীড়া পরিদপ্তর হতে ২০০৯ সাল হতে ২০২৩ সাল পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবসমূহের মধ্যে বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম বিতরণ:

| ক্রমিক নং | অর্থ বছর | মোট বিতরণ | | |
|---|---|---|---|---|
| | | সংসদ সদস্যগণের মাধ্যমে বিতরণ (টি) প্রতিষ্ঠান | সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব (টি) | মোট প্রতিষ্ঠান (টি) |
| ১. | ২০০৯-২০১০ | ৫৬৩৮ | ৮৩২ | ৬৪৭০ |
| ২. | ২০১০-২০১১ | ৫০২৫ | ১৯২০ | ৬৯৪৫ |
| ৩. | ২০১১-২০১২ | ৫৩২৪ | ৯৬০ | ৬২৮৪ |
| ৪. | ২০১২-২০১৩ | ৫৪২১ | ৯৬০ | ৬৩৮১ |
| ৫. | ২০১৩-২০১৪ | ১২৪৫ | ৪২৭০ | ৫৫১৫ |
| ৬. | ২০১৪-২০১৫ | ৩৮৮১ | ১১১৯ | ৫০০০ |
| ৭. | ২০১৫-২০১৬ | ৪৬২২ | ১১১৩ | ৫৭৩৫ |
| ৮. | ২০১৬-২০১৭ | ৫১০০ | ১৫১০ | ৬৬১০ |
| ৯. | ২০১৭-২০১৮ | ১৩৬৫ | ৭৪৪ | ২১০৯ |
| ১০. | ২০১৮-২০১৯ | ৪২৪৫ | ৬০০ | ৪৮৪৫ |
| ১১. | ২০১৯-২০২০ | ৪৭১০ | ১৭৪৭ | ৬৪৫৭ |
| ১২. | ২০২০-২০২১ | ৩০৪৫ | ২৮১ | ৩৩২৬ |
| ১৩. | ২০২১-২০২২ | ৪১৫৫ | ১৫২৬ | ৫৬৮১ |
| ১৪. | ২০২২-২০২৩ | ৪২৯০ | ১৬৭৯ | ৫৯৬৯ |

■ ক্রীড়া পরিদপ্তর আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালক (অনূর্ধ্ব-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭) এর মাধ্যমে ২০১৮ সাল হতে বিগত ৫ বছরে দেশের প্রায় ১৩.৫ লক্ষ ছেলেমেয়ে, কিশোর কিশোরী সম্পৃক্ত হওয়ার সুযোগ পেয়েছে। এসব প্রতিযোগিতা হতে বাছাইকৃত প্রতিভাবান খেলোয়াড়দের মধ্য হতে অনেকেই জাতীয়দল ও বিভিন্ন ক্লাবের হয়ে টুর্ণামেন্টে অংশগ্রহণ করছেন।

■ ক্রীড়া পরিদপ্তর হতে ২০০৯-২০১০ আর্থিক সাল হতে ২০২২-২০২৩ আর্থিক সাল পর্যন্ত ক্রয়কৃত ক্রীড়া সামগ্রীর বিবরণঃ

| আর্থিক সাল | ফুটবল (টি) | ভলিবল (টি) | ভলিবল নেট (টি) | ব্যাডমিন্টন সেট (টি) | হ্যান্ডবল (টি) | দাবা সেট (টি) | ক্যারাম বোর্ড সেট (টি) | টেবিল টেনিস সেট (টি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ৫৮৩২ | ৪৪৯০ | ২২৪৪ | ৬০৩ | ২৬৩৯ | ২৪৫৫ | | |
| ২০০৯-২০১০ | ৮৮৯৭ | ৪২৫৫ | ২১২৩ | ১০৪১ | ২০৫১ | ২৩৭০ | | |
| ২০১২-২০১৩ | ২৬৫০ | ৭৪৮ | ৯৬ | ৩৪৫ | ৭০০ | | | |
| ২০১৩-২০১৪ | ২৮৮৯৯ | ৫০০০ | ২৩১৯ | ১০০০ | ০ | ২৩১০ | | |
| ২০১৪-২০১৫ | ৭২৩৩ | ৬৩৪৯ | ২০০০ | ১১৫০ | ২৪৯৬ | ২৩৮০ | ৫৫৫ | |
| ২০১৫-২০১৬ | ৮৫৭৮ | ৪৬৩৭ | ২৫২৬ | ১৪২৪ | ৩০৩০ | ২১৫১ | ৪৩৯ | |
| ২০১৬-২০১৭ | ৯৬৪৩ | ৪৯০৯ | ২২৫৬ | ১৪২১ | ৩২০৮ | ২০৯৬ | ৪৮৭ | |
| ২০১৭-২০১৮ | ১১৩৯১ | ৫০৬৭ | ২৫০৫ | ১৫৯১ | ৩০৮০ | ২০৩২ | ৪৬৮ | |

| আর্থিক সাল | ফুটবল (টি) | ভলিবল (টি) | ভলিবল নেট (টি) | ব্যাডমিন্টন সেট (টি) | হ্যান্ডবল (টি) | দাবা সেট (টি) | ক্যারাম বোর্ড সেট (টি) | টেবিল টেনিস সেট (টি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১৮২৬২ | ৬১৪৬ | ৩০৩৪ | ২৬৭৮ | ২০৯৮ | ৩৩৪৭ | ৪৯৩ | |
| ২০১৯-২০২০ | ৩২৭১৩ | ৮১১৬ | ৪১৯৯ | ৩০০৬ | ৪২০২ | ৫১৪১ | ৮২৩ | |
| ২০২০-২০২১ | ৩২৯৮৭ | ৮০৬৪ | ৪০০০ | ৩০০০ | ৫২১৭ | ৩৬৩৬ | ৮০৩ | |
| ২০২১-২০২২ | ৩২৫৪৬ | ৮০০০ | ৪০০৭ | ২৫০০ | ৫৫০৮ | ৩৫৩৯ | ৮০০ | ১৩ |
| ২০২২-২০২৩ | ৩৪০০০ | ৭০০০ | ৩৫০০ | ২৬২৫ | ৫০০০ | ৩২০০ | ৭০০ | ৮০ |
| সর্বমোট | ২৩৩৬৩১ | ৭২৭৮১ | ৩৪৮০৯ | ২২৩৮৪ | ৩৯২২৯ | ৩৪৬৫৭ | ৫৫৬৮ | ৯৩ |

| আর্থিক সাল | হকি স্টিক (টি) | হকি বল (টি) | হকি গোলকিপার প্যাড (সেট) | অ্যাথলেটিকস সামগ্রী (টি) | ক্রিকেট সেট | লন টেনিস ব্যাড (টি) | লন টেনিস বল (ডজন) | লন টেনিস নেট (টি) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ১২১০ | ৩৩০ | | | ১৪৫৫ | | | |
| ২০০৯-২০১০ | | | | | ১৪১৪ | | | |
| ২০১০-২০১১ | ২২২ | ৮৭ | | | ১০৩৫ | | | |
| ২০১২-২০১৩ | ৪৫৫ | ১২২ | | | ১১৭১ | | | |
| ২০১৩-২০১৪ | ৩৩৪ | ১১৪ | | ১০০০ | ৩৫০ | | | |
| ২০১৪-২০১৫ | ৩১৬ | ১৫২ | | | ৮৯৮৬ | | | |
| ২০১৫-২০১৬ | ৩৩২ | ১১১ | | ১৭৯৯ | ৮৫৬ | | | |
| ২০১৬-২০১৭ | ৫৬০ | ২৫৩ | | | ৯০২ | | | |
| ২০১৭-২০১৮ | ৫৩৪ | ১৪২ | | | ৮৮২ | | | |
| ২০১৮-২০১৯ | ৫৩৪ | ১৪২ | ২৩ | | ১০২৫ | ৪১৫ | ১০৪ | ৫৬ |
| ২০১৯-২০২০ | ৭২৫ | ১৮৩ | ৩০ | | ১৬৯১ | ৫৩ | ১৩ | ১২ |
| ২০২০-২০২১ | ৫৫৬ | ২৭৫ | ২০ | | ১৬০০ | | | |
| ২০২১-২০২২ | ৭০৭ | ২০০ | ২৫ | | ১৬০০ | | | |
| ২০২২-২০২৩ | ১১০ | ২৭০ | | ১৩০০ | ১৫০০ | | | |
| **সর্বমোট** | **৬৫৯৫** | **২৩৮১** | **৯৮** | **৪০৯৯** | **২৪৪৬৭** | **৪৬৮** | **১১৭** | **৬৮** |

## সারকথা

ক্রীড়া পরিদপ্তর বার্ষিক ক্রীড়া কর্মসূচির মাধ্যমে দেশের ছেলেমেয়েদের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূল, স্বাস্থ্য সচেতনতা, পরিবেশ সচেতনতা, মাদকের অপব্যবহার রোধ, ক্রীড়াবিদদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন এবং নারীর ক্ষমাতায়নে ভূমিকা রাখছে।

# ষষ্ঠ অধ্যায়



## বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: +৮৮ ০২ ৭৭৮৯২১৫-৬, ফ্যাক্স : +৮৮ ০২ ৭৭৮৯৫১৩
E-mail: dg@bksp.gov.bd
Website: bksp1983@yahoo.com

**প্রেক্ষাপট:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৪ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করে। জাতীয় ক্রীড়া পরিষদের একটি প্রকল্প হিসেবে ১৯৭৬ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস (বিআইএস) নামে একটি সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। পরবর্তীতে ১৯৮৩ সালে সরকারের একটি বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে 'বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) নামে এর পুনঃ নামকরণ করা হয়। ১৯৮৬ সালের ১৪ এপ্রিল প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পর থেকে আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে দেশকে প্রতিষ্ঠা করার নিরলস প্রচেষ্টায় নিবেদিত রয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)।

**রূপকল্প:** ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরী করা।

**অভিলক্ষ্য:** তৃণমূল পর্যায়ে দেশের তরুণ ও প্রতিভাবান খেলোয়াড়দের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়া প্রতিভার বিকাশ ঘটানো এবং জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় গড়ে তোলা।

**অবস্থান:** সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধ এবং ঢাকা ইপিজেড এর উত্তর দিকে নবীনগর-কালিয়াকৈর সংযোগ সড়ক ধরে ০৯ কিলোমিটার দূরত্বে সড়কের পশ্চিম পার্শ্বে জিরানীতে ১১৫ একর জমির উপর মনোরম পরিবেশে বিকেএসপি'র অবস্থান। ঢাকার জিরো পয়েন্ট হতে সড়ক পথে এর দূরত্ব প্রায় ৪৫ কিলোমিটার।

**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আইন:** ১৯৮৩ সালের ০২ অক্টোবর বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত অধ্যাদেশ নং ৫৮ বলে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস (বিআইএস) বিলুপ্ত করে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) নামকরণ করে একটি অধ্যাদেশ জারি করা হয়। এই অধ্যাদেশ বলে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয়। অতঃপর ২০২০ সালে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ, ১৯৮৩ রহিত করে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০২০ প্রবর্তন করা হয়। সরকার প্রতিষ্ঠানটির নীতি নির্ধারণ ও সামগ্রিক কার্যক্রম তত্ত্বাবধানের জন্যে আইনের আওতায় একটি পরিচালনা বোর্ড গঠন করে।

## পরিচালনা বোর্ড

| | | |
|---|---|---|
| ক) মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; | - | চেয়ারম্যান |
| খ) প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যদি থাকেন); | - | ভাইস চেয়ারম্যান |
| গ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; | - | সদস্য |
| ঘ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়; | - | সদস্য |
| ঙ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; | - | সদস্য |
| চ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়; | - | সদস্য |
| ছ) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; | - | সদস্য |
| জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের একজন অন্যূন যুগ্মসচিব; | - | সদস্য |
| ঝ) কমিশনার, ঢাকা বিভাগ; | - | সদস্য |
| ঞ) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর; | - | সদস্য |
| ট) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ; | - | সদস্য |
| ঠ) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উহার অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি; | - | সদস্য |
| ড) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত উহার অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি; | - | সদস্য |
| ঢ) ক্যাডেট কলেজসমূহের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান; | - | সদস্য |
| ণ) চেয়ারম্যান, আর্মি স্পোর্টস কন্ট্রোল বোর্ড; | - | সদস্য |
| ত) মহাসচিব, বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন | - | সদস্য |
| থ) সভাপতি, জাতীয় মহিলা ক্রীড়া পরিষদ; | - | সদস্য |

দ) সরকার কর্তৃক মনোনীত তিনজন খ্যাতনামা ক্রীড়া বিশেষজ্ঞ, যাদের মধ্যে একজন নারী হবেন এবং মনোনয়নের ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর সাবেক ক্রীড়াবিদগণ অগ্রাধিকার পাইবেন; - সদস্য

ধ) মহাপরিচালক - সদস্য-সচিব

## উদ্দেশ্য

ক) সম্ভাবনাময় খেলোয়াড়দের বয়সভিত্তিক ধারাবাহিক দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা।

খ) ধারাবাহিকভাবে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর পর্যায়ে পরিকল্পিত বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।

গ) ব্যক্তিত্বের সার্বিক বিকাশ নিশ্চিত করতে ক্রীড়া বিষয়ক এবং সাধারণ শিক্ষা প্রদান করা এবং ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষিত খেলোয়াড়, প্রশিক্ষক, সংগঠক ও ক্রীড়া বিষয়ে দক্ষ ব্যক্তিত্ব হিসেবে গড়ে তোলা।

ঘ) নতুন প্রজন্মকে ক্রীড়াক্ষেত্রে ব্যাপক উৎসাহিত ও উদ্দীপ্ত করা এবং তাদের মাঝে ক্রীড়া সচেতনতা সৃষ্টি করা।

ঙ) প্রাথমিক প্রশিক্ষণ প্রদান এবং দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের জন্যে ক্রীড়া প্রতিভা সনাক্ত করা।

চ) বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন, ন্যাশনাল স্পোর্টস কাউন্সিল এবং ন্যাশনাল স্পোর্টস ফেডারেশনের চাহিদা অনুযায়ী জাতীয় দলের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ছ) জাতীয় দলকে প্রশিক্ষণ-সংক্রান্ত কৌশলগত ও বিজ্ঞানসম্মত সহায়তা প্রদান করা।

জ) ক্রীড়াবিদদের জন্যে সুযোগ সৃষ্টি করা এবং এ বিষয়ে সহজাত প্রতিভাসম্পন্ন ব্যক্তিকে আধুনিক প্রশিক্ষণের পদ্ধতি সম্পর্কে মৌলিক ধারণা দেয়ার ব্যবস্থা করা।

ঝ) সকল সম্ভাবনাময় প্রশিক্ষকদের প্রাথমিকভাবে ধারাবাহিক ক্রীড়া প্রশিক্ষণ এবং ক্রীড়া বিজ্ঞান সম্পর্কে যথাযথ শিক্ষা প্রদান করা।

## প্রতিষ্ঠানের কার্যাবলি

১) নির্ধারিত বয়সসীমার বালক-বালিকাদের মধ্য হতে ক্রীড়া ক্ষেত্রে প্রতিভা অন্বেষণ করা এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত ক্রীড়া ও সাধারণ শিক্ষার সুযোগসহ ক্রীড়া ক্ষেত্রে তাদের বিজ্ঞানভিত্তিক নিবিড় প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি এবং পর্যাপ্ত সুবিধা প্রদান;

২) উন্নতমানের ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি এবং আম্পায়ার তৈরির উদ্দেশ্যে সম্ভাবনাময় ক্রীড়াবিজ্ঞানী, কোচ রেফারি এবং আম্পায়ারগণের প্রশিক্ষণ প্রদান;

৩) ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি ও আম্পায়ারগণের কলাকৌশলগত দক্ষতা উন্নয়নকল্পে সার্টিফিকেট কোর্স পরিচালনা;

৪) আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে জাতীয় দলের প্রশিক্ষণের সুযোগ প্রদান;

৫) অটিস্টিকসহ দেশের বিভিন্ন প্রতিবন্ধী অর্থাৎ শারীরিক, মানসিক, দৃষ্টি ও অন্যান্য প্রতিবন্ধীদের খেলাধুলার জন্যে পৃথক ইউনিট গঠন এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহিত সমন্বয়ক্রমে তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান ও প্রতিযোগিতার আয়োজন;

৬) বিভিন্ন দেশীয় খেলাধুলার বিষয়ে প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন;

৭) ক্রীড়া সম্পর্কিত তথ্যকেন্দ্র হিসেবে কার্য সম্পাদন ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

৮) ক্রীড়া সম্পর্কিত পুস্তক, সাময়িকী, বুলেটিন এবং হালনাগাদ তথ্য প্রকাশ ও সংরক্ষণ;

৯) দেশের বিভিন্ন ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক ক্রীড়া প্রতিষ্ঠানের সহিত সম্পর্ক ও যোগাযোগ স্থাপন এবং অভিজ্ঞতা বিনিময়;

১০) দেশের বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত যোগাযোগ স্থাপন ও কার্যাবলির সমন্বয় সাধন;

১১) ক্রীড়া উন্নয়নে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

১২) প্রতিবেশ ও পরিবেশবান্ধব ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন; এবং

১৩) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, উহার উপর অর্পিত অন্যান্য দায়িত্ব পালন এবং প্রয়োজনীয় অন্য যেকোনো কার্য সম্পাদন।

## ক্রীড়া বিভাগ ও প্রশিক্ষণার্থী সংখ্যা

| ক্রমিক নং | ক্রীড়া বিভাগ | প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|
| ০১ | আর্চারি | ৫৬ |
| ০২ | এ্যাথলেটিক্স | ৬৮ |
| ০৩ | বাস্কেটবল | ৫৯ |
| ০৪ | বক্সিং | ৩৬ |
| ০৫ | ক্রিকেট | ৩১১ |
| ০৬ | ফুটবল | ২৮৮ |
| ০৭ | জিমন্যাস্টিক্স | ৩৪ |
| ০৮ | হকি | ১৩২ |
| ০৯ | জুডো | ৩৪ |
| ১০ | কারাতে | ৪১ |
| ১১ | কাবাডি | ৩১ |
| ১২ | শ্যুটিং | ৫৯ |
| ১৩ | সাঁতার | ৬৯ |
| ১৪ | টেবিল টেনিস | ৫৯ |
| ১৫ | টেনিস | ৩৯ |
| ১৬ | তায়কোয়ানডো | ৩০ |
| ১৭ | ভলিবল | ৩৭ |
| ১৮ | উশু | ৩৪ |
| ১৯ | স্কোয়াশ | ১৩ |
| ২০ | ভারোত্তোলন | ০৫ |
| ২১ | ব্যাডমিন্টন | ১২ |
| | **সর্বমোট** | **১৪৪৭** |

### সাংগঠনিক কাঠামো

বিকেএসপি একটি বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে একটি পরিচালনা বোর্ডের তত্ত্বাবধানে মহাপরিচালক কর্তৃক প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রী প্রতিষ্ঠানের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান। আইন অনুযায়ী পরিচালনা বোর্ডের সদস্য সংখ্যা ২১ (একুশ)। মহাপরিচালক এ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশিক্ষণ) এবং অধ্যক্ষ মহাপরিচালককে সহায়তা করে থাকেন।

### বিকেএসপিতে বর্তমানে মোট জনবলের সংখ্যা

| ক্রমিক নং | বিবরণ | জনবলের সংখ্যা |
|---|---|---|
| ০১ | রাজস্ব খাতে কর্মকর্তা-কর্মচারী | ৩১৭ জন |
| ০২ | আউট সোর্সিং কর্মচারী | ৫৩ জন |
| ০৩ | দৈনিক সম্মানীভিত্তিক কর্মকর্তা | ৯২ জন |
| ০৪ | দৈনিক মজুরীভিত্তিক কর্মচারী | ১৩৪ জন |
| ০৫ | তৃণমূল কার্যক্রমের অধীনে সম্মানীভিত্তিক কোচ | ৩০ জন |

## ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় বিকেএসপি'র সাফল্য

| ক্রমিক নং | খেলার নাম | প্রতিযোগিতার নাম ও স্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| ১. | আর্চারি | ন্যাশনাল র‌্যাংকিং ওপেন টুর্নামেন্ট-৩, টঙ্গি, ঢাকা। | ২১ জুলাই, ২০২২ | ০ | ১ | ০ | ২১জন অংশগ্রহণ করেছে |
| | | ন্যাশনাল ইয়ুথ র‌্যাংকিং টুর্নামেন্ট স্টেজ-৩, টঙ্গি, ঢাকা। | ২৮ জুলাই, ২০২২ | ১০ | ০৮ | ০৬ | দলগত চ্যাম্পিয়ন। ৪২জন অংশগ্রহণ করেছে |
| | | বাংলাদেশ লিগ-২ (রিকার্ড), ২০২২, টঙ্গি, গাজীপুর। | ০৪ আগস্ট, ২০২২ | ১ | ০ | ০ | চ্যাম্পিয়ন |
| | | ৫ম ইসলামী সলিডারিটি গেমস-২০২২, কোনিয়া, তুর্কি | ১৪-১৮ আগস্ট, ২০২২ | ০ | ০১ | ০২ | জাতীয় দলের পক্ষে ৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে ৪জন দলগত পদক অর্জন। |
| | | "শেখ রাসেল ৪র্থ জাতীয় যুব আর্চারি চ্যাম্পিয়নশীপ-২০২২"টঙ্গি, গাজীপুর। | ১৬-১৮ অক্টোবর ২০২২ | ১৩টি | ০৯টি | ০৭টি | সর্ব মোট ৪২টি পদকের মধ্যে ২৯টি পদক জয় করে বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন। |
| | | "2022 WAA Joint Training Program Asian Challange, Wanje, Korea" | ৭-১২ নভেম্বর ২২ | ১ | - | - | দলগত স্বর্ণ ১টি |
| | | "National Ranking-4" টঙ্গি, গাজীপুর | ২ নভেম্বর ২০২২ | ৪ | ২ | - | বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন |
| | | "Bangladesh League-3" টঙ্গি, গাজীপুর | ৩ নভেম্বর ২০২২ | - | - | - | রিকার্ভ চ্যাম্পিয়ন |
| | | "Bangladesh League-4" টঙ্গি, গাজীপুর | ৩ ডিসেম্বর ২০২২ | - | - | - | রিকার্ভ চ্যাম্পিয়ন |
| | | শহীদ আহসান উল্লাহ মাস্টার বিজয় দিবস আর্চারি টুর্নামেন্ট-২০২২ | ১৭ ডিসেম্বর ২০২২ | ১ | ৩ | ১ | রানার-আপ |
| | | "২০২৩ National Youth Ranking Tournament-1" এটিসি, টঙ্গি, গাজীপুর। | ০৯ ফেব্রুয়ারি-২০২৩ | ০৯ | ০৭ | ০৫ | |
| | | আন্তর্জাতিক নারী দিবস আর্চারি টুর্নামেন্ট, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। | ০৮.০৩.২০২৩ | ০২ | - | - | দলগত চ্যাম্পিয়ন |
| | | ন্যাশনাল ট্রায়াল-১, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। | ০৯.০৩.২০২৩ | - | ০১ | ০১ | |
| | | ইয়ুথ ন্যাশনাল র‌্যাংকিং-২, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। | ১৬.০৩.২০২৩ | ০৭ | ০৭ | ০৫ | দলগত চ্যাম্পিয়ন |
| | | স্বাধীনতা দিবস আর্চারি টুর্নামেন্ট, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। | ২৫.০৩.২০২৩ | - | - | - | |

| ক্রমিক নং | খেলার নাম | প্রতিযোগিতার নাম ও স্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| | | Trial for Youth World Championship-2023, শহীদ আহসানউল্লাহ মাষ্টার স্টেডিয়াম, টংগি, গাজীপুর। | ০৮ এপ্রিল ২৩ | ০৬ | - | - | |
| | | বাংলাদেশ লীগ-১, টঙ্গি, ঢাকা। | ১২ মে, ২০২৩ | - | - | - | ৫ জয় ৩ পরাজয় |
| | | ন্যাশনাল ইয়ুথ ট্রায়াল-২, টঙ্গি, ঢাকা | ২৬ মে, ২০২৩ | ০৬ | - | - | |
| | | তীর ১৪তম জাতীয় আর্চারি চ্যাম্পিয়নশীপ ২০২৩, টঙ্গি, ঢাকা। | ২১-২৪ জুন ২৩ | ০৩ | ০২ | ০১ | রানার-আপ |
| ২. | এ্যাথলেটিক্স | বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২২, বিকেএসপি, ঢাকা | ১৩-১৫ ডিসেম্বর ২০২২ | ১৭ | ০৯ | ১০ | বিকেএসপি দল চ্যাম্পিয়ন |
| | | শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২৩, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা। | ০৫ মার্চ ২৩ | ১৮ | ০৫ | ০১ | |
| ৩. | বাস্কেটবল | শহিদ ক্যাপ্টেন শেখ কামাল অ-২৩, থ্রি-অন-থ্রি বাস্কেটবল টুর্নামেন্ট-২২, ঢাকা। | ০৬ আগস্ট, ২০২২ | ০১ | - | - | চ্যাম্পিয়ন |
| ৪. | ক্রিকেট | অস্ট্রেলিয়া আর্মি মহিলা দলের সাথে বিকেএসপি মহিলা দলের ফ্রেন্ড শীপ ম্যাচ | ১৯ অক্টোবর-২০২২ | - | - | - | বিকেএসপি মহিলা ক্রিকেট দল জয়ী |
| | | সৈয়দ ময়নুদ্দিন হোসাইন মেমোরিয়াল অ-১৮ একাডেমী কাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০২২, মহিলা ক্রীড়া কমপ্লেক্স, চট্টগ্রাম | ১১-২৪ নভেম্বর ২২ | - | - | - | বিকেএসপিঅ-১৮ক্রিকেটদলচ্যাম্পিয়ন |
| | | শেখ কামাল অ-১৮ জাতীয় ক্রিকেট টুর্নামেন্ট২০২২, রাজশাহী ও বগুড়া। | ২৪ ডিসেম্বর‍্ ৩০ জানুয়ারি ২০২৩ | - | ০১ | - | বিকেএসপিঅ-১৮দলরানার-আপ |
| | | ওমেন্স প্রিমিয়ার ক্রিকেট লীগ-২০২৩, বিকেএসপি, ঢাকা। | ২৫মে, ২০২৩ | - | - | - | ৮টি খেলা হয়েছে (৩ জয়, ৩ পরাজয়, ২ ড্র) |
| | | অ-১৬ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা, ফরিদপুর ও টাংগাইল। | ১২ মার্চ থেকে ১১ এপ্রিল, ২৩ | ০১ | - | - | বিকেএসপি চ্যাম্পিয়ন |
| | | ঢাকা ওমেন্স প্রিমিয়ার ক্রিকেট লীগ-২০২৩, বিকেএসপি, ঢাকা। | ২৫ মে থেকে ১৫ জুন, ২৩ | - | - | - | বিকেএসপির ৩জন মেয়ে প্রশিক্ষণার্থী ইমার্জিং ন্যাশনাল টিমে খেলার সুযোগ পেয়েছে। |
| ৫. | ফুটবল | বসুন্ধরা গ্রুপ ঢাকা মহানগরী ২য় বিভাগ ফুটবল লীগ ২০২১-২০২২, ঢাকা। | ১০ আগস্ট, ২০২২ | - | - | - | ১টি খেলা হয়েছে, ১টি খেলাতেই জয়লাভ করেছে। |

| ক্রমিক নং | খেলার নাম | প্রতিযোগিতার নাম ও স্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| | | বসুন্ধরা গ্রুপ ঢাকা মহানগরী ২য় বিভাগ ফুটবল লীগ২০২১-২০২২, কমলাপুর, ঢাকা। | ১০ আগস্ট ২০২২ | - | - | - | ৭টি খেলা হয়েছে, ৩টি খেলাতে জয়লাভ করেছে, ১ টি খেলায় ড্র, ৩টি পরাজয়। |
| | | সাফ ওমেন চ্যাম্পিয়নশীপ-২০২২ (মহিলা), নেপাল | সেপ্টেম্বর-২০২২ | - | - | - | বিকেএসপির ০৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে, বাংলাদেশ, চ্যাম্পিয়ন। |
| ৬. | জিমন্যাস্টিক্স | মহান স্বাধীনতা দিবস জিমন্যাস্টিক্স প্রতিযোগিতা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ২৩মার্চ ২৩ | ০৩ | ০৩ | ০৩ | দলগত চ্যাম্পিয়ন |
| ৭. | হকি | আমন্ত্রণমূলক হকি সিরিজ, মালয়েশিয়া | ২১ জুন হতে ০২ জুলাই, ২০২২ | - | - | - | সিরিজ জয়। বিকেএসপি ৫টি খেলায় জয়লাভ করে ১টি খেলায় ড্র করে। |
| | | হকি চ্যাম্পিয়ন্স ট্রফি-২০২২, মওলানা ভাসানী হকি স্টেডিয়াম, ঢাকা | ২৮ অক্টোবর থেকে ১৭ নভেম্বর ২২ | - | - | - | ২৩জন প্রশিক্ষণার্থী ৬টি দলের পক্ষে অংশগ্রহণ করে। |
| | | বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক হকি টুর্নামেন্ট-২০২২, বিকেএসপি, ঢাকা | ২-৯ ডিসেম্বর ২০২২ | ১ | - | - | বিকেএসপি লাল দল চ্যাম্পিয়ন। (ভারত, শ্রীলংকা ও মালয়েশিয়া থেকে ১টি করে দলে অংশগ্রহণ করে) |
| | | অনূর্ধ্ব-২১ এএইচএফ কাপ হকি প্রতিযোগিতা, ওমান। | ৬ থেকে ১২ জানুয়ারি-২০২৩ | ০১ | - | - | চ্যাম্পিয়ন বাংলাদেশ হকি দলের ১১ জন বর্তমান প্রশিক্ষণার্থীসহ উক্ত দলের সকল খেলোয়াড় বিকেএসপির |
| ৮. | কারাতে | ১ম ইনডিপেন্ডেন্স কাপ কারাতে প্রতিযোগিতা-২০২৩, চট্টগ্রাম। | ১৭-১৮মার্চ ২৩ | ০৭ | ০২ | ০১ | - |
| ৯. | শ্যূটিং | ISSF World Cup-2022, Chingun, Korea | ৯-২১ জুলাই, ২০২২ | - | - | - | ১ জন অংশগ্রহণ করে ৫৫তম স্থান অর্জন |
| | | ১৫তম এশিয়ান এয়ার গান চ্যাম্পিয়নশীপ-২০২২, দেয়গু, কোরিয়া | ৯-১৯ নভেম্বর ২২ | - | - | ১ | দলগত তাম্র ১টি |
| | | আইএসএসএফ ওয়াল্ডকাপ-২০২৩, জাকার্তা, ইন্দোনেশিয়ায় | ২৭ জানুয়ারি-০৮ ফেব্রুয়ারি | - | - | - | জাতীয় দলের পক্ষে বিকেএসপির ১জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। |
| | | ২৬তম আন্তঃ ক্লাব শ্যূটিং প্রতিযোগিতা-২০২৩ | | | | | |

| ক্রমিক নং | খেলার নাম | প্রতিযোগিতার নাম ও স্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| | | ৩০তম জাতীয় শ্যুটিং প্রতিযোগিতা-২০২৩, গুলশান, ঢাকা। | ০৫-১০মার্চ ২৩ | ০১ | - | - | |
| ১০. | সাঁতার | সাইফ পাওয়ারটেক ৩৫ তম জাতীয় বয়স ভিত্তিক সাঁতার ও ডাইভিং প্রতিযোগিতা ২০২২ | ১১-১৩ নভেম্বর ২২ | ৭৩ | ৬২ | ৩৪ | নতুন জাতীয় রেকর্ড ৯টি। বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন |
| | | ১ম জাতীয় ফিনসুইমিং প্রতিযোগিতা, ২০২২ | ২৮ ডিসেম্বর ২২ | ০৩ | ০১ | ০৩ | চ্যাম্পিয়ন |
| | | Asian open school invitational aquatics championship, Thailand. | ০২-০৮মার্চ ২৩ | ০১ | - | ০১ | - |
| | | শেখ কামাল ২য় যুব বাংলাদেশ গেম্‌স ২০২৩ | ৩ মার্চ, ২৩ | ০২ | ০৭ | ০৯ | - |
| | | শেখ রাসেল ১৯তম জাতীয় দূরপাল্লা সাঁতার প্রতিযোগিতা-২০২৩, কুমিল্লা | ১৪ জুন, ২৩ | - | - | - | বিকেএসপির ২জন মেয়ে প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে ৫ম ও ৭ম স্থান অর্জন করে। |
| ১১. | টেবিল টেনিস | এশিয়ান টেবিল টেনিস কাপ জুনিয়র অ্যান্ড ক্যাডেট চ্যাম্পিয়নশীপ-২০২২, লাওসে। | সেপ্টেম্বর, ২০২২ | - | - | - | বিকেএসপির ০২ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ। |
| ১২. | টেনিস | 20th Jayakar Memorial ATF Tournament U-14, Nepal 2022, Nepal | ১০-১৭ ডিসেম্বর, ২০২২ | - | - | - | সেমিফাইনাল |
| | | ITF Asia 14/u Competition 2023 | ৯-১৩ জানুয়ারি ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | জুনিয়র ওয়াল্ড টেনিস সিরিজ, ঢাকা | ২০ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | স্বাধীনতা দিবস টেনিস প্রতিযোগিতা-২০২৩, ঢাকা। | ১৬-২১ মার্চ ২৩ | ০২ | ০১ | - | - |
| | | টেনিস ফোরাম আয়োজিত ”স্বাধীনতা দিবস টেনিস টুর্নামেন্ট-২০২৩, রাজশাহী। | ১৪-১৬ মার্চ ২৩ | - | - | - | ০১ জন অংশগ্রহণ করেছে |
| | | ডেভিস কাপ বাছাই-২০২৩, রমানা, ঢাকা | ০২ জুলাই, ২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |
| | | জুনিয়র ওয়ার্ল্ড সিরিজ ২০২৩ | ২৭-৫ মে, ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | ITF Asia 12/u Competition 2023 | ১৬-২০ মে, ২০২৩ | - | - | - | - |
| | | ইন্দোবাংলা ফ্রেন্ডশীপ প্রতিযোগীতা, ২৩ | ২৮ মে ২০২৩ হতে ০১ জুন, ২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |
| ১৩. | ভলিবল | বিশেষ ভলিবল প্রশিক্ষণে অংশগ্রহণ, ইরান। | সেপ্টেম্বর, ২০২২ | - | - | - | ভলিবল বিভাগের ০৪জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ। |

| ক্রমিক নং | খেলার নাম | প্রতিযোগিতার নাম ও স্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| | | ঢাকা মহানগরী ১ম বিভাগ ভলিবল লীগ-২০২২, শহীদ নূর হোসেন জাতীয় ভলিবল স্টেডিযাম, ঢাকা | নভেম্বর-২০২২ | - | - | - | বিকেএসপি দল চ্যাম্পিয়ন হয়ে প্রিমিয়ার লীগে উর্ত্তীর্ণ হওয়ার গৌরব অর্জন করে। |
| | | শীতকালিন ভলিবল প্রতিযোগিতা-২০২৩, ফরিদপুর। | ২৪ জানুয়ারি-২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |
| | | মহান বিজয় দিবস ভলিবল প্রতিযোগিতা-২০২২, শহীদ নূর হোসেন জাতীয় ভলিবল স্টেডিয়াম, গুলিস্তান, ঢাকা। | ২৫-২৬ জানুয়ারি-২০২৩ | - | - | - | ৭ম স্থান |
| | | স্বাধীনতা দিবস ভলিবল প্রতিযোগিতা, ঢাকা। | ১৩-১৬মার্চ ২৩ | - | - | - | ৫মস্থান |
| ১৪। | উশু | ''৪র্থ চায়না বাংলা এ্যাম্বাসেডর কাপ উশু কম্পিটিশন-২০২২, শহীদ সোহরাওয়ার্দি ইনডোর স্টেডিয়াম, মিরপুর, ঢাকা। | ০৩সেপ্টেম্বর-২০২২ | - | - | - | চ্যাম্পিয়ন (দলগত) |
| ১৫। | ভারোত্তোলন | বঙ্গবন্ধু ২য় অ-১৭ জাতীয় ক্লাব ভারোত্তোলন প্রতিযোগিতা-২০২৩, ঢাকা। | ১৮মার্চ ২৩ | ০১ | ০২ | - | ২টি নতুন জাতীয় রেকর্ড |
| | | বঙ্গবন্ধু ৪র্থ জাতীয় জুনিয়র (অ-২০) ক্লাব ভারোত্তোলন প্রতিযোগিতা-২০২৩, জাতীয় ক্রীড়া পরিষদ জিমনেসিয়াম, ঢাকা। | ২৮-৩০মে ২৩ | - | ১ | ১ | - |




ওমানের মাসকাটে এএইচএফ কাপে অপরাজিত চ্যাম্পিয়ন বাংলাদেশ




বঙ্গবন্ধু কাপ আন্তর্জাতিক কাবাডি প্রতিযোগিতায় হ্যাটট্রিক চ্যাম্পিয়ন বাংলাদেশ জাতীয় কাবাডি দল




বঙ্গবন্ধু কাপ গলফ ওপেন ২০২২-এর চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহ্সান রাসেল এমপি।



কাজাখস্তানের রাজধানী আস্তানায় এশিয়ান ইনডোর অ্যাথলেটিকসে ৬০ মিটার স্প্রিন্টে স্বর্ণ জিতেছেন বাংলাদেশের ইমরানুর রহমান



সাফ নারী চ্যাম্পিনশিপে বিজয়ী বাংলাদেশ দলের অধিনায়ক সাবিনা খাতুনকে ফুল দিয়ে বরণ করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি



সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজ জয়ের পর ট্রফি হাতে উল্লসিত বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল।




সাফ নারী ফুটবলের বয়সভিত্তিক আসরে অনূর্ধ্ব-২০ নারী সাফ চ্যাম্পিয়ন বাংলাদেশ।



জাতীয় ভারোত্তোলনে পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন বাংলাদেশ সেনাবাহিনী



সাউথ এশিয়ান কারাতে চ্যাম্পিয়নশিপে রানার্সআপ হওয়ার গৌরব অর্জনকারী বাংলাদেশ কারাতে দল ও বিভিন্ন বয়সভিত্তিক দলের পদকজয়ী খেলোয়াড়দের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহ্সান রাসেল এমপি। উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ, কারাতে ফেডারেশনের সভাপতি ড. মো. মোজাম্মেল হক খান, সাধারণ সম্পাদক ক্য শৈ হ্লা।



বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি'র সঙ্গে ক্রীড়াসহ বিভিন্ন বিষয় নিয়ে বৈঠক করেন আর্জেন্টিনার পররাষ্ট্র, আন্তর্জাতিক বাণিজ্য ও উপাসনা মন্ত্রী সান্তিয়াগো আন্দ্রেস ক্যাফিয়েরো। উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দীন আহমেদ।



জাতীয় ক্রীড়া পরিষদের কার্যনির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী এবং জাতীয় ক্রীড়া পরিষদের চেয়ারম্যান মো. জাহিদ আহসান রাসেল এমপি। উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব এবং জাতীয় ক্রীড়া পরিষদের ভাইস চেয়ারম্যান ড. মহিউদ্দীন আহমেদ, জাতীয় ক্রীড়া পরিষদের সচিব পরিমল সিংহসহ নির্বাহী কমিটির সদস্যরা।




জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উপলক্ষে শোভাযাত্রা




হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তিপ্রস্তরের নামফলক উন্মোচন করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহ্সান রাসেল এমপি। উপস্থিত ছিলেন বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মোঃ মাহবুব আলী এমপি, জাতীয় ক্রীড়া পরিষদের সচিব পরিমল সিংহ



যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও বিকেএসপি'র মধ্যে বার্ষিক সম্পাদন চুক্তি (২০২৩-২০২৪) স্বাক্ষর অনুষ্ঠান। তারিখ: ২৫ জুন ২০২৩ খ্রিঃ



জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষ্যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে বিকেএসপির শ্রদ্ধাঞ্জলি।
তারিখঃ ১৫ আগস্ট ২০২২ খ্রিঃ



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মহিউদ্দীন আহমেদ মহোদয়ের বিকেএসপি পরিদর্শন



বিকেএসপি'র কৃতি প্রশিক্ষণার্থীদের বাৎসরিক 'সেরা খেলোয়াড়' পুরস্কার প্রদান অনুষ্ঠান-২০২৩




জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস- ২০২৩ উপলক্ষ্যে র‍্যালিতে বিকেএসপি'র প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ। তারিখ: ৬ এপ্রিল২০২৩



Coaches Coaching Enhancement Training Course




সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২ বিজয়ী বিকেএসপি'র ৫জন নারী খেলোয়াড়দের সংবর্ধনা অনুষ্ঠানে মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি। তারিখ: ১৩/১০/২০২২ খ্রিঃ।



৭ম আমন্ত্রণমূলক আর্ন্তজাতিক কারাতে চ্যাম্পিয়নশীপস,ভারত-২০২৩ এর পদকজয়ী প্রশিক্ষণার্থীবৃন্দ।




৭ম বিকেএসপি কাপ অনূর্ধ্ব-১৮ আন্তর্জাতিক আমন্ত্রণমূলক হকি টুর্নামেন্ট-২০২২ এর চ্যাম্পিয়ন বিকেএসপি লাল দলের সাথে পরিচালক (প্রশিক্ষণ) কর্ণেল মোঃ মিজানুর রহমান, পিএসসি। তারিখঃ ০৯/১২/২০২২ খ্রিঃ।




৫ম বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক এ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ, ২০২২-এ চ্যাম্পিয়ন বিকেএসপি। তারিখঃ ১৪/১২/২০২২ খ্রিঃ।




ইয়ং টাইগার্স অনূর্ধ্ব-১৬ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা ২০২২-২০২৩ এর চ্যাম্পিয়ন বিকেএসপি দলের সাথে মহাপরিচালক । তারিখঃ ১৩ এপ্রিল ২০২০




তীর ১৪৩ম জাতীয় অ্যার্চারি চ্যাম্পিয়নশীপ্স-২০২৩ এর রানার্স-আপ বিকেএসপি দলের সাথে মহাপরিচালক । তারিখঃ ২৪ জুন ২০২৩ খ্রিঃ

# সপ্তম অধ্যায়




BKKF

## বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন

জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
E-mail: info@bkkf.org.bd
Website: www.bkkf.org.bd

## পটভূমি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের খেলোয়ার ও তাঁদের পরিবারের কল্যাণের বিষয়টি চিন্তা করে ক্রীড়া, খেলাধূলা ও শরীরচর্চায় অবদান রেখেছেন বা রাখছেন তাদের জন্যে ১৯৭৫ সালের ৬ আগস্ট 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন' প্রতিষ্ঠার প্রস্তাব সদয় অনুমোদন করেন। বঙ্গবন্ধুর শাহাদাতের ঠিক ৮ দিন পূর্বে ১৯৭৫ সালের ০৯ আগস্ট এতদসংক্রান্ত প্রস্তাবটি গেজেট প্রকাশের জন্যে বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়। কিন্তু গেজেট প্রকাশের পূর্বেই ১৫ আগস্ট, ১৯৭৫ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পরিবারের সকলকে হত্যা করা হলে ফাউন্ডেশনের কার্যক্রম বন্ধ হয়ে যায়। বঙ্গবন্ধুকন্যা ২০০৯ সালে দ্বিতীয়বার ক্ষমতায় এসে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন ২০১১, (৩নং আইনে) প্রণয়ন করেন এবং গত ৯ই মার্চ, ২০১১ তারিখ মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করে এবং গেজেট আকারে প্রকাশিত হয়।



চিত্র-১: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাক্ষরিত নথি

## রূপকল্প

ক্রীড়াসেবীদের দারিদ্র্যতা হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়ন।

## অভিলক্ষ্য

ক্রীড়া, খেলাধুলা ও শরীরচর্চায় উল্লেখযোগ্য অবদান রেখেছেন বা রাখছেন সেসকল ক্রীড়াসেবী ও তাঁদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র্যতা হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে উৎসাহ প্রদান।

## কার্যাবলি

**বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১-এর ৭ ধারার বিধান অনুযায়ী ফাউন্ডেশনের কার্যাবলী নিম্নরূপঃ**

ক) অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তাদের পরিবারের জন্যে মাসিক/ এককালীন ক্রীড়াভাতা প্রদান করা;

খ) ক্রীড়াক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মাসিক/এককালীন ক্রীড়া শিক্ষা বৃত্তি বা স্টাইপেন্ড প্রদান করা;

গ) অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ও তার পরিবারের জন্যে আর্থিক চিকিৎসা সহায়তা প্রদান;

ঘ) ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের জন্যে বিশিষ্ট ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের জন্যে পুরস্কার প্রদান করা;

ঙ) ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকদের দক্ষতার উৎকর্ষ সাধনের নিমিত্ত আর্থিক সহায়তা, বৃত্তি বা অনুদান প্রদান করা;

চ) ক্রীড়াসেবীদের সার্বিক কল্যাণ ও পুনর্বাসনের উদ্দেশ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে বিভিন্ন ধরনের স্কীম প্রবর্তন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা;

ছ) সরকার কর্তৃক আরোপিত শর্তাধীনে উহার অনুমোদিত প্রকল্পের জন্যে ঋণ সংগ্রহ করা;

জ) লক্ষ ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্যে চাঁদা, অনুদান ও উপহার গ্রহণ এবং লটারীর ব্যবস্থা করা;

ঝ) তহবিল পরিচালনা ও প্রশাসনিক উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

## পরিচালনা বোর্ড

'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১'-এর ৬ ধারার বিধান মতে ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনার জন্যে নিম্নরূপভাবে একটি পরিচালনা বোর্ড গঠন করা হয়েছে :

| ক) | মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পদাধিকার বলে | - | চেয়ারম্যান |
|---|---|---|---|
| খ) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পদাধিকার বলে | - | ভাইস চেয়ারম্যান |
| গ) | যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পদাধিকার বলে | - | সদস্য |
| ঘ) | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, পদাধিকার বলে | - | সদস্য |
| ঙ) | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, পদাধিকারবলে | - | সদস্য |
| চ) | সভাপতি, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা, পদাধিকার বলে | - | সদস্য |
| ছ) | উপসচিব (ক্রীড়া) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পদাধিকার বলে | - | সদস্য |
| জ) | জাতীয় ক্রীড়া পরিষদ, চেয়ারম্যান কর্তৃক মনোনীত নির্বাহী কমিটির সদস্য | - | সদস্য |
| ঝ) | সরকার কর্তৃক মনোনীত ক্রীড়া ও খেলাধুলায় অনুরাগী তিনজন ব্যক্তি যাদের মধ্যে অন্যূন একজন মহিলা হবেন | - | সদস্য |
| ঞ) | সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, পদাধিকার বলে | - | সদস্য সচিব |

## সাংগঠনিক কাঠামো

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের জন্যে নিম্নরূপ ০৬ (ছয়) জন কর্মকর্তা/কর্মচারীর পদ/জনবল অস্থায়ীভাবে সৃজিত হয়েছে। আইনের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারের একজন যুগ্মসচিব ফাউন্ডেশনের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ফাউন্ডেশনের বিদ্যমান জনবল:

| ক্র.নং | পদের নাম | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক) | সচিব | ১ জন | | - |
| খ) | নির্বাহী কর্মকর্তা | ১ জন | | |
| গ) | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | | | |
| ঘ) | কম্পিউটার অপারেটর | | ১ জন | |
| ঙ) | অফিস সহায়ক | ২ জন | ১ জন | |
| চ) | গাড়ি চালক | | ১ জন | |
| | **মোট:** | **৪ জন** | **৩ জন** | |

২১-০৬-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ফাউন্ডেশনের জন্যে ১২ জন কর্মকর্তা/কর্মচারীর পদসম্বলিত সাংগঠনিক কাঠামো যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অর্জনসমূহ

### ক) ফাউন্ডেশনের সিডমানি/তহবিল

| ক্র. নং | তারিখ | প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত অর্থ |
|---|---|---|---|
| ০১. | ০৬ আগস্ট ১৯৭৫ | মহামান্য রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান-এর অনুমোদনক্রমে তথ্য ও বেতার মন্ত্রণালয় হতে প্রাপ্ত | ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা |
| ০২. | ১৯৮৪-১৯৮৫ অর্থবছর | অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত | ৩৭,৫০,০০০/- (সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| ০৩. | ১৯৮৫-১৯৮৬ অর্থবছর | | ৩৭,৫০,০০০/- (সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| ০৪. | ব্যাংক কর্তৃক মুনাফা হতে প্রাপ্ত | ৪৩,০০,০০০/- (তেতাল্লিশ লক্ষ) টাকা | |
| ০৫. | ২৫ অক্টোবর ২০১১ | অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত | ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা |
| ০৬. | ২০ অক্টোবর ২০১৩ | | ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা |
| ০৭. | ২০১৮-২০১৯ অর্থবছর | বিভিন্ন সরকারি কোম্পানীর সিএসআর তহবিল হতে প্রাপ্ত | ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা |
| ০৮. | ০৮ নভেম্বর ২০১৮ | মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত | ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা |
| ০৯. | ০৭ জুলাই ২০২০ | | ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা |
| ১০. | ০৫ এপ্রিল ২০২২ | | ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা |
| | | মোট | ৪৭,৪২,০০,০০০/- (সাতচল্লিশ কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা |

সর্বমোট সিডমানি ৪৭.৮৫ কোটি টাকা বিভিন্ন তফসিলী ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে রক্ষিত আছে- যার মুনাফা এবং প্রতি বছর সরকারের রাজস্ব বাজেট বিশেষ অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাসিক ভাতা/এককালনী অনুদান প্রদান করা হয়।

### খ) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অর্জনসমূহ

ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাসিক ভাতা/এককালীন অনুদান প্রদানের বিবরণ নিম্নে দেওয়া হলো :

| ক্র.নং | অর্থ-বছর | প্রাপ্ত আবেদন | অনুদান প্রাপ্তদের সংখ্যা ও হার (টাকায়) | অর্থের পরিমান (টাকায়) |
|---|---|---|---|---|
| ০১. | ১৯৯৬-১৯৯৭ | - | ১৫ জন | ১,৭৮,৫০০/- |
| ০২ | ১৯৯৭-১৯৯৮ | - | ১৬ জন | ৪৮,০০০/- |
| ০৩. | ১৯৯৯-২০০০ | - | ২২৩ জন | ১৩,৩৮,০০০/- |
| ০৪. | ২০০০-২০০১ | - | ২১০ জন | ১২,৬০,০০০/- |
| ০৫. | ২০০১-২০০২ | - | ৩৫০ জন | ১৭,৭৩,০০০/- |
| ০৬. | ২০০২-২০০৩ | - | ২৬৯ জন | ১৩,৪৫,০০০/- |
| ০৭. | ২০০৩-২০০৪ | - | ১৫৫ জন | ৮,৫০,০০০/- |
| ০৮. | ২০০৪-২০০৫ | - | ২৩০ জন (৫,০০০/-) | ১১,৫০,০০০/- |
| ০৯ | ২০০৫-২০০৬ | - | ১১৯ জন (৫,০০০/-) | ৫,৯৫,০০০/- |

| ক্র.নং | অর্থ-বছর | প্রাপ্ত আবেদন | অনুদান প্রাপ্তদের সংখ্যা ও হার (টাকায়) | অর্থের পরিমান (টাকায়) |
|---|---|---|---|---|
| ১০. | ২০০৬-২০০৭ | - | ১৭ জন (৫,০০০/-) | ৮৫,০০০/- |
| ১১. | ২০০৭-২০০৮ | - | ০১ জন (১০,০০০/-) | ১০,০০০/- |
| ১২. | ২০০৮-২০০৯ | - | ১০৭ জন (১০,০০০/-) | ১০,৭০,০০০/- |
| ১৩. | ২০০৯-২০১০ | ৮০ টি | ৮০ জন (১০,০০০/-) | ৮,০০,০০০/- |
| ১৪. | ২০১০-২০১১ | - | ০৩ জন (১০,০০০/-) | ৩০,০০০/- |
| ১৫. | ২০১১-২০১২ | ১৫০ টি | ১১০ জন (১০,০০০/-) | ১১,০০,০০০/- |
| ১৬. | ২০১২-২০১৩ | ৭১৯ টি | ৫৩৩ জন (১৫,০০০/-) | ৭৯,৯৫,০০০/- |
| ১৭. | ২০১৪-২০১৫ | ১০৯৪টি | ৬১৩ জন (১৫,০০০/-) | ৯১,৯৫,০০০/- |
| ১৮. | ২০১৫-২০১৬ | ১২৫০টি | ৬৩০ জন (১৫,০০০/-) | ৯৪,৫০,০০০/- |
| ১৯. | ২০১৬-২০১৭ | ১৩২৯টি | ৬৩৮ জন (১৫,০০০/-) | ৯৫,৭০,০০০/- |
| ২০. | ২০১৭-২০১৮ | ১৭৫২টি | ৬৪৫ জন (১৫,০০০/-) | ৯৬,৭৫,০০০/- |
| ২১. | ২০১৮-২০১৯ | ১৭৬২টি | ১০৫০ জন (১৫,০০০/-) | ১,৫৭,৫০,০০০/- |
| ২২. | ২০১৯-২০২০ | ৩৩৫০টি | ১১৫০ জন (২৪,০০০/-) | ২,৭৬,০০,০০০/- |
| ২৩. | ২০২০-২০২১ | ৪২০৫টি | ১১৭০ জন (২৪,০০০/-) | ২,৮০,৮০,০০০/- |
| ২৪. | ২০২১-২০২২ | ৩৪৬৬টি | ১৩৫০ জন (২৪,০০০/-) | ৩,২৪,০০,০০০/- |
| | | | **মোট: ৯,৬৮৪ জন** | **মোট: ১৬,১৩,৫৭,৫০০/-** |




চিত্র-২: বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ক্রীড়াসেবীর ক্রীড়া ভাতা প্রদান।

### গ) চিকিৎসা সহায়তা প্রদান

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছর থেকে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবীদের মাঝে চিকিৎসা সহায়তা প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত সর্বমোট ৭১ জন ক্রীড়াসেবীদের-কে চিকিৎসা/আর্থিক সহায়তা হিসেবে ৭৭,১৫,০০০/- (সাতাত্তর লক্ষ পনেরো হাজার) টাকা প্রদান করা হয়েছে।




চিত্র-৩: ক্রীড়াসেবীদের চিকিৎসা ও আর্থিক সহায়তার চেক প্রদান করছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও চেয়ারম্যান বিকেকেএফ জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি

### ঘ) করোনাকালীন বিশেষ অনুদান প্রদান

২০২১-২০২২ অর্থবছরে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ৭৭৬৭ (সাত হাজার সাতশত সাতষট্টি) জন অসচ্ছল ক্রীড়াসেবীদের প্রতিজনকে ৫,০০০/- টাকা হারে সর্বমোট ৩,৮৮,৩৫,০০০/- (তিন কোটি আটাশি লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা করোনাকালীন বিশেষ অনুদান প্রদান করা হয়েছে।

## সারকথা

ক্রীড়াবিদ, খেলোয়াড় ও ক্রীড়া সংগঠকগণ বাংলাদেশের জনশক্তির একটি বিরাট অংশ। তাঁরা ক্রীড়াক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন বা রাখছেন। ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক, খেলোয়াড় ও তাঁদের পরিবারের উজার করা ত্যাগ ও পরিশ্রমের কারণে জাতি হিসেবে আমরা ক্রীড়ার বিভিন্ন ক্ষেত্রে পেয়ে থাকি সফলতা এবং তাতে হই গর্বিত। কিন্তু ক্রীড়াবিদদের বয়স যখন বেড়ে যায় কিংবা মাঠে খেলতে গিয়ে আঘাতপ্রাপ্ত হন, তখন তাদের ক্রীড়া জগতকে বিদায় জানাতে হয়। নয়তো মৃত্যুর মুখে ঢলে পড়তে হয়। পতন হয় নক্ষত্রের। জীবনবাজী রেখে যে সকল ক্রীড়াবিদ দেশের জন্যে নিজেকে বিলিয়ে দেন, তারাই হয় অসহায় নয়তো অসচ্ছল। কারণ খেলাধুলাই যে তাদের স্বপ্ন কিংবা একমাত্র পেশা। তাইতো তৈরী করতে পারেন না, অন্য কোন আয়ের উৎস। জাতির পিতা বঙ্গবন্ধু প্রতিষ্ঠা করেন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের প্রতিষ্ঠান 'বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন' অসহায় ক্রীড়াবিদদের জীবনমান উন্নয়ন ও তাঁদের কল্যাণে দায়িত্ব পালন করছে। বর্তমানে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী পরিকল্পনা গ্রহণ ও সহায়তাদানের প্রেক্ষিতে সোনার বাংলা বিনির্মাণে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের কার্যপরিধি ব্যাপক বিস্তার লাভ করেছে।

# ফটো গ্যালারি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



বঙ্গবন্ধু আন্তঃ বিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ -২০২২ এর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



জাতীয় যুব দিবস-২০২২ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি



জাতীয় যুব পুরস্কার-২০২২ বিজয়ীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



জাতীয় যুব পুরস্কার-২০২২ বিজয়ীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



জাতীয় যুব দিবস-২০২২ বিজয়ীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




জাতীয় যুব দিবস ২০২২ ও জাতীয় যুব পুরস্কার -২০২২ অনুষ্ঠানে বিজয়ীদের সাথে ফটোসেশনে অংশ নেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশীপ-২০২২ এ চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবল দলের বিজয় উল্লাস




ফিফা ইন্টারন্যাশনাল উইমেন্স ফুটবল সিরিজ ২০২২ এ চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবল দলের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




ফিফা ইন্টারন্যাশনাল উইমেন্স ফুটবল সিরিজ ২০২২ এ চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবল দলের সাথে ফটোসেশনে অংশ নেন মাননীয় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর ফাইনাল খেলা উপভোগ করেন



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০২২ এর পুরস্কার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন




সৌদি আরবের মাননীয় ক্রীড়া মন্ত্রী প্রিন্স আব্দুল আজিজ বিন তুর্কী আল ফয়সাল এর সাথে বাংলাদেশের যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মোঃ জাহিদ আহসান রাসেল এমপি'র সৌজন্য সাক্ষাৎ



"শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার-২০২২" প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী



শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার-২০২২ প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




"শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার ২০২২" প্রদান অনুষ্ঠানে বিজয়ীদের সাথে ফটোসেশনে অংশ নেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী।




বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে শহীদ শেখ কামালকে নিয়ে রচিত স্মারক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন অতিথিবৃন্দ




"শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার, ২০২২" প্রদান অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী




"শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার, ২০২২" প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী


CHAMP
SAFF WOMEN'S CHA
2022 NEPAL
Ministry of Youth & Sports
Bangladesh Football Federation







